স্বস্য ঈপ্সিতং । কিঞ্চ । সর্বৈগুণৈরণিমাদিভিরপেক্ষিতং বৃতং । অয়ম্ভাবঃ যদ্যপি স্বয়মাত্মারামত্বেন অত্যন্তনিরপেক্ষঃ তথাপ্যাশ্রিতা অণিমাদিসিদ্ধীর্যথা নোপেক্ষতে তথা মামপি নোপেক্ষেত তাবতৈব চ তৎসেবয়াহহং কৃতার্থা স্যাং কিমন্যৈঃ প্রাকৃতৈরিতি তমেব বৃতবতীতি ॥ ১৬ ॥

তদেবাহ তস্যাংসদেশে কমনীয়াং নবকঞ্জমালাং নিধায় তদনুগ্রহং প্রতীক্ষমাণাং তূষ্ণীং তস্য নিকটে তস্থৌ কথম্ভূতাং মালাং মাদ্যন্তো যে মধুব্রতাস্তেষাং বরূথস্য গিরা উপঘুষ্টাং নাদিতাং । কথম্ভূতা শ্রীঃ সব্রীড়হাসেন বিকসৎ যন্নয়নং তেন তস্য উরঃ স্বধাম যাতা সতী লক্ষঃ প্রতীক্ষমাণা তস্থাবিত্যর্থঃ ॥ ১৭ ॥

ভগবানপি ত্রৈলোক্যাভিবৃদ্ধয়ে স্ববক্ষস্তস্যাঃ স্থানং দদাবিত্যাহ তস্যা ইতি বিশিষ্টা ভূতয়ো বিভবা যস্যাস্তস্যাস্ত্রিজগতো জনন্যা

ক্রমসন্দর্ভঃ ।

প্রাকৃতিসম্বন্ধিত্বমপি খণ্ডিতং । স্বতঃ পরমানন্দঘনরূপত্বাৎ সর্ব্বগুণৈরপেক্ষিতং স্বয়ং নিরপেক্ষং । অতএব নিত্যাভীপ্সিতমিতি । যদ্বা । এবং বিমৃশ্য বব্রে । বিমর্শনমেবানুবদতি । অব্যভিচারীতি । নিরপেক্ষোঽপ্যপ্রাকৃতা ব্যভিচারসম্ভাবনাশূন্যা ভক্তবৎসলতয়া মামপি স্বরিষ্যতে বেতি ভাবঃ । নতু যোগ্য এবায়ং তস্য মহতো মহাগুণঃ ভবত্যাশ্চ যোগ্যায়াস্তদ্বরণং ন যোগ্যং । তত্রাহ । সর্বৈর্গুণৈঃ প্রাকৃতৈরপ্যপেক্ষিতং । মায়াংশভূতাভিস্তত্তদধিষ্ঠাতৃদেবীভিঃ । স্বসমৃদ্ধয়ে সমাশ্রিয়তেঽসৌ কিমুত ময়েত্যর্থঃ ॥ ১৭ ॥ ১৭ ॥

শ্রীভগবানপি তাদৃশ তদ্ভক্ত্যানুভবেন জাতানুরাগস্তৎপরমাশ্রয়ং স্ববক্ষ এব তস্যৈ স্থানমদাৎ সাপি তং নিজপরমাশ্রয়ং প্রাপ্য সমৃদ্ধা

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

নোপেক্ষিষ্যতে যতোঽয়ং নিরপেক্ষো যথা তথা নিরপেক্ষশ্চেত্ত্যজ এতৎসেবয়ৈব কৃতার্থী ভূয়াসং কিমন্যৈঃ প্রাকৃতৈরিতি । অতএবাব্যভিচারিণো ব্যভিচারিত্বাদেব নিত্যাঃ সন্তঃ শ্রেষ্ঠা যে গুণা ঐশ্বর্য্যাদয়স্তৈশ্বরং শ্রেষ্ঠং । অগুণাশ্রয়ং প্রকৃতিগুণাতীতং নিজস্য স্বস্য একাশ্রয়ং সা বব্রে ॥ ১৬ ॥

উশতীং কমনীয়াং মালাং নিধায় তূষ্ণীং তস্য নিকটে প্রথমং তস্থৌ । ততস্তদভিপ্রায়মভিলক্ষ্য তস্য উরো বক্ষঃ স্বীয়ং ধাম সমস্তদ্রষ্টৃলোকা লক্ষ্যাতৈব যাতা ॥ ১৭ ॥

দ্বিবিধায়া লক্ষ্ম্যাস্তত্র বাসং ব্যবস্থয়ৈবাহ । তস্যাঃ প্রসিদ্ধায়া হরেঃ প্রেয়সীরূপায়াস্ত্রিজগতো জনন্যা বক্ষ এব নিবাসমকরোৎ ।

এ প্রযুক্ত অন্য নিরপেক্ষ, তথাপি ইহাঁকে এই যে সকল অণিমাদি সিদ্ধি আশ্রয় করিয়াছে, এ সকলকে ইনি উপেক্ষা করিতেছেন না, আমিও ইহাঁকে আশ্রয় করিলে তেমনি আমাকেও উপেক্ষা করিবেন না, তাহাতে আমি ইহাঁর সেবা করিয়া কৃতার্থ হইতে পারিব, অন্য প্রাকৃত দেবাদিতে কি হইবে, এই বিবেচনা করিয়া নারায়ণকেই বরণ করিলেন ॥ ১৬ ॥

আপনার করে যে কমনীয় কমল মালা ছিল, যাহা মত্তমধুকর সমূহের গুঞ্জনে নিনাদিত হইতেছিল, রমা আদৌ তাহা ভগবানের স্কন্ধদেশে অর্পণ করিয়া তদীয় অনুগ্রহ প্রতীক্ষা করত তূষ্ণীম্ভূত হইয়া অদূরে দাঁড়াইলেন । কিন্তু তাঁহার ভাব দর্শনে বোধ হইল, সলজ্জ হাস্যে বিকাসমান নয়নযোগে যেন ভগবানের বক্ষঃস্থল যাহা নিজধাম, তাহা প্রাপ্ত হইয়াছেন, ফলেও তিনি সতৃষ্ণ নয়নে নিরীক্ষণ করত ভগবানের বক্ষঃস্থল প্রতীক্ষা করিতেছিলেন ॥ ১৭ ॥

সে যাহা হউক, পরে অচিরেই ভগবান্ আপনার উরঃস্থলকে ত্রিজগজ্জননী বিশিষ্ট বিভবশালিনী

শ্রীঃ স্বাঃ প্রজাঃ সকরুণেন নিরীক্ষণেন যত্র স্থিতৈধয়ত সাধিপতিংস্ত্রিলোকান্।
শঙ্খতূর্য্যমৃদঙ্গানাং বাদিত্রাণাং পৃথক্ স্বনঃ। দেবানুগানাং সস্ত্রীণাং নৃত্যতাং গায়তামভূৎ॥ ১৮॥
ব্রহ্মরুদ্রাঙ্গিরো মুখ্যাঃ সর্ব্বে বিশ্বসৃজো বিভুং। ঈড়িরে বিতথৈর্ম্মন্ত্রৈস্তল্লিঙ্গৈঃ পুষ্পবর্ষিণঃ।
শ্রিয়াবলোকিতা দেবাঃ সপ্রজাপতয়ঃ প্রজাঃ। শীলাদিগুণসম্পন্না লেভিরে নির্বৃতিং পরাং॥
নিঃসত্ত্বা লোলুপা রাজন্ নিরুদ্যোগা গতত্রপাঃ। যদাচোপেক্ষিতা লক্ষ্ম্যা বভূবুর্দৈত্যদানবাঃ॥ ১৯
অথাসীদ্বারুণী দেবী কন্যা কমললোচনা। অসুরা জগৃহুস্তাং বৈ হরেরনুমতেন তে।
অথোদধের্ম্মথ্যমানাৎ কাশ্যপৈরমৃতার্থিভিঃ। উদতিষ্ঠন্ মহারাজ পুরুষঃ পরমাদ্ভুতঃ॥ ২০॥

শ্রীধরস্বামী।

শ্রিয়ঃ পরমং সুস্থিরং ঐধয়ৎ অবর্দ্ধয়ৎ॥ ১৮॥
তল্লিঙ্গৈঃ বিষ্ণুপ্রতিপাদকৈঃ। অবিতথৈর্যথার্থৈঃ॥ ১৯॥
বারুণী বরুণদৈবত্যং যদস্তঃ তন্ময়ী সুরা॥ ২০॥

ক্রমসন্দর্ভঃ।

সর্ব্বান্ সবর্দ্ধয়ামাসেত্যাহ তস্যাঃ শ্রিয় ইতি॥ ১৮॥
যদা লক্ষ্ম্যোপেক্ষিতাস্তদা নিঃসত্ত্বাদয়ো বভূবুরিত্যন্বয়ঃ॥ ১৯॥
বারুণী তন্নাম্যাঃ সুরায়া অধিষ্ঠাত্রী॥
অথেতি সার্দ্ধত্রিকং॥ ২০—২৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তথৈব বিভূতেঃ সম্পদ্রূপায়া অপি বক্ষঃ পরমং শ্রেষ্ঠং সার্ব্বকালিকঞ্চ নিবাসং অকরোৎ তেন ব্রহ্মেন্দ্রাদ্যাঃ খলু বিভূতিরূপায়া অসার্ব্বদিকাঃ গৌণাশ্চ নিবাসাঃ স্যুরিতি ধ্বনিতং। এতদেব স্পষ্টয়তি শ্রীঃ সম্পদ্রূপা যত্র বক্ষসি স্থিতা এব স্বাঃ প্রজা ব্রহ্মেন্দ্রাদ্যা ঐধয়ত অবর্দ্ধয়তেতি ব্রহ্মেন্দ্রাদিষু সম্পদ্রূপায়া বিভূতয়ঃ স্থিতা ইতি ব্যঞ্জিতং। প্রজা এবাহ সাধিপতীনিতি॥ ১৮॥ ১৯॥
বারুণী বরুণদৈবত্যং যদস্তঃ তন্ময়ী সুরা॥ ২০—২২॥

সেই শ্রীর স্থিরতর বাসস্থল করিয়া দিলেন। হে রাজন্! ভগবানের বক্ষঃস্থলে স্থান প্রাপ্ত হইয়া লক্ষ্মী সকরুণ নিরীক্ষণ দ্বারা স্বীয় প্রজা ও লোকপাল সহ ত্রিলোককে বর্দ্ধিত করিতে লাগিলেন। তদবলোকনে দেবতাদের অনুচরগণ সস্ত্রীক হইয়া নৃত্য ও গীত আরম্ভ করিল এবং শঙ্খ, তূর্য্য, মৃদঙ্গ প্রভৃতি বাদ্য সকলের পৃথক্ পৃথক্ নিস্বন হইল॥ ১৮॥

আর ব্রহ্মা, রুদ্র, অঙ্গিরা প্রভৃতি সমস্ত বিশ্বস্রষ্টৃগণ পুষ্প বর্ষণ করিতে করিতে বিষ্ণুপ্রতিপাদক যথার্থ মন্ত্র উচ্চারণ করিয়া ভগবানের স্তব আরম্ভ করিলেন। দেবগণ এবং প্রজাপতি সহ প্রজাপুঞ্জ লক্ষ্মী কর্ত্তৃক অবলোকিত হওয়াতে শীলাদি গুণসম্পন্ন হইলেন এবং তাঁহাদের সকলেরই যেন পরম নির্বৃতি লাভ হইল। কিন্তু লোলুপ দৈত্য ও দানবগণ লক্ষ্মী কর্ত্তৃক উপেক্ষিত হওয়াতে নিঃসত্ত্ব ও নিরুদ্যম হইতে লাগিল॥ ১৯॥

তদনন্তর কমললোচনা কুমারীরূপে বারুণী দেবী অর্থাৎ অন্নময়ী সুরা, সেই সমুদ্র হইতে উত্থিত হইল। ভগবান্ হরির অনুমতিক্রমে অসুরেরা ঐ কন্যা গ্রহণ করিল। তাহার পর দৈত্যবর্গ অমৃতার্থী হইয়া পুনরায় মন্থন করিতে লাগিল। হে মহারাজ! তাহাতে পরম আশ্চর্য্য একটী পুরুষ উত্থিত হইলেন॥ ২০॥

দীর্ঘপীবরদোর্দণ্ডঃ কম্বুগ্রীবোঽরুণেক্ষণঃ। শ্যামলস্তরুণঃ স্রগ্বী সর্ব্বাভরণভূষিতঃ॥
পীতবাসা মহোরস্কঃ সুমৃষ্টমণিকুণ্ডলঃ॥ ২১॥
স্নিগ্ধকুঞ্চিতকেশান্তসুভগঃ সিংহবিক্রমঃ। অমৃতাপূর্ণকলসং বিভ্রদ্বলয়ভূষিতঃ।
স বৈ ভগবতঃ সাক্ষাদ্বিষ্ণোরংশাংশসম্ভবঃ॥ ২২॥
ধন্বন্তরিরিতিখ্যাত আয়ুর্ব্বেদদৃগিজ্যভাক্॥ ২৩॥
তমালোক্যাসুরাঃ সর্ব্বে কলসং চামৃতাভৃতং। লিপ্সন্তঃ সর্ব্ববস্তূনি কলসং তরসা হরন্॥
নীয়মানে সুরৈস্তস্মিন্ কলসেঽমৃতভাজনে। বিষণ্ণমনসা দেবা হরিংশরণমাযযুঃ॥ ২৪॥
ইতি তদ্দৈন্যমালোক্য ভগবান্ ভৃত্যকামকৃৎ। মাখিদ্যতমিথোঽর্থং বঃ সাধয়িষ্যে স্বমায়য়া॥২৫॥

শ্রীধরস্বামী।

দীর্ঘৌ পীবরৌ দোর্দ্দণ্ডৌ যস্য কম্বুগ্রীবঃ শঙ্খনাভিরিব ত্রিরেখা সুবৃত্তা গ্রীবা যস্য॥ ২১॥
স্নিগ্ধঃ কুঞ্চিতঃ কেশানামন্তোঽপি যস্য॥ ২২॥
ইজ্যাভাক্ যজ্ঞভোক্তা॥ ২৩॥
অমৃতেনাভৃতং পরিপূর্ণং॥ ২৪॥
মিথো দৈত্যানাং পরস্পরং কলহোৎপাদনেন যোগমায়য়া চ মোহিত্বা বোঽর্থং সাধয়িষ্যামি অতো মাখিদ্যতেতি আহেতি শেষঃ॥২৫

ক্রমসন্দর্ভঃ।

সর্ব্ববস্তূনি লিপ্সন্ত ইতি অমৃতে পীতে বলাদিপ্রাপ্তসর্ব্বাপোব বস্তূনি প্রাপ্তানি স্যুরিত্যাভিপ্রায়াৎ॥ ২৪—২৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইজ্যাভাক্ যজ্ঞভাগভোক্তা॥ ২৩॥
অমৃতেনাভৃতং পূর্ণং॥ ২৪॥ ২৫॥

তাঁহার বাহুদ্বয় দীর্ঘ অথচ পীবর, গ্রীবা শঙ্খনাভির ন্যায় তিনটী রেখায় অঙ্কিত এবং সুন্দর রূপ বৃত্ত। তিনি শ্যামবর্ণ মাল্য এবং বহুবিধ ভূষণে ভূষিত। তাঁহার পরিধান পীতবসন, বক্ষঃস্থল সুপ্রশস্ত, কর্ণ মণিকুণ্ডলে অলঙ্কৃত॥ ২১॥

তাঁহার কেশ অতিশয় চমৎকার, প্রান্তভাগ পর্য্যন্ত সুস্নিগ্ধ ও কুঞ্চিত দৃষ্ট হইতেছিল, তদীয় বিক্রম সিংহের তুল্য। তিনি বলয়ালঙ্কৃত হইয়া অমৃতপূর্ণ কলস ধারণ করিতেছিলেন। [হে রাজন্! সেই পুরুষ অন্য ব্যক্তি নহেন, সাক্ষাৎ ভগবান্ বিষ্ণুর অংশ হইতে সম্ভূত॥ ২২॥

ধন্বন্তরি এই নামে বিখ্যাত আয়ুর্ব্বেদের পারদর্শী এবং যজ্ঞভাগভোক্তা॥ ২৩॥

সেই পুরুষের হস্তে অমৃতপূর্ণ কলস অবলোকন করিয়া অসুরগণ সমস্ত লাভ বাসনায় বল পূর্ব্বক তাহা হরণ করিয়া লইল। অমৃতভাজন কলস লইয়া অসুরেরা পলায়ন পরায়ণ হইলে দেবগণ বিষণ্ণমনা হইয়া ভগবান্ হরির শরণাপন্ন হইলেন॥ ১৪॥

ভৃত্যবর্গের কামনা পূরক ভগবান্ দেবতাদিগের ঐরূপ দৈন্য দর্শন করিয়া সান্ত্বনা করত বলিলেন, হে দেবগণ! দৈত্যদিগের মধ্যে পরস্পর কলহ উৎপাদন করিয়া আমি যোগমায়া দ্বারা তোমাদের অর্থ সাধন করিব, খিন্ন হইও না॥ ২৫॥

মিথঃ কলিরভূত্তেষাং তদর্থে তর্ষচেতসাং। অহং পূর্ব্বমহং পূর্ব্বং ন ত্বং ন ত্বমিতি প্রভো ॥ ২৬ ॥
দেবাঃ স্বভাগমর্হন্তি যে তুল্যায়াসহেতবঃ। সত্রযাগ ইবৈতস্মিন্নেষ ধর্ম্মঃ সনাতনঃ।
ইতি স্বান্ প্রত্যষেধন্ বৈ দৈতেয়া জাতমৎসরাঃ। দুর্ব্বলাঃ প্রবলা রাজন্ গৃহীতকলসাম্মুহুঃ ॥
এতস্মিন্নন্তরে বিষ্ণুঃ সর্ব্বোপায়বিদীশ্বরঃ। যোষিদ্রূপমনির্দ্দেশ্যং দধার পরমাদ্ভুতং ॥ ২৭ ॥
প্রেক্ষণীয়োৎপলশ্যামং সর্ব্বাবয়বসুন্দরং। সমানকর্ণাভরণং সুকপোলোন্নসাননং ॥
নবযৌবননির্বৃত্তস্তনভারকৃশোদরং। মুখামোদানুরক্তালিঝঙ্কারোদ্বিগ্নলোচনং ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

তদেবাহ মিথ ইতি। তর্ষঃ কামঃ তদযুক্তানি চেতাংসি যেষাং ইত্যেবং সমবলানাং কলিরভূৎ ॥ ২৬ ॥

দুর্ব্বলানাং স্বাক্রোশপ্রকারমাহ দেবা ইতি দ্বাভ্যাং। যে দেবাস্তুল্যেনায়াসেন হেতবঃ সাধকাঃ তুল্য আয়াসো হেতুশ্চ ধনাদির্যেষাং ইতি বা। সত্রযাগে যথা সর্ব্বেষাং সমং ফলং তদ্বৎ তথাপি শ্রুতিঃ ঋদ্ধিকামাঃ সত্রমাসীরন্নিতি যে যজমানাস্তে ঋত্বিজ ইতি চ ॥ ২৭ ॥

তদ্রূপং বর্ণয়তি পঙ্ক্তিঃ। প্রেক্ষণীয়মুৎপলমিব শ্যামং সর্ব্বাবয়বেষু সুন্দরং সমানয়োঃ কর্ণয়োরাভরণে যস্মিন্ সুকপোলঞ্চ তৎ উৎকৃষ্টনাসিকঞ্চাননং যস্মিন্ ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

এতস্মিন্নিতি ষট্কং। উদ্দীপয়ন্ মুহুরিতি ঈশ্বর ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ২৭—৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মিথো রহঃ অন্যালক্ষিতং যথা স্যাত্তথা মিথোঽন্যোন্যং রহস্যপীত্যমরঃ। তর্ষচেতসাং মনোরথযুক্তমনসাং তত্র সমবলাঃ পরস্পরমাহুঃ। অহং পূর্ব্বং গ্রহীষ্যামি কুলীনত্বাৎ। ন ত্বং রে প্রাপ্তুমর্হসি দুষ্কুল ইতি বীপ্সয়া ॥ ২৬ ॥

দুর্ব্বলানাস্বাক্রোশপ্রকারমাহ দ্বাভ্যাং। যে দেবা তুল্যেনায়াসেন মন্থনশ্রমেণ হেতবঃ। অমৃতসাধকাঃ সত্রযাগে যথা সর্ব্বেষাং সমং ফলং তদ্বৎ তথাচ শ্রুতিঃ। ঋদ্ধিকামাঃ সত্রমাসীরন্নিতি যে যজমানাস্তে ঋত্বিজ ইতি চ অনির্দ্দেশ্যং নির্দ্দেষ্টুং বর্ণয়িতুমশক্যং ॥ ২৭ ॥

নবযৌবনেন হেতুনা নিঃশেষেণ বৃত্তৌ বর্ত্তুলৌ যৌ স্তনৌ তয়োর্ভারেণৈব কৃশমুদরং যস্য তৎ ॥ ২৮ ॥

হে রাজন্! তাহার পরেই দৈত্যদিগের মধ্যে পরস্পর কলহ উপস্থিত হইল, অমৃত নিমিত্ত সকলেই অভিলাষুক হইয়া বলিতে লাগিল, আমি অগ্রে আমি অগ্রে, তুমি নহ তুমি নহ ॥ ২৬ ॥

আর যে সকল দানব বল প্রকাশ করিতে পারিল না, তাহারা জাতমৎসর হইয়া এই বলিয়া কলসহারি বলবান্ দৈত্যদিগকে বারম্বার বারণ করিতে লাগিল, সুরগণও এই অমৃত সাধনে সমান আয়াস করিয়াছেন, অতএব সত্রযাগে যেমন সকলের অংশ হয় তেমনি এ বিষয়ে দেবতারাও স্বীয় অংশ পাইতে পারেন, যাহার যে ভাগ প্রাপ্য, তাহাকে তাহা দেওয়াই সনাতন ধর্ম্ম। হে রাজন্! এই সময়ে সকল উপায়জ্ঞ ভগবান্ বিষ্ণু পরম আশ্চর্য্য অনির্ব্বচনীয় যোষিদ্রূপ ধারণ করিলেন ॥ ২৭ ॥

ঐরূপ দর্শনীয় উৎপল তুল্য শ্যামবর্ণ, সকল অবয়ব সুন্দর, কর্ণদ্বয় সমান ও মনোহর আভরণে ভূষিত, বদনে সুকোমল কপোলদ্বয় এবং সুন্দর নাসিকা। অপর নবযৌবন বশতঃ যে স্তনভার হইয়াছিল, তাহাতে উদর অতিশয় কৃশ হইয়াছিল। হে রাজন্! তদীয় আননের সৌরভে ভ্রমরনিকর অনুরক্ত হইয়া ঝঙ্কার করিতেছিল, তাহাতে লোচনদ্বয় যেন সচকিত হইয়া রহিয়াছিল ॥ ২৮ ॥

বিভ্রৎস্বকেশভারেণ মালামুৎফুল্লমল্লিকাং। সুগ্রীবকণ্ঠাভরণং সুভুজাঙ্গদভূষিতং ॥ ২৯ ॥

বিরজাম্বরসংবীত নিতম্বদ্বীপশোভয়া। কাঞ্চ্যা প্রবিলসদ্বল্গু চলচ্চরণনূপুরং ॥ ৩০ ॥

সব্রীড়স্মিতবিক্ষিপ্তভ্রূবিলাসাবলোকনৈঃ। দৈত্যযূথপচেতঃসু কামমুদ্দীপয়ন্মুহুঃ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে অমৃতমথনে ভগবন্মায়োপলম্ভনোঽষ্টমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

তেঽন্যোঽন্যতোঽসুরাঃ পাত্রং হরন্তস্ত্যক্তসৌহৃদাঃ। ক্ষিপন্তোদস্যুধর্ম্মাণ আয়ান্তীং দদৃশুঃ স্ত্রিয়ং ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

সুষ্ঠু গ্রীবা যস্মিন্ কণ্ঠে আভরণং যস্মিন্ তচ্চ তচ্চ। শোভনা গ্রীবা যেন তৎকণ্ঠাভরণং যস্মিন্নিতি বা। সুভুজয়োরঙ্গদাভ্যাং ভূষিতং ॥ ২৯ ॥

বিরজাম্বরেণ সংবীতো নিতম্ব এব দ্বীপঃ বিশালত্বাৎ তত্র শোভা যস্যাঃ তয়া কাঞ্চ্যা প্রকর্ষেণ বিলসদ্বল্গু যথা ভবত্যেবং চলতোশ্চরণয়োর্নূপুরে যস্মিন্ ॥ ৩০ ॥

স ব্রীড়েন স্মিতেন সহ বিক্ষিপ্তা কম্পিতা যা ভ্রূ স্তস্যা বিলাসেন সহ যান্যবলোকনানি তৈর্দৈত্যযূথপানাং মুহুর্মুহুশ্চেতঃসু কামমুদ্দীপয়ৎ ॥ ৩১ ॥

॥ * ॥ ইত্যষ্টমে অষ্টমঃ ॥ * ॥

নবমে মোহিতৈর্দৈত্যৈরপি তেঽমৃতভাজনে। তদ্বঞ্চনেন দেবেভ্যোঽমৃতং দত্তং তয়ের্য্যতে ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে অষ্টমোঽধ্যায়ঃ ॥ * ॥

নূনমিতি তৈঃ। তত্র কিং পদস্য সন্দেহ বাচিত্বেনোভয়কোটি স্পর্শিত্বাদুভয়ত্র সম্বন্ধঃ ॥ ১—৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বকেশভারেণ সহ ॥ ২৯ ॥

বিরজাম্বরসম্বীতে নিতম্বরূপে দ্বীপে শোভা যতস্তয়া কাঞ্চ্যা। প্রবিলসৎ বল্গু চলতোশ্চরণয়োর্নূপুরে যত্র তৎ ॥ ৩০ ॥

সব্রীড়েন স্মিতেন সহ বিশেষতঃ ক্ষিপ্তা চালিতা যা ভ্রূ স্তস্যা বিলাসেন সহ যান্যবলোকানি তৈঃ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। অষ্টমে অষ্টমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মোহিতা বঞ্চিতা দৈত্যাঃ পায়িতাস্ত্বমৃতং সুরাঃ। মোহিন্যা নবমে রাহোশ্চক্রেণ চ্ছেদ উচ্যতে ॥ ১ ॥ ২ ॥

অপিচ কেশ-কলাপে উৎফুল্ল মল্লিকার মালা, সুশ্রী গ্রীবায় মনোহর কণ্ঠভূষণ, আর ভুজদ্বয়ে অঙ্গদ শোভা পাইতেছিল ॥ ২৯ ॥

তদীয় নিতম্বরূপ দ্বীপ নির্ম্মল বসনে আচ্ছাদিত তাহাতে কমনীয় কাঞ্চি, আর চলনশীল চরণদ্বয়ে নূপুর রহিয়াছিল ॥ ৩০ ॥

হে রাজন্! সেই কামিনী সলজ্জ হাস্য সহ যে ভ্রূভঙ্গি করিতেছিলেন, তাহার বিলাস সম্বলিত অবলোকন দ্বারা মুহুর্মুহুঃ দৈত্য যূথপদিগের চিত্তে কামোদ্দীপন হইতে লাগিল ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি অষ্টমে অষ্টমাধ্যায় ॥ * ॥

নবমাধ্যায়ে মোহিত দানবগণ কর্ত্তৃক মোহিনী অমৃত পাত্রার্পণ এবং দানবদিগকে বঞ্চনা করিয়া মোহিনীর দেবতাদিগকে অমৃত দান ॥ * ॥

শুকদেব কহিলেন হে রাজন্! অসুরেরা পরস্পর সৌহৃদ্য পরিত্যাগ পূর্ব্বক তাহা ক্ষেপণ করিতে করিতে দেখিতে পাইল একটী যুবতী স্ত্রী নিকটে আসিতেছে ॥ ১ ॥

অহোরূপমহোধাম অহো অস্যা নবং বয়ঃ। ইতি তে তামভিক্রম্য প্রপচ্ছুর্জাতহৃচ্ছয়াঃ ॥ ২ ॥

কা ত্বং কঞ্জপলাশাক্ষি কুতো বা কিং চিকীর্ষসি। কস্যাসি বদ বামোরু মথ্নতীব মনাংসিনঃ ॥ ৩ ॥

ন বয়ং ত্বামরৈর্দৈত্যৈঃ সিদ্ধগন্ধর্ব্বচারণৈঃ। নাস্পৃষ্টপূর্ব্বাং জানীমো লোকেশৈশ্চ কুতোনৃভিঃ ॥৪

নূনং ত্বং বিধিনা সুভ্রু প্রেষিতাসি শরীরিণাং। সর্ব্বেন্দ্রিয় মনঃ প্রীতিং বিধাতুং সঘৃণেন কিং ॥

সা ত্বং নঃ স্পর্দ্ধমানানামেকবস্তুনি ভামিনি। জ্ঞাতীনাং বদ্ধবৈরাণাং শং বিধৎস্ব সুমধ্যমে ॥ ৫ ॥

বয়ং কশ্যপদায়াদা ভ্রাতরঃ কৃতপৌরুষাঃ। বিভজস্ব যথান্যায়ং নৈব ভেদো যথা ভবেৎ ॥

শ্রীধরস্বামী।

অহো রূপং সৌন্দর্য্যং ধাম দ্যুতিরিতি বদন্তঃ কা ত্বমিত্যাদি পপ্রচ্ছুঃ ॥ ২ ॥

মথ্নতীব ক্ষোভয়ন্তীব ॥ ৩ ॥

কস্যাসীত্যযুক্তমুক্তমস্মাভিঃ বস্তুতং ন কেনচিদ্বৃতপূর্ব্বা ইত্যাহুঃ নেতি দ্বাভ্যাং ত্বা ত্বাং। অমরাদিভিরস্পৃষ্টপূর্ব্বাং ন জানীম ইতি অপিতু জানীম এব ॥ ৪ ॥

আস্তামিদং ত্বদ্দর্শনন্তু ঈশ্বরেণৈব সম্পাদিতমিত্যাহুঃ নূনমিতি। সর্ব্বেন্দ্রিয়াণাঞ্চ মনসশ্চ প্রীতিং বিধাতুং সঘৃণেন কিং প্রেষিতাসি কিম্বা যদৃচ্ছয়ৈবাগতাসি নৈবং নূনং প্রেষিতৈবেত্যর্থঃ ॥ ৫ ॥

ভেদো বিগ্রহো যথা ন ভবেৎ তথা ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র তস্যাঃ ক্রোধাদিস্কার মালক্ষ্য তয়া মোহিতত্বেন বিশ্রভ্য চ প্রস্তাবান্তরং লক্ষীকৃত্যাহুঃ সা ত্বং ন ইতি ॥ ৫—৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কস্যাসি কস্য কন্যাসি ॥ ৩ ॥

অমরাদিভিরস্পৃষ্টপূর্ব্বা বয়ং ন জানীম ইতি ন অপিতু জানীম এবেতি তে নবয়মত্র স্বয়ম্বরার্থমআয়াতাসীতি বুধ্যত ইতি ভাবঃ ॥৪॥

কিমস্মাকং তদভিপ্রায় বুভুৎসয়া তদ্দর্শনাদিনৈব তাবদ্বয়ং কৃতার্থা অভূমেত্যাহুঃ। নূনমিতি ॥

কিঞ্চ ত্বয়া স্বাভিপ্রেতং পশ্চাদ্বিধেয়ং সম্প্রত্যস্মদভিপ্রায়ং সফলী কুর্ব্বিত্যাহুঃ সা ত্বমিতি দ্বাভ্যাং ॥ ৫ ॥

বিভজস্ব অমৃতম্মিতি শেষঃ ॥

কশ্যপস্য দায়াদাঃ পুত্রা ইতি পিতামস্মাকমৃষির্বয়ং কথমেবং কামিনোঽভূবন্নিতি তান্ মোহয়িতুং পরীহাসো ব্যঞ্জিতঃ। সত্যং বয়ং স্ত্রী জাতিমাত্রেণৈব ভাবৈর্ব্বশীকর্ত্তুমশক্যাঃ ভবত্যাঃ পরমশুদ্ধস্বরূপয়াতু স্বপাবিত্রেণৈব বয়ং নির্জ্জিতা বর্ত্তামহে ইতি

দর্শন মাত্রেই কামাতুর হইয়া বলিতে লাগিল, অহো! কি মনোহর রূপ! কি চমৎকার কান্তি! কি সুন্দর নবীন বয়স্! ॥ ২ ॥

এই প্রকারে কহিতে কহিতে নিকটে গিয়া জিজ্ঞাসিল, হে পদ্মপলাশাক্ষি! তুমি কে, কোথা হইতে আসিতেছ, কি করিতে ইচ্ছা কর, তুমি কাহার কন্যা বল? হে বামোরু! তোমাকে দেখিয়া আমাদের মনঃ অতিশয় ক্ষুব্ধ হইতে লাগিল ॥ ৩ ॥

হে সুন্দরি! আমরা নিশ্চয় জানিলাম, দেব, দানব, সিদ্ধ, গন্ধর্ব্ব চারণ, অথবা লোকপাল কেহই তোমাকে পূর্ব্বে স্পর্শ করে নাই ইহাতে মনুষ্যেরা যে স্পর্শ করিবে সম্ভাবনা কি? ॥ ৪ ॥

সে যাহা হউক, হে সুভ্রু! আমরা জিজ্ঞাসা করি শরীরিদিগের সকল ইন্দ্রিয় ও অন্তঃকরণের প্রীতি জন্মাইবার নিমিত্ত বিধাতা কি সদয় হইয়া তোমাকে পাঠাইয়া দিলেন? না আপনিই যদৃচ্ছা-ক্রমে আসিতেছ? আমাদের বোধ হয় বিধাতাই প্রেরণ করিয়াছেন ॥ ৫ ॥

হে ভামিনি! আমরা এই সকল জ্ঞাতি, এক বস্তুতে অভিলাষী হইয়া পরস্পর বিবাদ করত বদ্ধ-বৈর হইয়াছি, তুমি আমাদিগের বিবাদ ভঞ্জন করিয়া দিয়া কল্যাণ বিধান কর। আমরা কশ্যপের

ইত্যুপামন্ত্রিতো দৈত্যৈর্মায়াযোষিদ্বপুর্হরিঃ। প্রহস্য রুচিরাপাঙ্গৈর্নিরীক্ষন্নিদমব্রবীৎ ॥ ৬ ॥

শ্রীভগবানুবাচ ॥

কথং কশ্যপদায়াদাঃ পুংশ্চল্যাং ময়ি সঙ্গতাঃ। বিশ্বাসং পণ্ডিতো জাতু কামিনীষু ন যাতিহি ॥ ৭॥

শালাবৃকাণাং স্ত্রীণাঞ্চ স্বৈরিণীনাং সুরদ্বিষঃ। সখ্যান্যাহুরনিত্যানি নূত্নং নূত্নং বিচিন্বতাং ॥ ৮ ॥

শ্রীশুক উবাচ ॥

ইতি তে ক্ষ্বেলিতৈস্তস্যা আশ্বস্তমনসোঽসুরাঃ। জহসুর্ভাবগম্ভীরং দদুশ্চামৃতভাজনং ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

সঙ্গতাঃ অনুসৃতাঃ ॥ ৭ ॥

হে সুরদ্বিষঃ ॥ ৮ ॥

ভাবেন কেনাভিপ্রায়েণ গম্ভীরং যথা ভবতি তথা জহসুঃ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বৈরিণীনাং স্ত্রীণাং চেত্যন্বয়ঃ ॥ ৮—১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চেৎ তত্রাহ পুংশ্চল্যামিতি হন্ত হন্ত ভবত্যা নিষ্কামত্বস্যাবধিং কিং স্তুমহে। যতস্বমাবাল্যমনাঘ্রাতপুরুষগন্ধাপি স্বং গোপয়ন্ত্যেব খল্বেবং ব্রূষে। স্ত্রীজাতিঃ পুংশ্চল্যপি স্বং সতীমেব প্রথয়তীতি• স্ত্রীজাতি বিলক্ষণস্বভাবায়ৈ ভবত্যৈ নিষ্কপটায়ৈ সর্ব্বস্বমপি দিৎসামহে ইতি স্বগতোক্ত্যা বিস্ময়স্তিমিত দৃষ্টীস্তানালক্ষ্যাহ বিশ্বাসমিতি ভোঃ পণ্ডিতা ময়ি বিশ্বাসং মা কুরুত যদ্যাত্মনাং ভদ্রমিচ্ছথেতি ভাবো বাহ্যঃ আভ্যন্তরস্তু সত্যমহং বিপরীতলক্ষণয়ৈব ব্রবীমি ইতি পণ্ডিতা ভবন্তো জ্ঞাত্বা যদুচিতং তৎ সম্পদ্যেতি ভাবঃ। পূর্ব্বত্র উত্তরত্রাপি। আভ্যন্তরোধ্বনিরেবমেব জ্ঞেয়ঃ। কামিনীম্বিতি যদ্যপাহং যুষ্মদনুভবেন শুদ্ধৈব ভবামি তদপি যৌবনবত্ত্বাদাভ্যন্তরঃ কামোঽস্ত্যেব এব কামবত্ত্বে স্ত্রীত্বেচ কামিনী পতিপিত্রাদ্যাবরণাভাবাৎ স্বৈরিণ্যপি কথং ন ভবামীত্যবিশ্বাস্যৈব সর্ব্বথা ভবস্ভিরহমিতি ভাবঃ ॥ ৬ ॥ ৭ ॥

তত্তঃ কিমিতি চেৎ শৃণুত তত্ত্বমিত্যাহ শালেতি শালাবৃকাঃ কপিক্রোষ্টুশ্বান ইত্যমরঃ ॥ ৮ ॥

ক্ষ্বেলিতৈর্নর্ম্মোদিতৈঃ। ভাবেনাভিপ্রায়েণ গম্ভীরমবিদুষাং দুষ্প্রবেশং যথাস্যাত্তথা জহসুঃ। হে সর্ব্বগুণমণ্ডিতে কিমস্মান্ পরীক্ষসে বয়মবিশ্বাসিনোঽশুদ্ধান্তঃকরণা নৈব ভবামস্তদিদমমৃতকলসং গৃহাণ অস্মভ্যং বিভজ্য দেহি বা স্বয়ং পিব বা কচিদন্যত্র ক্ষিপ বা যথেচ্ছসি তথা কুরু। অস্মাংস্তু ত্বদাজ্ঞাপালকক্রীতানাত্মীয়ানেব জানীহি ইতি ভাবঃ ॥ ৯ ॥

দায়াদ, পরস্পর ভ্রাতা, সকলেই পৌরুষ প্রকাশ করিয়াছি, এই অমৃত কলস লইয়া তুমি ন্যায়ানুসারে আমাদের সকলকে ভাগ করিয়া দাও যাহাতে আমাদের পরস্পর ভেদ না হয়।

হে রাজন্! মায়াযোষিদ্রূপধারী ভগবান্ হরি এই প্রকারে দৈত্যগণ কর্ত্তৃক অভ্যর্থিত হইয়া হাস্য করিলেন এবং মনোহর কটাক্ষে নিরীক্ষণ করিতে করিতে বক্ষ্যমাণ বচন প্রয়োগ করিলেন ॥ ৬ ॥

ভগবান্ কহিলেন, অহে কশ্যপদায়াদগণ! আমি পুংশ্চলী আমাতে তোমরা কি প্রকারে বিশ্বস্ত হইলে, পণ্ডিত জন কদাচ কামিনীতে বিশ্বাস করেন না ॥ ৭ ॥

হে দেবদ্বেষিগণ! শালাবৃক (কুকুর) এবং স্বৈরিণী স্ত্রী ইহাদের সখ্য অনিত্য, ইহারা দিন দিন নূতন নূতন অন্বেষণ করে ॥ ৮ ॥

শুকদেব কহিলেন, হে রাজন্! অসুর সকল সেই কামিনীর ঐ প্রকার সশ্লেষ পরিহাস বচনে আশ্বস্ত চিত্ত হইয়া কোন অভিপ্রায়ে গম্ভীরতা পূর্ব্বক হাস্য করিল, তদনন্তর তাঁহার হস্তে সেই অমৃত-পাত্র সমর্পণ করিল ॥ ৯ ॥

ততো গৃহীত্বামৃতভাজনং হরির্বভাষ ঈষৎ স্মিতশোভয়া গিরা।
যদ্যভ্যুপেত ক্ব চ সাধ্বসাধু বা কৃতং ময়া বো বিভজে সুধামিমাং॥ ১০॥
ইত্যভিব্যাহৃতং তস্যা আকর্ণ্যাসুরপুঙ্গবাঃ। অপ্রমাণবিদস্তস্যাস্তত্তথেত্যন্বমংসত।
অথোপোষ্য কৃতস্নানা হুত্বাচ হবিষানলং। নত্বা গো বিপ্র ভূতেভ্যঃ কৃতস্বস্ত্যয়না দ্বিজৈঃ॥ ১১॥
যথোপজোষং বাসাংসি পরিধায়াহতানি তে। কুশেষু প্রাবিশন্ সর্ব্বে প্রাগগ্রেষ্বভিভূষিতাঃ॥১২॥
প্রাঙ্মুখেষূপবিষ্টেষু সুরেষু দিতিজেষু চ। ধূপামোদিতশালায়াং জুষ্টায়াং মাল্যদীপকৈঃ॥ ১৩॥
তস্যাং নরেন্দ্র করভোরুরুশৎদুকূলশ্রোণীতটালসগতির্মদবিহ্বলাক্ষী।

শ্রীধরস্বামী।

ঈষৎ স্মিতেন শোভা যস্যাঃ তয়া ময়া কৃতং সাধু অসাধু বা যদ্যভ্যুপেত অঙ্গীকুরুত তর্হি বিভজে॥ ১০॥

অসুরপুঙ্গবাঃ দৈত্যশ্রেষ্ঠাঃ প্রমাণমিয়ত্তামজানন্তঃ॥ ১১॥

যথোপজোষং যথাপ্রীতি আহতস্য লক্ষণং। আহতং যন্ত্রনির্ম্মুক্তমুক্তং বাসঃ স্বয়ম্ভুবা। শস্তং তন্মাঙ্গলিক্যেষু তাবন্মাত্রেণ সর্ব্বদা ইতি। প্রাগগ্রেষু কুশেষু উপবিবিশুঃ॥ ১২॥

ধূপৈরামোদিতায়াং সুরভীকৃতায়াং শালায়াং॥ ১৩॥

অথ তস্যাং শালায়াং হে নরেন্দ্র সা কলসপাণিরাবিবেশ। কথম্ভূতা মণিবন্ধাদাকনিষ্ঠং করস্য করভো বহিঃ। করভসদৃশৌ

ক্রমসন্দর্ভঃ।

প্রমাণমিয়ত্তা চিকীর্ষিতপর্য্যবসানমিত্যর্থঃ। তত্রাপ্রমাণং বিদন্তীত্যপ্রমাণবিদঃ॥ ১২—১৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ময়া কৃতং সাধু বা অসাধু বা যদ্যভ্যুপেত অঙ্গীকুরুথ তথা বিভজে ইতি স্বস্যাহমনভিজ্ঞপ্তং জানামাতঃ প্রথমমেব বঞ্চ্যেতি ভাবঃ॥ ১০॥

অথেতি অমৃতপানরূপমঙ্গলকৃত্যার্থং প্রথমমেবোপোষ্য স্থিতাস্তে পরস্পরবিবাদমধ্য এব মোহিনীদর্শনবচনপ্রতিবচনাদ্যনন্তরং কৃতস্নানা যথোপজোষং যথা প্রীতি আহতস্য লক্ষণং। আহতং যন্ত্রনির্ম্মুক্তমুক্তং বাসঃ স্বয়ম্ভুবা। শস্তং তন্মাঙ্গলিক্যেষু তাবন্মাত্রেষু সর্ব্বদেতি প্রাক্ কূলেষু প্রাগগ্রকুশেষু॥ ১১—১৩॥

করভোরুরুশদ্দুকূলা করভোরুলসদ্দুকূলেতি পাঠদ্বয়ং। মণিবন্ধাদাকনিষ্ঠং করস্য করভো বহিরিত্যমরঃ॥ ১৪॥

মোহিনীরূপী হরি অমৃতভাজন গ্রহণ করিয়া ঈষৎ হাস্যে আস্যদেশ শোভিত করত কহিতে লাগিলেন, আমি যাহা করিব তাহা ভালই হউক আর মন্দই হউক যদি তোমরা অঙ্গীকার করিয়া লও তাহা হইলে এই অমৃত বিভাগ করিয়া দিতে পারি॥ ১০॥

তাঁহার এই বাক্য শ্রবণ করিয়া প্রধান প্রধান অসুরেরা "ভাল তাহাই হইবে" বলিয়া সম্মত হইল। কিন্তু তাহারা তাঁহার পরিমাণ (ইয়ত্তা) জানিতে পারিল না। তদনন্তর অসুরেরা উপবাস পূর্ব্বক কৃতস্নান হইল এবং হবির্দ্বারা অগ্নিতে হোম ও গো ব্রাহ্মণ এবং ভূত সকলকে নমস্কার করিল। পশ্চাৎ দ্বিজগণ তাহাদের শুভার্থ স্বস্ত্যয়ন করিলেন॥ ১১॥

পরিশেষে তাহারা স্ব স্ব প্রীত্যনুসারে নব বসন পরিধান করিয়া সকলে সুন্দররূপ ভূষিত হওত প্রাগগ্র কুশে উপবেশন করিল॥ ১২॥

হে রাজন্! যে গৃহে অমৃত বণ্টন হইবে সেই সদন ধূপামোদিত ও মাল্য দীপাদিতে অলঙ্কৃত হইয়াছিল। দেব ও দানবগণ তন্মধ্যে গিয়া প্রাঙ্মুখে উপবেশন করিল॥ ১৩॥

পরে সেই মোহিনী অমৃত কলস হস্তে করিয়া তন্মধ্যে প্রবেশ করিলেন, তাঁহার উরুদ্বয় করভ

সা কূজতী কনকনূপুরসিঞ্জিতেন কুম্ভস্তনী কলসপাণিরথাবিবেশ ॥ ১৪ ॥
তাং শ্রীসখীং কনককুণ্ডলচারুকর্ণনাসাকপোলবদনাং পরদেবতাখ্যাং।
সংবীক্ষ্য সংমুমুহুরুৎস্মিতবীক্ষণেন দেবাসুরাবিগলিতস্তনপট্টিকান্তাং ॥ ১৫ ॥
অসুরাণাং সুধাদানং সর্পাণামিব দুর্ণয়ং। মত্বা জাতিনৃশংসানাং ন তাং ব্যভজদচ্যুতঃ ॥ ১৬ ॥
কল্পয়িত্বা পৃথক্ পঙ্‌ক্তীরুভয়েষাং জগৎপতিঃ। তাংশ্চোপবেশয়ামাস স্বেষু স্বেষু চ পঙ্‌ক্তিষু ॥১৭

শ্রীধরস্বামী।

সুবৃত্তাবূরূ যস্যাঃ সা উশৎ কমনীয়ং দুকূলং যস্মিন্ তেন শ্রোণীতটেন বিশালয়া শ্রোণ্যাংলসা মন্দা গতির্যস্যাঃ সা পাঠান্তরে করভ সদৃশয়ো রূর্ব্বোর্লসদ্দুকূলং যস্যাঃ সা চাসৌ শ্রোণীতটেনালসগতিশ্চ। মদেন বিহ্বলে অক্ষিণী যস্যাঃ ॥ ১৪ ॥

তাং শ্রিয়ঃ সখীং সংবীক্ষ্য দেবা অসুরাশ্চ সংমুমুহুঃ। কথম্ভূতাং কনকময়ে কুণ্ডলে যস্যাঃ সা চাসৌ চারবঃ কর্ণাদয়ো যস্যাঃ সা চ তাম্। বিগলিতো বিস্রস্তঃ স্তনপট্টিকায়া অন্তো যস্যাস্তাং ॥ ১৫ ॥

এবং তান্ মোহয়িত্বা যং কৃতবান্ তদাহ ত্রিভিঃ অসুরাণাং সুধাদানং সর্পাণাং ক্ষীরদানমিব দুর্ণয়ং অন্যায্যং মত্বা তাং সুধাং তেভ্যো ন ব্যভজৎ। অয়ং ভাবঃ। দৈত্যৈর্মদীয়ং সাধ্বসাধুবা সর্ব্বমনুমতমেব অতোঽহং মদ্ভক্তান্ দেবানেব সুধাং পায়য়িষ্যামি। কিঞ্চ। এতৈর্যথা ন্যায়ং বিভজস্বেত্যুক্তং নচৈতেভ্যো জাত্যৈব ক্রূরেভ্যোদানং ন্যায্যং অতস্তেভ্যঃ সুধাং ন দদ্যামিতি ॥ ১৬ ॥

পঙ্‌ক্তীঃ পৃথক্ বিভক্তাঃ কল্পয়িত্বা বিধায় তাসু পঙ্‌ক্তিষু স্বেষু স্বেষু তত্তৎ সজাতীয়েষু তাংশ্চাসুরানপি প্রতারণার্থমেবোপবেশয়ামাস ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

কল্পয়িত্বেতি তাংশ্চ দেবাসুরান্ পরস্পরমভিমুখানিতি জ্ঞেয়ং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্রীসখীং শ্রিয়ো লক্ষ্ম্যাঃ সখ্যপি তদানীং সখ্যেবাভূৎ পুংজাতিমধ্যে যথা নারায়ণঃ সুন্দরস্তথৈব স্ত্রীজাতিমধ্যে অহমেবাতিসুন্দরীতি-মাহং কথাঃ। স্ত্রীজাতাবপ্যহমেব পরমসুন্দরীতি তাং জ্ঞাপয়িতুমিবেতি ভাবঃ। কনককুণ্ডলা চাসৌ চারুকর্ণাদ্যা চেতি তাং ॥ ১৫ ॥

ন তাং ব্যভজদিতি দৈত্যৈর্যথা ন্যায়ং বিভজস্বেতি উক্তমতো ন্যায়শ্চায়মেবেতি ভাবঃ ॥ ১৬ ॥

স্বেষু স্বেষু ইতি পঙ্‌ক্তিষু মধ্যে যা যাঃ পঙ্‌ক্তয়ো যেষাং যেষাং স্বানি ধনরূপাণি স্যুস্তেষু স্বেষু সত্ত্ববিশিষ্টাসু পঙ্‌ক্তিম্বিত্যর্থঃ ॥ ১৭ ॥

সদৃশ, শ্রোণীতট কৌষেয়াচ্ছাদিত, গমন নিতম্বভারে সুমন্দ, চক্ষুর্দ্বয় মদবিহ্বল, স্তনদ্বয় কুম্ভ সমান। তিনি কনকময় নূপুরশিঞ্জিত দ্বারা যেন অব্যক্ত ধ্বনি করিতেছিলেন ॥ ১৪ ॥

সেই কামিনী লক্ষ্মীর সখী, পরদেবতা নাম্নী, তাঁহার কুণ্ডলদ্বয় কনকময়, কর্ণ, নাসিকা, কপোল ও বদন অতিশয় মনোহর, স্তনপট্টিকার প্রান্তভাগ বিস্রস্ত হইয়া পড়িতেছিল। অতএব তাঁহাকে নিরীক্ষণ করিয়া সুর ও অসুরদিগের মোহ জন্মিল ॥ ১৫ ॥

হে রাজন্! ঐ প্রকারে দেব ও দানব উভয় দলই মুগ্ধ হইলে মোহিনীরূপধারী ভগবান্ বিবেচনা করিলেন, সর্পদিগকে ক্ষীর দানের ন্যায় অসুরদিগকে সুধা দেওয়া অন্যায্য, দৈত্যেরা আমার কৃত ভাল মন্দ সকল কর্ম্মই স্বীকার করিয়া লইতে সম্মত হইয়াছে, আমি দেবতাদিগকেই সুধাপান করাই, অধিকন্তু দৈত্যেরা ন্যায়ানুসারে বিভাগ করিতে বলিয়াছে, ইহারা জাতিমাত্রে ক্রূর, ইহাদিগকে অমৃতাংশ দেওয়া ন্যায্য হইতে পারে না। ইহা বিবেচনা করিয়া দৈত্যদিগকে সুধা বিভাগ করিয়া দিতে ইচ্ছা করিলেন না ॥ ১৬ ॥

তদনন্তর দেব ও দৈত্য উভয় পক্ষের পৃথক্ পৃথক্ পঙ্‌ক্তি কল্পনা করাইয়া তাহাদিগকে স্ব স্ব শ্রেণীতে বসাইলেন ॥ ১৭ ॥

দৈত্যান্ গৃহীতকলসো বঞ্চয়ন্নুপসঞ্চরৈঃ। দূরস্থান্ পায়য়ামাস জরামৃত্যুহরাং সুধাং ॥ ১৮ ॥
তে পালয়ন্তঃ সময়মসুরাঃ স্বকৃতং নৃপ। তূষ্ণীমাসন্ কৃতস্নেহাঃ স্ত্রীবিবাদজুগুপ্সয়া ॥ ১৯ ॥
তস্যাং কৃতাতিপ্রণয়াঃ প্রণয়াপায়কাতরাঃ। বহুমানেন চাবদ্ধা নোচুঃ কিঞ্চন বিপ্রিয়ং ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

উপসঞ্চরৈঃ বহুমানপ্রিয়বাক্যাদিনা তানতিক্রম্যাতিক্রম্য গমনৈঃ। দূরস্থানপি দেবান্ ॥ ১৮ ॥

তস্যাং কৃতঃ স্নেহো যেষু স্ত্রিয়া সহ বিবাদস্য জুগুপ্সয়া ॥ ১৯ ॥

কৃতোঽতিপ্রণয়ঃ স্নেহো যৈঃ। প্রণয়াপায়েন কাতরাঃ ভীতাঃ এতে তাবৎ কৃপণাঃ পূর্ব্বং কিঞ্চিৎ পিবন্তু যূয়ন্তু ধীরাঃ ক্ষণং প্রতীক্ষধ্বমিত্যাদিবহুমানেন চাবদ্ধা নিযন্ত্রিতাঃ সময়পালনাদিভিঃ ষড়্ভিরেতৈঃ কারণৈরপ্রিয়ং কিঞ্চিদপি নোচুঃ কিন্তু তূষ্ণীমাসন্ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

বঞ্চয়ন্ তলস্থং সারভাগং ভবন্তাঃ সর্ব্বতঃ শ্রেষ্ঠেভ্যোদাস্যামীতি প্রতারয়ন্ ॥ ১৮ ॥

সময়ং প্রতিজ্ঞাং ॥ ১৯—২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উপ নিকটে নিকটে এব সঞ্চরৈঃ সঞ্চরণৈর্ভ্রূভঙ্গিনেত্রস্মিতব্রীড়ামুখার্দ্ধাচ্ছাদননূপুরাদিভূষণবসনসঞ্চালনপূর্ব্বকৈশ্চরণসঞ্চলনৈঃ কিঞ্চিন্মাত্রপ্রদানেন দূরস্থানাং দেবানামুৎকণ্ঠাঃ নিবর্ত্ত্য সংপূর্ণমস্মানেব পায়য়িষ্যতীতি প্রত্যায়নৈঃ। বয়ঞ্চাস্মিতি অস্মাভিঃ শ্রোত্রনেত্রমনোভির্যদিদমমৃতং পীয়তে ইতোঽধিকং সামুদ্রমমৃতং ন ভবিষ্যতীতি তদলং তেন এতস্যা আনুকূল্যমেবাকাঙ্ক্ষণীয়মিত্যপি তেষাং মনসি বিচারঃ প্রাপয়ামাসেতি ভাবঃ। দূরস্থান্ দেবান্ ॥ ১৮ ॥

সময়ং সাধ্বসাধুবা যথাসুখং বিভজস্বেতি নিয়মং স্ত্রিয়া সহ বিবাদস্য জুগুপ্সয়া ॥

এতে তাবৎ কৃপণাঃ পূর্ব্বং কিঞ্চিৎ পিবন্তু যূয়ন্তু ধীরাঃ ক্ষণং প্রতীক্ষধ্বমিত্যাদিবহুমানেন বা বদ্ধা নিযন্ত্রিতাঃ। সময়পালনাদিভিঃ ষড়্ভিরেতৈঃ কারণৈরপ্রিয়ং কিঞ্চিদপি নোচুঃ কিন্তু তূষ্ণীমেবাসন্ ॥ ১৯ ॥

তদেব মোহিনীমূর্ত্ত্যা ভগবতা সর্ব্ব এব দৈত্যা মোহয়িত্বা বঞ্চিতাঃ কিন্তু সদ্যোপায়মৃতমহিমজ্ঞাপনার্থমেকঃ স্বর্ভানুর্ন মোহিতঃ সচ সহসৈব মোহিন্যভিপ্রায়ং জ্ঞাত্বা দেবপঙ্‌ক্তিষু প্রবিষ্ট ইত্যাহ দেবলিঙ্গেতি অতএব দেবাস্তং প্রথমং পরিচেতুং নশেকুঃ। উপবিষ্টেতু চন্দ্রার্কাভ্যাং পরিচিতোঽপি তস্মাৎ ইতোঽন্যত্র পঙ্‌ক্তাবুপবিশেতি বক্তুং নাশকাতেতি জ্ঞেয়ং। যদাতু সোমমমৃতং প্রাপ্তমেবাপিবত্তদাঽসুরোঽসাবিতি ভ্রূভঙ্গ্যা সূচিতঃ ॥ ২০ ॥ ২১ ॥

তাহার পর কলস গ্রহণ করিয়া বহুমান প্রিয়ভাষনাদি দ্বারা বঞ্চনা করত দানবদিগকে অতিক্রমণ করিয়া গিয়া দেবগণ দূরে থাকিলেও তাহাদিগকেই জরা মরণহারিণী সেই সুধা পান করাইতে লাগিলেন ॥ ১৮ ॥

হে রাজন্! অসুরেরা স্বয়ং তাঁহার সহিত সময় করিয়াছিল, আপনাদের কৃত অঙ্গীকার পালন পূর্ব্বক তূষ্ণীম্ভূত হইয়া রহিল। ভগবান্ অঙ্গনারূপে তাহাদিগের প্রতি স্নেহ প্রদর্শন করিতেছিলেন, অতএব স্ত্রীর সহিত বিবাদ করা নিন্দনীয়, ইহা বিবেচনা করিয়াও তাহারা নীরব থাকিল ॥ ১৯ ॥

অধিকন্তু সেই কামিনীর প্রতি তাহাদের অতিশয় প্রণয় জন্মিয়াছিল, পাছে সেই প্রণয়ের অপায় হয়, এই ভয়ে তাহারা অতিশয় ভীত হইল। আর মোহিনীর কৃত বহুমানে অর্থাৎ হে অসুরগণ! তোমরা অতি ধীর, এই সকল সুর অতি দুঃখী, প্রথমতঃ ইহাদিগকে কিঞ্চিৎ কিঞ্চিৎ পান করাইয়া সম্পূর্ণ রূপে তোমাদিগকে অর্পণ করিব, কিঞ্চিৎকাল প্রতীক্ষা কর, এই ভঙ্গিতে আবদ্ধ হওয়াতে অপ্রিয় বাক্য কহিতেও তাহাদের সামর্থ্য হইল না, সুতরাং মৌনী হইয়া রহিল ॥ ২০ ॥

দেবলিঙ্গপ্রতিচ্ছন্নঃ স্বর্ভানুর্দেবসংসদি। প্রবিষ্টঃ সোমমপিবচ্চন্দ্রার্কাভ্যাঞ্চ সূচিতঃ॥ ২১॥
চক্রেণ ক্ষুরধারেণ জহার পিবতঃ শিরঃ। হরিস্তস্য কবন্ধস্তু সুধয়া প্লাবিতোঽপতৎ॥ ২২॥
শিরস্ত্বমরতাং নীতমজোগ্রহমচীক্লৃপৎ। যস্তু পর্ব্বণি চন্দ্রার্কাবভিধাবতি বৈরধীঃ।
পীতপ্রায়েঽমৃতে দেবৈর্ভগবাঁল্লোকভাবনঃ। পশ্যতামসুরেন্দ্রাণাং স্বরূপং জগৃহে হরিঃ॥ ২৩॥
এবং সুরাসুরগণাঃ সমদেশকালহেত্বর্থকর্ম্মমতয়োঽপি ফলে বিকল্পাঃ।
তত্রামৃতং সুরগণাঃ ফলমঞ্জসাপুর্যৎপাদপঙ্কজরজঃ শ্রয়ণান্নদৈত্যাঃ॥ ২৪॥

শ্রীধরস্বামী।

দেবপঙ্‌ক্তৌ চন্দ্রার্কয়োর্ম্মধ্যে প্রবিষ্টঃ সোমমপিবৎ॥ ২১॥
হরিস্তস্য শিরোজহার অপ্লাবিতঃ অসংস্পৃষ্টঃ॥ ২২॥
গ্রহং সূর্য্যাদিবৎ গ্রহত্বাধিকারিণং॥ ২৩॥

ক্রমসন্দর্ভঃ।

কবন্ধোঽপতদিতি কেতুস্তু ছায়া গৃহ এব নতু কবন্ধরূপ ইত্যভিপ্রায়ঃ॥ ২২॥
হেতুঃ সাধকতমঃ। অর্থস্তদুপযোগিমাত্রঃ॥ ২৩॥ ২৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হরিরজিতরূপী শিরোজহার। আ ঈষৎ প্লাবিতঃ॥ ২২॥
অমরতাং নীতং অমৃতপানপ্রভাবাৎ মরণশূন্যতাং প্রাপ্তমিতি অমৃতপ্রভাবো দর্শিতঃ। অজো ব্রহ্মা গ্রহং সূর্য্যাদিকমিব গ্রহত্বাধিকারবন্তং॥ ২৩॥
লৌকিকহেতু সাম্যেপি ফলপ্রাপ্তির্ভক্তিমতামেব নান্যেষামিত্যেবাখ্যানতাৎপর্য্যমাহ এবমিতি। সমা দেশাদয়ো যেষাং তে দেশঃ ক্ষীরসিন্ধুঃ কালস্তত্তৎক্ষণসমূহঃ হেতুর্মন্থনসাধনং মন্দরাদ্রিঃ। অর্থঃ সমুদ্রে ক্ষিপ্ত বীরুধাদি কর্ম্ম মথনং মতিরমৃতকামতা। ফলে ফলপ্রাপ্তৌ বিকল্পাঃ ফলপ্রাপ্তির্ভবেন্নবেতি বিকল্পবন্তঃ। তত্র তয়োর্ম্মধ্যে সুরগণাঃ ফলং আপুঃ। যৎপাদাশ্রয়ণাৎ দৈত্যা ন আপুঃ যদাশ্রয়ণাভাবাদিতি ভাবঃ। স এব সেব্য ইতি প্রকরণার্থঃ॥ ২৪॥

হে রাজন্! দানবদিগের মধ্যে রাহু দেবচিহ্ন ধারণ পূর্ব্বক দেবতাদিগের পংক্তিতে চন্দ্রসূর্য্যের মধ্যে প্রবিষ্ট হইয়া অমৃতপান করিতেছিল, তাহা জানিতে পারিয়া চন্দ্রসূর্য্য যখন প্রকাশ করিয়া দিলেন॥২১

তখন ক্ষুর তুল্য সুতীক্ষ্ণ চক্র দ্বারা ভগবান্ হরি ঐ রাহুর শিরশ্ছেদন করিয়া ফেলিলেন। তাহার শরীর অমৃতে স্পৃষ্ট হয় নাই একারণ তাহা পড়িয়া গেল॥ ২২॥

মস্তক অমৃতস্পৃষ্ট হইয়াছিল তাহাতে তাহা অমরত্ব প্রাপ্ত হইল, অতএব ব্রহ্মা সূর্য্যাদির তুল্য তাহাকে গ্রহত্ব প্রদান করিলেন, ঐ রাহু সেই বৈরবুদ্ধি করিয়া অদ্যাপি পর্ব্বে পর্ব্বে (অমাবস্যা পূর্ণিমায়) চন্দ্র সূর্য্যের প্রতি ধাবমান হইয়া থাকে।

সে যাহা হউক, দেবতারা সমুদায় অমৃত পান করিয়া শেষ করিলে লোকভাবন ভগবান্ হরি দর্শনকারি সেই সকল প্রধান প্রধান অসুরের সমক্ষেই স্ত্রীরূপ পরিত্যাগ পূর্ব্বক পুনরায় নিজরূপ গ্রহণ করিলেন॥ ২৩॥

হে রাজন্! সুর ও অসুরদিগের সমুদ্রমন্থনে দেশ কাল হেতু (মন্দরাদ্রি) অর্থ (সমুদ্রে ক্ষিপ্তলতাদি) কর্ম্ম ও বুদ্ধি যদিও সমান ছিল তথাপি বিচিত্র হইল অর্থাৎ কোন ব্যক্তিদিগের সম্পূর্ণ ফল হইল কাহাদের কিছুই হইল না। অতএব দেব দানব মধ্যে দেবগণ যাঁহার পাদপদ্মের পরাগাশ্রয় হেতু যথার্থতঃ অমৃতফল প্রাপ্ত হইলেন এবং দৈত্যেরা তাহাতে বঞ্চিত হইল, তিনিই সকলের সেবনীয়॥২৪

যদযুজ্যতেঽসু বসু কর্ম্ম মনোবচোভির্দেহাত্মজাদিষু নৃভিস্তদসৎ পৃথক্ত্বাৎ।
তৈরেব সদ্ভবতি যৎক্রিয়তে পৃথক্ত্বাৎ সর্ব্বস্য তদ্ভবতি মূলনিষেচনং যৎ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে নবমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৯ ॥ * ॥

শ্রীধরস্বামী।

হরিভক্তানামেবোদ্যমঃ ফলতি নান্যেষামিত্যেবাখ্যানতাৎপর্য্যমাহ এবমিতি। সমা দেশাদয়ো যেষাং হেতুর্মদ্দরাদ্রিঃ অর্থঃ সমুদ্রে ক্ষিপ্তং বীরুধাদি। বিবিধঃ কল্পঃ ফলং কেষাঞ্চিজ্জাতং কেষাঞ্চিন্নেতি বৈচিত্র্যং যেষাং তে ফলে বৈষম্যবন্তো বভূবুরিত্যর্থঃ। তদেবাহ তত্র তেষু যস্য পাদপঙ্কজরজঃ শ্রয়ণাদ্দেবা অমৃতং ফলমাপুঃ স এব সেব্য ইত্যর্থঃ। যত্তদোর্নিয়তসম্বন্ধাৎ ॥ ২৪ ॥

এতদেবোপপাদয়তি যদিতি। অসুঃ প্রাণঃ বসু ধনং প্রাণাদিভির্দেহাত্মজাদিষু নৃভির্যদযুজ্যতে দেহাদ্যর্থং যৎকিঞ্চিৎ ক্রিয়ত ইত্যর্থঃ। তদসদ্ব্যর্থং ভবতি কুতঃ পৃথক্ত্বাৎ ভেদাশ্রয়ত্বাৎ শাখাদিনিষেচনবৎ তৈরেব প্রাণাদিভিরীশ্বরোদ্দেশেন যৎ ক্রিয়তে তত্তু সৎ মহাফলং ভবতি কুতঃ অপৃথক্ত্বাৎ ঈশ্বরস্য সর্ব্বানুগতত্বাৎ। তত্র দৃষ্টান্তঃ যত্তরোর্মূলনিষেচনং তদ্যথা সর্ব্বস্য স্কন্ধাদেরপি ভবতীতি। যদ্বা। ন্যল্লোপে পঞ্চম্যৌ পৃথক্ত্বং পর্য্যালোচ্য ভেদদৃষ্ট্যা দেহাদ্যুদ্দেশেন যৎক্রিয়তে তদসৎ অপৃথক্ত্বং পর্য্যালোচ্য ঈশ্বরদৃষ্ট্যা তৈরেব তেভ্যেব চ যৎক্রিয়তে তৎ সদ্ভবতি। শেষং সমানং ॥ ২৫ ॥

॥ * ॥ ইত্যষ্টমে নবমঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

তেষাঞ্চ তেষাঞ্চ তত্তদন্যক্রমেবেত্যাহ। যদযুজ্যত ইতি। নৃভিঃ কর্ত্তৃভিঃ অসু প্রভৃতিভিঃ করণৈর্জায়াদিষু যৎ যুজ্যতে ক্রিয়তে তদসৎ সর্ব্বকাল সর্ব্ববস্তুব্যাপি পোষকশক্তিকং ন ভবতীতি নশ্বরমেব ভবতীত্যর্থঃ। কুতঃ পৃথক্ত্বাৎ অসুপ্রভৃতীনাং জায়াদীনাং স্বতন্ত্রতাদৃশশক্তির্নাস্ত্যেব ক্ষুদ্রশক্তিত্বাদিত্যর্থঃ। অসুপ্রভৃতিভিরেব সর্ব্বস্য মূলনিষেচনং। সন্তর্পণং যৎক্রিয়তে তত্তু সর্ব্বদা সর্ব্ববস্তুপোষকং ভবতি কুতঃ অপৃথক্ত্বাৎ। সর্ব্বদা সর্ব্বব্যাপি পোষকত্বাদিত্যর্থঃ। জায়াদীনামেব পোষকং ভবতীতি কিম্বাদিত্যর্থঃ। সর্ব্বস্য মূলং শ্রীভগবানেবেতি ভাবঃ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে নবমোঽধ্যায়ঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্মাৎ ফলিতমাহ যদিতি অসবঃ প্রাণা ইন্দ্রিয়াণি বসু ধনং অসু বস্বাদিভির্যদ্দেহাদিষু যুজ্যতে বিনিযুজ্যতে তদসৎ। প্রাণাদীনাং দেহাদ্যর্থে যো বিনিয়োগঃ সোঽসাধুরিত্যর্থঃ। কুতঃ পৃথক্ত্বাৎ শাখানিষেচনবৎ। মূলাৎ শাখাভিন্না ইতি বুদ্ধ্যা যথা মূলং বিহায় শাখা নিষিচ্যন্তে। তথৈব ভগবন্তং বিহায় দেহাদ্যাঃ পরিচর্য্যন্তে মূঢ়ৈঃ। তৈরেব অসু বস্বাদিভির্যদ্ভগবতি ক্রিয়তে। অস্বাদীনাং ভগবতি যো বিনিয়োগঃ স সাধুরিত্যর্থঃ। কুতঃ অপৃথক্ত্বাৎ মূলনিষেচনবৎ। মূলাৎ শাখা ন ভিন্না ইতি বুদ্ধ্যা যথা মূলমেব সিচ্যতে তথৈব ভগবানেব পরিচর্য্যতে। তৎপরিচরণং সর্ব্বস্য ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তস্যেত্যর্থঃ। যদস্মাৎ তন্মূলনিষেচনং ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। অষ্টমে নবমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

হে মহারাজ! মানবগণ ধন, প্রাণ, কর্ম্ম, মন এবং বাক্য দ্বারা দেহ ও পুত্রাদির নিমিত্ত যে কিছু করে ভেদাশ্রয় হেতু মূল ত্যাগ করিয়া শাখাসেচনের ন্যায় তাহা ব্যর্থ হয়, কিন্তু ঐ সকল ধনাদি দ্বারা ঈশ্বরোদ্দেশে যদি কোন কর্ম্ম করে তাহা হইলে ভেদ বর্জ্জন হেতু মূলসেচনের ন্যায়, তাহা মহা ফলদায়ক হয়, কারণ ঈশ্বর সকলেতেই অনুগত। ফলতঃ মূলসেচনে যেমন স্কন্ধাদি সকলেরই পালন হয় তেমনি ঈশ্বরোদ্দেশে কর্ম্ম করিলে তাহাতে অন্যেরও প্রীতি জন্মিয়া থাকে ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি অষ্টমে নবম ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

ইতি দানবদৈতেয়া নাবিন্দন্নমৃতং নৃপ। যুক্তাঃ কর্ম্মণি যত্তাশ্চ বাসুদেবপরাঙ্মুখাঃ।
সাধয়িত্বামৃতং রাজন্ পায়য়িত্বা স্বকান্ সুরান্। পশ্যতাং সর্ব্বভূতানাং যযৌ গরুড়বাহনঃ।
সপত্নানাং পরাং সিদ্ধিং দৃষ্ট্বা তে দিতিনন্দনাঃ। অমৃষ্যমাণা উৎপেতুর্দেবান্ প্রত্যুদ্যতায়ুধাঃ।
ততঃ সুরগণাঃ সর্ব্বে সুধয়া পীতয়ৈধিতাঃ। প্রতিসংযুযুধুঃ শস্ত্রৈর্নারায়ণপদাশ্রয়াঃ ॥ ১ ॥
তত্র দেবাসুরো নাম রণঃ পরমদারুণঃ। রোধস্যুদন্বতো রাজংস্তুমুলো রোমহর্ষণঃ ॥ ২ ॥
তত্রান্যোন্যং সপত্নাস্তে সংরব্ধমনসো রণে। সমাসাদ্যাসিভির্ব্বাণৈর্নিজঘ্নুর্বিবিধায়ুধৈঃ।
শঙ্খতুর্য্যমৃদঙ্গানাং ভেরীডমরিণাং মহান্। হস্ত্যশ্বরথপত্তীনাং নদতাং নিঃস্বনোঽভবৎ।

শ্রীধরস্বামী।

দশমে মৎসরাদ্দৈত্যৈরারব্ধেতু মৃধেঽসুরৈঃ। দৈত্যমায়া বিষণ্ণেষু দেবেষাবির্ব্বভৌ হরিঃ। তদেবমমৃতাবাপ্তির্নাভক্তানামিতীরিতং। ভক্তমৎসরতঃ প্রাণহানিঃ পুনরুদীর্য্যতে ॥ ১ ॥

রণঃ সংগ্রামঃ উদন্বতঃ সমুদ্রস্য রোধসি তীরে বভূব ॥ ২ ॥

অন্যোন্যং সমাসাদ্য নিজঘ্নুঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

যুক্তা যোগ্যাঃ যত্তাঃ কৃতযত্নাঃ ॥ ১ ॥ ২ ॥

চিত্রধ্বজৈরিতি ত্রিকং। ব্যজনাদিভিঃ কণ্ঠভূতৈঃ অর্চ্চিভিঃ কৃত্বা স্ফুরদ্ভিঃ। সূর্য্যরশ্মিভিস্তু সুতরাং স্ফুরদ্ভিরিত্যন্বয়ঃ। এবমেবাভি-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দশমেঽন্তর্হিতে বিষ্ণৌ দৈত্যৈর্যুদ্ধে প্রবর্ত্তিতে। দৈত্যমায়াভিভূতেষু সুরেষাবিরভূদ্ধরিঃ ॥ ০ ॥

যযৌ অন্তর্দ্দধে ॥ ১ ॥

রণো বভূব। বস্তৈশ্ছাগৈঃ ॥ ২—৩ ॥

দশমাধ্যায়ে মৎসর হেতু দেবগণ সহ দানবদিগের সমর এবং বিষণ্ণ দেবতাদিগের মধ্যে বিষ্ণুর আবির্ভাব ॥ ০ ॥

শুকদেব কহিলেন, হে রাজন্! দৈত্য ও দানবগণ যদিও কর্ম্মে উদযুক্ত ছিল, তথাচ বাসুদেব পরাঙ্মুখ হওয়াতে উক্ত প্রকারে অমৃত লাভে বঞ্চিত হইল। ভগবান্ বিষ্ণু অমৃতসাধন পুরঃসর স্বজন দেবগণকে পান করাইয়া দর্শনকারি সর্ব্ব প্রাণির সমক্ষে গরুড়বাহনে স্বস্থানে প্রস্থান করিলেন। তদনন্তর দিতিনন্দন অসুরেরা ঈর্ষা বশতঃ সপত্ন দেবগণের পরমাসিদ্ধি দর্শনে অসহিষ্ণু হইলে, অতএব অস্ত্র শস্ত্রোদ্যম পূর্ব্বক দেবতাদের উপরে উৎপতিত হইয়া যুদ্ধারম্ভ করিল। সুধাসেবনে সুরগণ সর্ব্বতোভাবে সমৃদ্ধ হইয়াছিলেন, তাঁহারাও নারায়ণের শরণাপন্ন হইয়া অস্ত্র শস্ত্র গ্রহণ পূর্ব্বক সমরে প্রবৃত্ত হইলেন ॥ ১ ॥

অতএব সমুদ্রের তীরে সুর ও অসুরদিগের পরম দারুণ তুমুল সংগ্রাম হইল, তাহার কথা শুনিলে রোমাঞ্চ হয় ॥ ২ ॥

হে রাজন্! দেব ও দানবগণ সেই সমরে সংরব্ধমনা পরস্পর পরস্পরকে ধারণ পূর্ব্বক খড়্গ, বাণ এবং অন্যান্য বিবিধ আয়ুধ দ্বারা আঘাত করিতে লাগিল। সেই স্থানে শঙ্খ, তূর্য্য, মৃদঙ্গ, ভেরী এবং ডমরু বাদ্যে তথা হস্তি, অশ্ব, রথ, পদাতির শব্দে অতিশয় কোলাহল হইল। তাহার পর রথিগণ

রথিনো রথিভিস্তত্র পত্তিভিঃ সহ পত্তয়ঃ। হয়া হয়ৈরিভাশ্চেভৈঃ সমসজ্জন্ত সংযুগে।
উষ্ট্রৈঃ কেচিদিভৈঃ কেচিদপরেঽভিযযুঃ খরৈঃ। কেচিদ্গৌরমুখৈর্ঋক্ষৈর্দ্বীপিভির্হরিভির্ভটাঃ।
গৃধ্রৈঃ কঙ্কৈর্বকৈরন্যে শ্যেনভাসৈস্তিমিঙ্গিলৈঃ। শরভৈর্মহিষৈঃ খড়্গৈর্গোবৃষৈর্গবয়ারুণৈঃ।
শিবাভিরাখুভিঃ কেচিৎ কৃকলাশৈঃ শশৈর্নরৈঃ। বস্তৈরেকে কৃষ্ণসারৈর্হংসৈরন্যে চ শূকরৈঃ।
অন্যে জলস্থলখগৈঃ সত্ত্বৈর্বিকৃতবিগ্রহৈঃ। সেনয়োরুভয়ো রাজন্ বিবিশুস্তেঽগ্রতোঽগ্রতঃ॥ ৩॥
চিত্রধ্বজপটৈরাজন্নাতপত্রৈঃ সিতামলৈঃ। মহাধনৈর্বজ্রদণ্ডৈর্ব্যজনৈর্বার্হচামরৈঃ॥ ৪॥
বাতোদ্ধূতোত্তরোষ্ণীষৈঃ শক্তিভির্বর্ম্মভূষণৈঃ। স্ফুরদ্ভির্বিশদৈঃ শস্ত্রৈঃ সুতরাং সূর্য্যরশ্মিভিঃ।
দেবদানববীরাণাং ধ্বজিন্যৌ পাণ্ডুনন্দন। রেজতুর্বীরমালাভির্যাদসামিব সাগরৌ॥ ৫॥

শ্রীধরস্বামী।

চিত্রধ্বজপটাদিভিশ্চ বীরাণাং মালাভিশ্চ রাজাভির্দেবদানববীরাণাং ধ্বজিন্যৌ যাদসাং মালাভিঃ সাগরাবিব রেজতুঃ তৃতীয়েনান্বয়ঃ। বাদোঽভিরিতি বা। সিতৈরমলৈঃ আতপত্রৈশ্চ বার্হৈশ্চামরৈশ্চ ব্যজনৈঃ॥ ৪॥
বাতেনোদ্ধূতৈরুত্তরৈরুত্তরীয়ৈঃ উষ্ণীষৈশ্চ সূর্য্যরশ্মিভিঃ সুতরাং স্ফুরদ্ভিঃ॥ ৫॥

ক্রমসন্দর্ভঃ।

প্রেক্ষং তৈরপি। পাঠস্যাস্য দুর্গমত্বাদেব পাঠান্তরাণি কল্পিতানি লক্ষ্যন্তে। পরস্পরং বিগীতানি॥ ৩—১০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বাতেনোদ্ধূতৈরুত্তরৈরুত্তরীয়ৈরুষ্ণীষৈশ্চার্চ্চিভিরর্চ্চিমদ্ভিঃ সূর্য্যস্য রশ্মিভিঃ সুতরাং স্ফুরদ্ভিঃ।
ধ্বজিন্যৌ সেনে। যাদসাং মালাভিঃ সাগরাবিব॥ ৫॥ ৬॥

রথিদিগের, পদাতি সকল পদাতিদের, ঘোটক সকল ঘোটক সমূহের এবং হস্তিযূথ হস্তি সকলের সহিত সংগ্রাম করিতে প্রবৃত্ত হইল, অপর কতক যোদ্ধা উষ্ট্র দ্বারা, কতক সেনা হস্তির দ্বারা, অপর অপর সৈন্য গর্দ্দভ দ্বারা প্রতিযোধির অভিমুখে ধাবমান হইতে লাগিল। হে রাজন্! কোন কোন যোদ্ধা গৌরমুখ (বানর বিশেষ) লইয়া, কোন কোন সেনা ভল্লুক লইয়া, কেহ কেহ ব্যাঘ্র লইয়া, অপরে সিংহ লইয়া, অন্যে গৃধ্র, বক, ভাস প্রভৃতি পক্ষী, তথা তিমিঙ্গিল, শরভ, মহিষ, গণ্ডার, গো, বৃষ, গবয়াদি লইয়া যুদ্ধক্ষেত্রে আগত হইল। আর কেহ কেহ শিবা, মূষিক, কৃকলাস, শশ (খরগোশ) এবং মনুষ্য লইয়া আসিল। অপর কোন কোন শূর, বস্ত (ছাগল), কৃষ্ণসার (মৃগ বিশেষ), শূকর এবং হংস সমভিব্যাহারে আসিয়া উপস্থিত হইল। অন্যে কতিপয় যোদ্ধা জলচর ও স্থলচর পক্ষি এবং বিকৃতাকার অন্যান্য প্রাণির সহিত আগমন করিল। হে রাজন্! উল্লিখিত সমুদায় ব্যক্তি উভয় পক্ষীয় সেনার অগ্রে অগ্রে আসিয়া রণস্থলে প্রবেশ করিল॥ ৩॥

তদনন্তর বিচিত্র ধ্বজপট, নির্ম্মল শ্বেতচ্ছত্র, মহামূল্য বজ্রময় দণ্ড, ময়ূরপুচ্ছনির্ম্মিত ব্যজন চামর।৪
বাতোদ্ধত উত্তরীয় বসন, উষ্ণীষ, শক্তি (অস্ত্র বিশেষ), বর্ম্ম, ভূষণ এবং সূর্য্যকিরণে দেদীপ্যমান বিবিধ শস্ত্র, তথা বীরশ্রেণী, এই সকল দ্বারা দেব ও দানবদিগের বল অর্থাৎ উভয় পক্ষের সেনা সেইরূপ দীপ্তি পাইতে লাগিল, যেমন সাগরদ্বয় জলজন্তু সমূহ দ্বারা শোভা পায়॥ ৫॥

বৈরোচনো বলিঃ সংখ্যে সোঽসুরাণাং চমূপতিঃ। যানং বৈহায়সং নাম কামগং ময়নির্ম্মিতং।
সর্ব্বসাংগ্রামিকোপেতং সর্ব্বাশ্চর্য্যময়ং বিভো। অপ্রতর্ক্যমনির্দ্দেশ্যং দৃশ্যমানমদর্শনং।
আস্থিতস্তদ্বিমানাগ্র্যং সর্ব্বানীকাধিপৈর্ব্বৃতঃ। বালব্যজন ছত্রাদ্যৈ রেজে চন্দ্র ইবোদয়ে ॥
তস্যাসন্ সর্ব্বতোযানৈর্যূথানাং পতয়োঽসুরাঃ। নমুচিঃ শম্বরো বাণো বিপ্রচিত্তিরয়োমুখঃ ॥
দ্বিমূর্দ্ধা কালনাভোঽথ প্রহেতির্হেতিরিল্বলঃ। শকুনির্ভূতসন্তাপো বজ্রদংষ্ট্রো বিরোচনঃ ॥
হয়গ্রীবঃ শঙ্কুশিরাঃ কপিলো মেঘদুন্দুভিঃ। তারকশ্চক্রজিৎ শুম্ভো নিশুম্ভো জম্ভ উৎকলঃ ॥
অরিষ্টো রিষ্টনেমিশ্চ ময়শ্চ ত্রিপুরাধিপঃ। অন্যে পৌলোমকালেয়া নিবাতকবচাদয়ঃ ॥
অলব্ধভাগাঃ সোমস্য কেবলং ক্লেশভাগিনঃ। সর্ব্ব এতে রণমুখে বহুশো নির্জ্জিতামরাঃ ॥
সিংহনাদং বিমুঞ্চন্তঃ শঙ্খান্ দধ্মুর্মহারবান্। দৃষ্ট্বা সপত্নানুৎসিক্তান্ বলভিৎ কুপিতো ভৃশং ॥
ঐরাবতং দিক্করিণমারূঢ়ো শুশুভে স্বরাট্ ॥ ৬ ॥
যথাস্রবৎ প্রস্রবণমুদয়াদ্রিমহর্পতিঃ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

অসুরাণাং যা চমূস্তস্যাঃ পতিঃ স বলির্যানমাস্থিতঃ উদয়ে উদয়াগিরিশিখরে স্থিতশ্চন্দ্র ইব রেজে ইতি অন্বয়ঃ ॥ ৬ ॥
স্রবন্তি প্রস্রবণানি যস্মিন্নিতি মদধারা সাদৃশ্যং ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রস্রবণানি দানজলা নির্ঝরাশ্চ ॥ ১—৯ ॥

হে রাজন্! বিরোচনের পুত্র বলি ঐ সময়ে অসুরদিগের সেনাপতি হইল। সে বৈহায়স নামক যানে আরোহণ করিয়া, উদয়গিরির শিখরস্থ চন্দ্রতুল্য দীপ্তি পাইতে লাগিল। বলির ঐ যান ময়দানবের নির্ম্মিত অতএব তাহা কামগ, তাহাতে সমগ্র সাংগ্রামিক সামিগ্রী পরিপূর্ণ ছিল। অপর সেই যান সকল আশ্চর্য্যময়, তাহা কি বস্তু, কেহ তর্ক দ্বারাও নিশ্চয় করিতে পারিত না, তাহা কখন দৃশ্য, কখন অদৃশ্য হইত। হে মহারাজ! সর্ব্বশ্রেষ্ঠ সেই বিমানে বলি আরোহণ পূর্ব্বক অধিষ্ঠিত হইলে সমস্ত সেনাপতি চারিদিকে তাহাকে বেষ্টন করিল এবং দুই পার্শ্বে চামর ব্যজন ও উপরে আতপত্র ধৃত হইল, সুতরাং উদয়াচলস্থ চন্দ্রবৎ তাহার শোভা হইতে লাগিল। সে যাহা হউক, পৃথক্ পৃথক্ যূথের অধ্যক্ষ অসুরগণ স্ব স্ব যান সহিত চমূপতি সেই বলির সমভিব্যাহারে গমন করিল। হে রাজন্! নমুচি, শম্বর, বাণ, বিপ্রচিত্তি, অয়োমুখ, দ্বিমূর্দ্ধা, কালনাভ, প্রহেতি, হেতি, ইল্বল, শকুনি, ভূতসন্তাপ, বজ্রদংষ্ট্র, বিরোচন, হয়গ্রীব, শঙ্কুশিরা, কপিল, মেঘদুন্দুভি, তারক, চক্রজিৎ, শুম্ভ, নিশুম্ভ, জম্ভ, উৎকল, অরিষ্টনেমি, ময়, ত্রিপুরাধিপ এবং অন্যান্য পৌলোম, কালেয়, নিবাতকবচ প্রভৃতি যে যে অসুর অমৃতের অংশ না পাওয়াতে কেবল ক্লেশভাগী হইয়াছিল, সকলেই জাতক্রোধ হইয়া সমরক্ষেত্রে অমরদিগকে পরাজয় করিয়া সিংহনাদ করিতে করিতে মহারব শঙ্খের ধ্বনি করিতে লাগিল। হে রাজন্! অসুরদিগকে ঐ প্রকার বলোন্মত্ত অবলোকন করিয়া স্বর্গাধিপতি ইন্দ্রের অতিশয় ক্রোধ হইল। তিনি গগন মণ্ডলে মদজলস্রাবি ঐরাবতোপরি সেইরূপে আরোহণ করিলেন ॥ ৬ ॥
যেমন যাহাতে প্রস্রবণ (ঝরণা) প্রস্রুত হইতেছে সেই উদয়াদ্রিতে দিনকর আরোহণ করেন ॥ ৭

তস্যাসন্ সর্ব্বতোদেবা নানাবাহধ্বজায়ুধাঃ। লোকপালাঃ সহগণৈর্বায়্বগ্নিবরুণাদয়ঃ॥ ৮॥
তেঽন্যোন্যমভিসংসৃত্য ক্ষিপন্তো মর্ম্মভির্মিথঃ। আহ্বয়ন্তো বিশন্তোঽগ্রে যুযুধুর্দ্বন্দ্বযোধিনঃ॥৯॥
যুযোধ বলিরিন্দ্রেণ তারকেণ গুহোঽস্যত। বরুণো হেতিনা যুধ্যন্মিত্রো রাজন্ প্রহেতিনা॥
যমস্তু কালনাভেন বিশ্বকর্ম্মা ময়েন বৈ। শম্বরো যুযুধে ত্বষ্ট্রা সবিত্রা তু বিরোচনঃ॥ ১০॥
অপরাজিতেন নমুচিরশ্বিনৌ বৃষপর্ব্বণা। সূর্য্যোবলিসুতৈর্দেবো বাণজ্যেষ্ঠৈঃ শতেন চ॥ ১১॥
রাহুনাচ তথা সোমঃ পুলোম্না যুযুধেঽনিলঃ। নিশুম্ভশুম্ভয়োর্দেবী ভদ্রকালী তরস্বিনী।
বৃষাকপিস্তু জম্ভেন মহিষেণ বিভাবসুঃ। ইল্বলঃ সহ বাতাপি র্ব্রহ্মপুত্রৈররিন্দম॥
কামদেবেন দুর্ম্মর্ষ উৎকলো মাতৃভিঃ সহ। বৃহস্পতিস্তূশনসা নরকেণ শনৈশ্চরঃ॥
মরুতো নিবাতকবচৈঃ কালেয়ৈর্বসবোঽমরাঃ। বিশ্বেদেবাস্তু পৌলোমৈরুদ্রাঃ ক্রোধবশৈঃ সহ॥

শ্রীধরস্বামী।

নানা বাহনাদীনি যেষাং॥ ৮॥
তে দেবা অসুরাশ্চ মিথো যুযুধুঃ॥ ৯॥
দ্বন্দ্বান্যেবাহ যুযোধেতি সপ্তভিঃ অস্যত আস্যৎ অযুধ্যতেত্যর্থঃ॥ ১০॥
সূর্য্যোদেব এক এব শতেন বলিসুতৈর্বাণো জ্যেষ্ঠো যেষাং তৈঃ॥ ১১॥
নিশুম্ভশুম্ভাভ্যাং দেবী॥ ১২॥

ক্রমসন্দর্ভঃ।

অপরাজিতেনেতি পঞ্চকং॥ ১১॥
ব্রহ্মপুত্রৈঃ প্রজাপতিমুখৈঃ। কামদেবেনেতি। তৎস্থানে দেবেন্দ্রেণ কোপায়ং নিবেশিতঃ নতু স্বয়ং কামঃ। তস্য হরনয়নঃ পূর্ব্বমেব ভস্মীকৃতত্বাৎ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অস্যত আস্যত অস্ত্রাণি চিক্ষেপ॥ ১০॥
সূর্য্যোদেব এক এব শতেন বলিসুতৈঃ। নিশুম্ভশুম্ভাভ্যাং দেবী ব্রহ্মপুত্রৈর্ব্বসিষ্ঠাদ্যৈঃ॥ ১১॥
ভৃগুগুহ্যাদয়োঽস্ত্রবিশেষাঃ॥

হে মহারাজ! ইন্দ্র ঐরাবতোপরি আরূঢ় হইলে দেবগণ বিবিধ বাহন, আয়ুধ ও ধ্বজা সহিত এবং বায়ু অগ্নি বরুণ প্রভৃতি লোকপাল সকল স্ব স্ব গণসহ তাঁহার চতুর্দ্দিকে মিলিত হইলেন॥ ৮॥

তদনন্তর দ্বন্দ্বযোধী সেই সকল সুর অসুর পরস্পরের সম্মুখীন হইয়া নাম গ্রহণ পূর্ব্বক ভর্ৎসন, আহ্বান ও অগ্রে প্রবেশ করিতে করিতে পরস্পর যুদ্ধারম্ভ করিল॥ ৯॥

অর্থাৎ ইন্দ্রের সহিত বলি যুদ্ধে প্রবৃত্ত হইল, তারকাসুরের সঙ্গে কার্ত্তিকেয়ের সমর হইল, হেতির সহিত বরুণ যুদ্ধ করিলেন, প্রহেতির সঙ্গে মিত্রের সংগ্রাম হইল। এইরূপ কালনাভের সহিত যম, ময়দানবের সঙ্গে বিশ্বকর্ম্মা, ত্বষ্টার সহিত শম্বর এবং বিরোচনের সহিত সূর্য্য যুদ্ধ করিলেন॥ ১০॥

অপর অজিতের সহিত নমুচি, বৃষপর্ব্বার সহিত এক সূর্য্যদেবের সংগ্রাম হইল॥ ১১॥

তথা রাহুর সহিত সোম ও পুলোমার সহিত বায়ুর সমর আরম্ভ হইল। হে অরিন্দম! নিশুম্ভ ও শুম্ভের সহিত বেগবতী ভদ্রকালী দেবী, জম্ভাসুরের সহিত বৃষাকপি, মহিষের সহিত বিভাবসু, ব্রহ্মপুত্রের সহিত ইল্বল ও বাতাপি, কামদেবের সহিত দুর্ম্মর্ষ, মাতৃগণের সহিত উৎকল, শুক্রের সহিত বৃহস্পতি, নরকাসুরের সহিত শনি, কালেয় নামক অসুরগণের সহিত বিশ্বদেবগণ এবং ক্রোধবশদিগের

তএবমাজাবসুরাঃ সুরেন্দ্রা দ্বন্দ্বেন সংহত্য চ যুধ্যমানাঃ।
অন্যোন্যমাসাদ্য নিজঘ্নুরোজসা জিগীষবস্তীক্ষ্ণশরাসিতোমরৈঃ॥
ভুষুণ্ডিভিশ্চক্রগদর্ষ্টিপট্টিশৈঃ শক্ত্যুল্মুকৈঃ প্রাসপরশ্বধৈরপি।
নিস্ত্রিংশভল্লৈঃ পরিঘৈঃ সমুদ্গরৈঃ সভিন্দিপালৈশ্চ শিরাংসি চিচ্ছিদুঃ॥ ১২॥
গজাস্তুরঙ্গাঃ সরথাঃ পদাতয়ঃ সারোহবাহা বিবিধা বিখণ্ডিতাঃ।
নিকৃত্তবাহূরুশিরোধরাঙ্ঘ্রয়শ্ছিন্নধ্বজেষ্বাস তনুত্র ভূষণাঃ॥ ১৩॥
তেষাং পদাঘাতরথাঙ্গচূর্ণিতাদায়োধনাদুল্বণ উত্থিতস্তদা।
রেণুর্দিশঃ খং দ্যুমণিঞ্চ ছাদয়ন্ন্যবর্ত্ততাসৃক্স্রুতিভিঃ পরিপ্লুতাৎ॥ ১৪॥
শিরোভিরুদ্ধূতকিরীটকুণ্ডলৈঃ সংরম্ভদৃগ্‌ভিঃ পরিদষ্টদচ্ছদৈঃ।

শ্রীধরস্বামী।

আরোহন্তীত্যারোহাস্তৈঃ সহিতা অশ্বে চ বাহাঃ। পূর্ব্বন্তু কেবলং গজাদয় উক্তাঃ। কথম্ভূতাঃ নিকৃত্তা বাহ্বাদয়ো যেষাং ছিন্নানি ধ্বজাদীনি যেষাং॥ ১৩॥

তেষাং দেবাদীনাং পদাঘাতৈরথাঙ্গৈশ্চ চূর্ণিতাদায়োধনাদ্রণভূমেরুত্থিতো রেণুর্দিশঃ খং দ্যুমণিঞ্চ সূর্য্যং ছাদয়ন্ তত্রৈব ন্যবর্ত্তত। কথম্ভূতাৎ অসৃক্ স্রুতিভী রক্তক্ষরণৈঃ পরিপ্লুতাৎ সিক্তাৎ। যদ্বা। পরিপ্লবনাদ্ধেতোর্ন্যবর্ত্তত ভাবে ক্তঃ। রক্তধারাণাং তাবৎপর্য্যন্তমুচ্ছলনাদিত্যর্থঃ। পরিপ্লুত ইতি পাঠে রেণোর্বিশেষণং॥ ১৪॥

শিরোভির্ম্মহাভুজৈশ্চ করভসদৃশৈরূরুভিশ্চ সা রণভূঃ প্রকর্ষেণাস্তৃতা সতী বভৌ। কথম্ভূতৈঃ শিরোভিঃ উদ্ধৃতানি পতিতানি

ক্রমসন্দর্ভঃ।

স্পষ্টয়ঃ স্পষ্টয়ঃ॥ ১২—১৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আরোহন্তীত্যারোহা বাহাঃ তৈঃ সহিতা বাহা বাহনাঃ। ইষ্বাসো ধনুঃ তনুত্রং কবচং॥ ১২॥ ১৩॥

চূর্ণিতাচ্চূর্ণীভূতাৎ আয়োধনাৎ সংগ্রামস্থানাৎ উত্থিতো রেণুর্ন্যবর্ত্তত। কীদৃশাৎ অসৃক্ স্রুতিভিঃ রক্তক্ষরণৈঃ পরিপ্লুতাৎ সিক্তাৎ পরিপ্লুত ইতি পাঠে রেণুর্বিশেষণং। তদা চ সূর্য্যপর্য্যন্তং রক্তোচ্ছলনং জ্ঞেয়ং॥ ১৪॥
প্রাকর্ষেণ আস্তৃতা আচ্ছাদিতাঃ॥ ১৫॥

সহিত রুদ্রগণ সংগ্রাম করিলেন। হে রাজন্! উক্ত প্রকারে দানব ও দেবেন্দ্র প্রত্যেকে ভিন্ন ভিন্ন ব্যক্তির প্রতিকূল হইয়া যুদ্ধ করিতে করিতে পরস্পর জয় লাভেচ্ছায় তীক্ষ্ণ বাণ, খড়্গ ও তোমরাদি অস্ত্র শস্ত্র দ্বারা মহাবলে পরস্পরকে আঘাত করিতে লাগিলেন। ভুষণ্ডি, চক্র, গদা, ঋষ্টি, পট্টিশ, শক্তি ও ভিন্দিপাল, দ্বারা অবিশ্রান্ত পরস্পরের শিরশ্ছিন্ন হইতে লাগিল॥ ১২॥

অপর হস্তী, অশ্ব, রথ, পদাতি এবং আরোহি সমেত বিবিধ বাহন, বিবিধ শস্ত্র প্রহারে খণ্ড খণ্ড হইল, তাহাদের বাহু, ঊরু, কন্ধর, চরণ নিকৃত্ত হইয়া পড়িল এবং ধ্বজা, ধনুঃ, কবচ, ভূষণ প্রভৃতি ছিন্ন ভিন্ন হইয়া গেল॥ ১৩॥

হে রাজন্! ঐ সকল দেবাদির পদাঘাতে ও রথচক্রে রণভূমি চূর্ণিত হওয়াতে তথা হইতে অত্যুগ্র ধূলি উদ্ধূত হইয়া প্রথমে গগনমণ্ডল ও দিনকরকে আচ্ছাদন করিতে লাগিল, তাহার পরে শোণিত ক্ষরণে যুক্ত হইবামাত্র ঐ ব্যাপার হইতে একেবারে নিবৃত্ত হইল॥ ১৪॥

হে রাজন্! সেই রণভূমি ভূরি ভূরি যোদ্ধার ভূষণ ভূষিত, ছিন্ন ভুজে করভ সদৃশ, ঊরুতে এবং সমুকুট মস্তকে আচ্ছন্ন হইয়া প্রকৃষ্ট দীপ্তি ধারণ করিল। রণাজিরে যে সকল মুণ্ড পড়িয়াছিল, সে

মহাভুজৈঃ সাভরণৈঃ সহায়ুধৈঃ সা প্রাস্তৃতা ভূঃ করভোরুভির্ব্বভৌ ॥ ১৫ ॥
কবন্ধাস্তত্র চোৎপেতুঃ পতিতস্বশিরোঽক্ষিভিঃ। উদ্যতায়ুধদোর্দ্দণ্ডৈরাধাবন্তো ভটান্ মৃধে ॥ ১৬ ॥
বলির্মহেন্দ্রং দশভিস্ত্রিভিরৈরাবতং শরৈঃ। চতুর্ভিশ্চতুরো বাহানেকেনারোহমার্চ্ছয়ৎ ॥
স তানাপততঃ শক্রস্তাবদ্ভিঃ শীঘ্রবিক্রমঃ। চিচ্ছেদ নিশিতৈর্ভল্লৈরসংপ্রাপ্তান্ হসন্নিব ॥ ১৭ ॥
তস্য কর্ম্মোত্তমং বীক্ষ্য দুর্ম্মর্ষঃ শক্তিমাদদে। তাং জ্বলন্তীং মহোল্কাভাং হস্তস্থামচ্ছিনদ্ধরিঃ।
ততঃ শূলং ততঃ প্রাসং ততস্তোমরমৃষ্টয়ঃ। যদ্যচ্ছস্ত্রং সমাদদ্যাৎ সর্ব্বং তদচ্ছিনৎ প্রভুঃ ॥
সসর্জ্জাথাসুরীং মায়ামন্তর্দ্ধানং গতোঽসুরঃ। ততঃ প্রাদুরভূচ্ছৈলঃ সুরানীকোপরি প্রভো ॥ ১৮ ॥
ততো নিপেতুস্তরবো দহ্যমানা দবাগ্নিনা। শিলাঃ সটঙ্কশিখরাশ্চূর্ণয়ন্ত্যো দ্বিষদ্বলং ॥

শ্রীধরস্বামী।

কিরীটানি কুণ্ডলানি চ যেভ্যস্তৈঃ সংরম্ভযুক্তা দৃশো যেষু তৈঃ। পরিদষ্টা দন্তচ্ছদা যেষু তৈঃ ॥ ১৫ ॥
পতিতানি যানি স্বশিরাংসি তত্রত্যৈরক্ষিভিঃ পশ্যন্ত ইত্যর্থঃ। উদ্যতানি আয়ুধানি যৈস্তৈর্দোর্দ্দণ্ডৈর্যুক্তাঃ ॥ ১৬ ॥
বাহান্ ঐরাবতপাদরক্ষকান্। আরোহং গজযন্তারং আর্চ্ছয়ৎ বিব্যাধ ॥ ১৭ ॥
দুর্ম্মর্ষঃ অসহনো বলিঃ ॥ ১৮ ॥
টঙ্কবস্তীক্ষ্ণৈঃ শিখরৈঃ সহিতাঃ ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

মহোরগা ইতি যুগ্মকং ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পতিতানি যানি স্বশিরাংসি তত্রত্যৈরক্ষিভিঃ পশ্যন্তঃ ॥ ১৬ ॥
বাহান্ ঐরাবতপাদরক্ষকান্ আরোহং গজযন্তারং আর্চ্ছয়ৎ বিব্যাধ ॥ ১৭ ॥
দুর্ম্মর্ষঃ অসহনো বলিঃ ॥ ১৮ ॥
টঙ্কবত্তীক্ষ্ণৈঃ শিখরৈঃ সহ বর্ত্তমানাঃ ॥ ১৯ ॥

সকলের কীরীট ও কুণ্ডল স্খলিত হইয়াছিল এবং তদবস্থাতেও মুণ্ডস্থ চক্ষুঃ সকল ক্রোধারক্ত, আর ওষ্ঠ সকল পরিদষ্ট হইয়া রহিয়াছিল ॥ ১৫ ॥

সে যাহা হউক, তাহার পরে পতিত স্ব স্ব শিরস্থ চক্ষুর্দ্বারা অবলোকন করিতে করিতে বহু বহু কবন্ধ উৎপতিত হইল। সেই সকল ছিন্নশিরা পুরুষ স্ব স্ব দোর্দণ্ডে বিবিধ আয়ুধ উত্তোলন করিয়া সেনাগণের প্রতি ধাবমান হইতে লাগিল ॥ ১৬ ॥

তদনন্তর বলি দশ বাণ দ্বারা মহেন্দ্রকে, তিন বাণে তদীয় বাহন ঐরাবতকে, চারি বাণে ঐরাবতের পাদরক্ষক চারি বাহকে এবং একবাণে হস্তির যন্তাকে (মাহুতকে) বিদ্ধ করিল। কিন্তু ঐ সকল বাণ বেগে আসিয়া না পড়িতে পড়িতে দেবরাজ হাস্য করত সুতীক্ষ্ণ ভল্ল দ্বারা ছেদন করিয়া ফেলিলেন॥১৭

দেবেন্দ্রের এই প্রশংসনীয় কর্ম্ম নিরীক্ষণ করিয়া বলি ঈর্ষায় অসহিষ্ণু হইলেন, তৎক্ষণাৎ ক্রোধভরে শক্তি গ্রহণ করিল, কিন্তু সেই শক্তি তাহার হস্তে থাকিয়া মহতী উল্কার ন্যায় যখন জ্বলিতেছিল, সেই সময়েই ইন্দ্র স্বীয় শস্ত্র দ্বারা ছিন্ন করিয়া ফেলিলেন। বলি তাহার পর শূল, তৎপরে প্রাস (অস্ত্র বিশেষ), তৎপশ্চাৎ তোমর (অস্ত্র বিশেষ), তদনন্তর ঋষ্টি লইল, কিন্তু যাহা যাহা গ্রহণ করিতে লাগিল, দেবরাজ সে সকলই ছিন্ন করিয়া ফেলিলেন। তদনন্তর ঐ অসুর সহসা অন্তর্হিত হইয়া আসুরী মায়া সৃষ্টি করিল, তাহাতে সুর সৈন্যদিগের উপরে হঠাৎ বৃহদাকার একটা পর্ব্বত প্রাদুর্ভূত হইল ॥ ১৮ ॥

তাহার পরে ভূরি ভূরি তরু দাবানলে দগ্ধ হইয়া পড়িতে লাগিল এবং টঙ্কের তুল্য তীক্ষ্ণ শিখর

মহোরগাঃ সমুৎপেতুর্দন্দশূকাঃ সবৃশ্চিকাঃ। সিংহ ব্যাঘ্র বরাহাশ্চ মর্দ্দয়ন্তো মহাগজাঃ।
যাতুধান্যশ্চ শতশঃ শূলহস্তা বিবাসসঃ। ছিন্ধিভিন্ধীতি বাদিন্যস্তথা রক্ষোগণাঃ প্রভো॥ ১৯॥
ততো মহাঘনা ব্যোম্নি গম্ভীরপরুষস্বনাঃ। অঙ্গারান্মুমুচুর্বাতৈরাহতাস্তনয়িত্নবঃ॥ ২০॥
সৃষ্টো দৈত্যেন সুমহান্ বহ্নিঃ শ্বসনসারথিঃ। সাম্বর্ত্তক ইবাত্যুগ্রো বিবুধধ্বজিনীমধাক্॥ ২১॥
ততঃ সমুদ্র উদ্বেলঃ সর্ব্বতঃ প্রত্যদৃশ্যত। প্রচণ্ডবাতৈরুদ্ধূততরঙ্গাবর্ত্তভীষণঃ॥ ২২॥
এবং দৈত্যৈর্মহামায়ৈরলক্ষ্যগতিভীরণে। সৃজ্যমানাসু মায়াসু বিষেদুঃ সুরসৈনিকাঃ॥ ২৩॥
ন তৎ প্রতিবিধিং যত্র বিদুরিন্দ্রাদয়ো নৃপ। ধ্যাতঃ প্রাদুরভূত্তত্র ভগবান্ বিশ্বভাবনঃ॥ ২৪॥

শ্রীধরস্বামী।

স্তনয়িত্নবশ্চ অঙ্গারান্মুমুচুরিত্যন্বয়ঃ॥ ২০॥
অধাক্ আর্ষঃ অধাক্ষীদিত্যর্থঃ॥ ২১॥
উদ্ধূতৈস্তরঙ্গৈরাবর্ত্তৈর্ভীষণঃ॥ ২২॥
এবমৈস্তেশ্চ দৈত্যৈঃ সৃজ্যমানাসু॥ ২৩॥
যত্র যদা তদা তৈর্ধ্যাতঃ সন্॥ ২৪॥

ক্রমসন্দর্ভঃ।

স্তনয়িত্নবঃ ঘনবিশেষাশ্চ॥ ২০—২৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্তনয়িত্নবো গর্জ্জনবন্তঃ॥ ২০॥
অধাক্ অধাক্ষীৎ॥ ২১—২৫॥

সহিত বহু বহু শিলা প্রক্ষিপ্ত হইয়া শক্রসেনা চূর্ণ করিতে আরম্ভ করিল। অপর দন্দশূক, মহা২ সর্প, বৃশ্চিক এবং সিংহ, ব্যাঘ্র, বরাহ তথা মর্দ্দনকারী মহা২ হস্তী উৎপতিত হইল। আর, দিগম্বরী শূলধারিণী শত শত নিশাচরী তথা বহু বহু রাক্ষস প্রকাশমান হইয়া "মার্ মার্ কাট্ কাট্" বলিয়া ভয়ঙ্কর কোলাহল করিতে লাগিল॥ ১৯॥

তাহার পরেই গগনমণ্ডলে মহামেঘ উদিত হইয়া গম্ভীর পরুষ ধ্বনি আরম্ভ করিল। অন্য অন্য বলাহক সকল বায়ু দ্বারা আহত হইয়া অঙ্গার বর্ষণ করিতে লাগিল॥ ২০॥

তদনন্তর মহাসুর বলি মায়াযোগে যে অগ্নি সৃষ্টি করিল যাহার সারথি বায়ু, তাহা প্রলয়াগ্নির তুল্য ভীষণ হইয়া দেবতাদিগের সেনা দগ্ধ করিবার উপক্রম করিল॥ ২১॥

তাহার পরেই সকল দিকে সমুদ্র উদ্বেল লক্ষিত হইল। প্রচণ্ড পবন দ্বারা যে সকল তরঙ্গ ও আবর্ত্ত উত্থিত হইতে লাগিল, তাহাতে রণভূমি সাতিশয় ভীষণ বোধ হইল॥ ২২॥

অন্যান্য মায়াবী দানবগণ অলক্ষ্য গতি হইয়া উক্ত প্রকারে রণক্ষেত্রে বিবিধ মায়া সৃজন করিতে আরম্ভ করিলে দেবতাদিগের সেনা সকল বিনষ্ট হইল॥ ২৩॥

হে নৃপ! ইন্দ্রাদি দেববৃন্দ যখন উহার প্রতীকারোপায় দেখিতে পাইলেন না, তখন ভগবানের ধ্যান করিলেন। ধ্যাত হইবা মাত্র সেই স্থানে ভগবান্ বিশ্বভাবনের আবির্ভাব হইল॥ ২৪॥

ততঃ সুপর্ণাংসকৃতাঙ্ঘ্রিপল্লবঃ পিশঙ্গবাসা নবকঞ্জলোচনঃ।
অদৃশ্যতাষ্টায়ুধবাহুরুল্লসচ্ছ্রীকৌস্তুভানর্ঘ্য কিরীটকুণ্ডলঃ ॥ ২৫ ॥
তস্মিন্ প্রবিষ্টেঽসুরকূটকর্ম্মজা মায়া বিনেশুর্ম্মহিনা মহীয়সঃ।
স্বপ্নো যথাহি প্রতিবোধ আগতে হরেঃ স্মৃতিঃ সর্ব্ববিপদ্বিমোক্ষণঃ ॥ ২৬ ॥
দৃষ্ট্বা মৃধে গরুড়বাহমিভারিবাহ আবিধ্য শূলমহিনোদথ কালনেমিঃ।
তল্লীলয়া গরুড়মূর্দ্ধ্নি পতদ্গৃহীত্বা তেনাহনন্নৃপ সবাহমরিং ত্র্যধীশঃ ॥ ২৭ ॥
মালী সুমাল্যতিবলৌ যুধি পেততুর্যচ্চক্রেণ কৃত্তশিরসাবথমাল্যবাংস্তং।
আহত্য তিগ্মগদয়াহনদণ্ডজেন্দ্রং তাবচ্ছিরোঽচ্ছিনদরের্নদতোঽরিণাদ্যঃ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

অষ্টৌ আয়ুধযুক্তা বাহবো যস্য। শ্রীশ্চ কৌস্তুভশ্চ অনর্ঘ্যং কিরীটঞ্চ কুণ্ডলে চ উল্লসন্তি শ্রীকৌস্তুভাদীনি যস্মিন্ ॥ ২৫ ॥

অসুরাণাং কূটং কর্ম্মমন্ত্রাদিপ্রয়োগস্তস্মাজ্জাতা মহিনা মহিম্না হরেঃ স্মৃতিরেব সর্ব্বাসাং বিপদাং বিমোক্ষণরূপা কিমুত হরেঃ প্রবেশ ইত্যর্থঃ ॥ ২৬ ॥ ইভারিবাহঃ সিংহবাহঃ। অহিনোৎ চিক্ষেপ লীলয়ৈব তদ্গৃহীত্বা অহনৎ অহন্ হে নৃপ ॥ ২৭ ॥

যস্য চক্রেণ নিকৃত্তশিরসৌ পেততুঃ তং তথা ভূতমপি আহত্য সংহত্য অণ্ডজেন্দ্রং গরুড়ং অহনৎ তং হন্তুং গদামুদ্যচ্ছদিত্যর্থঃ। আদ্যো হরিঃ ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

হরিরিতি পাঠঃ সর্ব্বত্র হরেরিতি তু টীকায়াং দৃশ্যতে ॥ ২৬—২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মহিনা মহিম্না ॥ ২৬ ॥ ইভারিবাহঃ সিংহবাহঃ। আবিধ্য কম্পায়িত্বা পতদেব শূলং বামহস্তেন গৃহীত্বা তেনৈবাহনৎ অহন্ ॥ ২৭ ॥

যচ্চক্রেণ যস্য চক্রেণ তং হরিং আহত্য অণ্ডজেন্দ্রং গরুড়ং অহনৎ যাবৎ হন্তুং প্রবৃত্তে তাবদেব আচ্ছিনৎ আদ্যো হরিঃ ॥ ২৮ ॥

তৎপরেই পীতবসনধারী নব-নীরজলোচন ভগবান্ অষ্টভুজে অষ্ট আয়ুধ ধারণ পূর্ব্বক সকলের দৃষ্টিগোচর হইলেন। নিজ বাহন গরুড়ের দুই স্কন্ধে তাঁহার দুই চরণ সন্নিবেশিত হইয়া রহিয়াছিল, আর শ্রী, কৌস্তুভ, বহুমূল্য কিরীট এবং মনোহর কুণ্ডলদ্বয় যথাযোগ্য অঙ্গে ধৃত হইয়া শোভা বিস্তার করিতেছিল ॥ ২৫ ॥

হে মহারাজ! যেমন জাগ্রৎ দশা আগত হইলে স্বপ্নাবস্থা বিলয় পায় তেমনি ভগবান্ রণক্ষেত্রে প্রবিষ্ট হইবামাত্রে অসুরদিগের মন্ত্রাদি প্রয়োগ জন্য সমস্ত মায়া বিনষ্ট হইল। হে রাজন্! ভগবান্ হরির এমন মহিমা যে স্মরণ মাত্রে সকল বিপদ্ দূরীভূত হয়, তাঁহার প্রবেশে দেবতাদিগের বিপদ বিনষ্ট হইবে আশ্চর্য্য কি? ॥ ২৬ ॥

সে যাহা হউক, কালনেমি নামে যে অসুর সিংহবাহনে আসিয়া শৌর্য্য বীর্য্য প্রকাশ করিতেছিল, সে রণক্ষেত্রে গরুড় বাহন ভগবান্‌কে অবলোকন করিয়াই বিদ্ধ করিবার বাসনায় সুতীক্ষ্ণ শূল ক্ষেপণ করিল। সেই শূল গরুড়ের মস্তকোপরি পতিত হয়, ইহা দেখিয়া ত্রিগুণাধীশ ভগবান্ অবলীলাক্রমে তাহা গ্রহণ করিলেন এবং তদ্দ্বারাই বাহন সহিত সেই শত্রুর প্রাণ সংহার করিলেন ॥ ২৭ ॥

হে রাজন্! মালী ও সুমালী নামে দুই দৈত্য মহাবলে যুদ্ধ করিতে করিতে যাঁহার চক্রে নিকৃত্তশিরা হইয়া সমরশায়ী হইল, তাঁহাকে তদ্রূপ নিরীক্ষণ করিয়াও মাল্যবান্ অসুর তীক্ষ্ণ গদা দ্বারা হরিকে আঘাত করিয়া যখন তদীয় বাহন গরুড়ের সংহারার্থ উদ্যম করিল সেই সময় ভগবান্ হরি চক্র দ্বারা তাহার শিরশ্ছেদন করিয়া ফেলিলেন ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে দেবাসুর-সংগ্রামে দশমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

অথো সুরাঃ প্রত্যুপলব্ধচেতসঃ পরস্য পুংসঃ পরয়ানুকম্পয়া।
জঘ্নুর্ভৃশং শক্রসমীরণাদয়স্তাংস্তান্ রণে যৈরভিসংহতাঃ পুরা ॥ ১ ॥
বৈরোচনায় সংরব্ধো ভগবান্ পাকশাসনঃ। উদযচ্ছদ্যদা বজ্রং প্রজা হাহেতি চুক্রুশুঃ।
বজ্রপাণিস্তমাহেদং তিরস্কৃত্য পুরঃস্থিতং। মনস্বিনং সুসম্পন্নং বিচরন্তং মহামৃধে ॥ ২ ॥
নটবন্মূঢ় মায়াভির্মায়েশান্নো জিগীষসি। জিত্বা বালান্নিরুদ্ধাক্ষান্নটো হরতি তদ্ধনং ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইত্যষ্টমে দশমঃ ॥ * ॥

একাদশেতু দেবেষু দৈত্যঘাতিষু নারদঃ। দেবানবারয়চ্ছুক্রো মৃতান্ দৈত্যানজীবয়ৎ ॥ ১ ॥

উদযচ্ছৎ উদ্যতে ॥ ২ ॥

নিরুদ্ধানি অক্ষীণি যেষাং তান্ বালান্ জিত্বা নটঃ কপটবৃত্তির্যথা তেষাং ধনং হরতি তথা হে মূঢ় মায়েশান্ অস্মান্ জেতু-মিচ্ছসি ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে দশমোঽধ্যায়ঃ ॥ * ॥

হে মূঢ় মায়েশানপ্যস্মান্ নটতুল্যোঽপি নটযোগ্যাভির্মায়াভিঃ কিং জিগীষসীত্যর্থঃ। নটস্তু তাবন্নিরুদ্ধাক্ষান্ স্বমায়য়া বৃতো নেত্রান্ বালান্ তাদৃশদ্যামিথ্যাত্বদর্শকং বিদ্যানুভিজ্ঞানেব জিগীষতি নতু মায়েশানিতি। ততো মূঢ় ইতি ভাবঃ ॥ ১—৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। অষ্টমে দশমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

একাদশে সকোপোক্তিরিন্দ্রো জম্ভাদিকানহন্। নারদোক্ত্যা যুদ্ধভঙ্গে শুক্রো দৈত্যানজীবয়ৎ ॥ ১ ॥ ২ ॥

নটবদিতি লোকং বিবৃণোতি। নটো হি বালান্ নিরুদ্ধাক্ষান্ কৃত্বা কপটেন জিত্বা তদ্ধনং হরতি তথৈব কিমস্মান্ জিগীষসি ॥ ৩ ॥

॥ * ॥ ইতি অষ্টমে দশম ॥ * ॥

একাদশাধ্যায়ে দৈত্যদিগের সংহার দর্শনে দেবর্ষি কর্ত্তৃক দেবতাদিগকে নিবারণ এবং শুক্রাচার্য্য দ্বারা মৃত দানবগণের পুনর্জীবন ॥ ০ ॥

শুকদেব কহিলেন, তদনন্তর ইন্দ্র বায়ু প্রভৃতি দেবগণ পরম পুরুষ ভগবানের অনুকম্পায় উপলব্ধ চিত্ত হইয়া সমরক্ষেত্রে সেই সমস্ত অসুরদিগের প্রতি অত্যর্থ আঘাত আরম্ভ করিলেন, যাহারা পূর্ব্বে তাঁহাদিগকে আঘাত করিয়াছিল ॥ ১ ॥

দেবরাজ ইন্দ্র ক্রুদ্ধ হইয়া যখন বিরোচনপুত্র বলির প্রতি প্রহারার্থ বজ্র উত্তোলন করিলেন, সে সময় প্রজা সকল হাহাকার করিয়া উঠিল। মনস্বী বলি সুসজ্জিত হইয়া মহারণে বিচরণ করিতেছিল, অমরাধিপ বজ্রহস্ত হইয়া সম্মুখবর্ত্তি সেই দানবকে তিরস্কার করিয়া কহিলেন ॥ ২ ॥

অরে মূঢ়! কপটবৃত্তি দস্যু যেমন বালকদিগের চক্ষুঃ কর্ণাদি নিরুদ্ধ করিয়া তাহাদিগের ধন হরণ করে, তুই মায়া দ্বারা তদ্রূপ করিয়া আমাদিগকে জয় করিতে ইচ্ছা করিতেছিস্। কিন্তু তোর এই বাসনা পূর্ণ হইবার নয়, আমরা মায়ার ঈশ্বর ॥ ৩ ॥

আরুরুক্ষন্তি মায়াভিরুৎসিসৃপ্সন্তি যে দিবং। তান্দস্যূন্ বিধুনোম্যজ্ঞান্ পূর্ব্বস্মাচ্চ পদাদধঃ ॥
সোঽহং দুর্ম্মায়িনস্তেঽদ্য বজ্রেণ শতপর্ব্বণা। শিরো হরিষ্যে মন্দাত্মন্ ঘটস্ব জ্ঞাতিভিঃ সহ ॥
শ্রীবলিরুবাচ ॥
সংগ্রামে বর্ত্তমানানাং কালচোদিতকর্ম্মণাং কীর্ত্তির্জয়োঽজয়ো মৃত্যুঃ সর্ব্বেষাং স্যুরনুক্রমাৎ ॥ ৪ ॥
তদিদং কালরসনং জগৎ পশ্যন্তি সূরয়ঃ। ন হৃষ্যন্তি ন শোচন্তি তত্র যূয়মপণ্ডিতাঃ ॥ ৫ ॥
ন বয়ং মন্যমানানামাত্মানং তত্র সাধনং। গিরো বঃ সাধুশোচ্যানাং গৃহ্ণীমো মর্ম্মতাড়নাঃ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

মৎপ্রভাবং শৃণু ইত্যাহ আরুরুক্ষন্তি আরোঢুমিচ্ছন্তি যে চ উৎসিসৃপ্সন্তি উল্লঙ্ঘয়িতুমিচ্ছন্তি মোক্ষমিচ্ছন্তীত্যর্থঃ। অধো বিধুনোমি পাতয়ামি ॥ ৪ ॥
কালরসনং কালব্যাপ্তং অতো ন হৃষ্যন্তি তত্রৈবং বিবেকে যূয়মপণ্ডিতাঃ অনিপুণাঃ ॥ ৫ ॥
তত্র কীর্ত্তিজয়াদৌ আত্মানং সাধনং মন্যমানানাং বো গিরো ন গৃহ্ণীমঃ মর্ম্মসু তাড়নং যাভিস্তাঃ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

উৎসিসৃপ্সন্তীত্যত্র মায়াভির্যোগবলৈঃ। নতু ভগবদাশ্রয়েণেতি জ্ঞেয়ং ॥
ঘটস্ব যুদ্ধায় যুজ্যস্ব ॥ ৪ ॥
কাল এব রসনা রজ্জুর্যস্য তৎ ॥ ৫ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উৎসিসৃপ্সন্তি দিবমপ্যুল্লঙ্ঘয়িতুমিচ্ছন্তি মহর্লোকাদিষ্বপ্যধিকর্ত্তুমিচ্ছন্তীত্যর্থঃ। পূর্ব্বস্মাৎ রসাতলাখ্যপদাধঃ পাতয়ামি ॥
অস্মাৎ কীর্ত্তিরজয়ান্তা স্যুরিত্যর্থঃ ॥ ৪ ॥
কালরসনং কালযন্ত্রিতং পশ্যন্তোঽপি নতু হর্ষশোকাদিকং প্রাপ্নুবন্তি ॥ ৫ ॥
তত্র কীর্ত্তিজয়াদৌ আত্মানং স্বং সাধনং অহঙ্কারমৌঢ্যাদেবেতি ভাবঃ। সাধুভির্মুনিভিরস্মাভিরপি যথা যূয়ং শোচ্যাস্তথা বয়ং যুষ্মা অপি ন শোচ্যামহে ইতি ভাবঃ ॥ ৬—৮ ॥

অরে! আমার প্রভাব শ্রবণ কর, যাহারা মায়া দ্বারা স্বর্গ আরোহণ করিতে বাঞ্ছা করে, কিম্বা যাহারা স্বর্গ উল্লঙ্ঘনে অভিলাষী হয় অর্থাৎ মহর্লোকাদিও অধিকার করিতে ইচ্ছা করে, আমি সে সকল দস্যুকে তাহাদের পূর্ব্বপদ অপেক্ষাও অধঃপদে নিঃক্ষেপ করিয়া থাকি। অরে মন্দাত্মন্! আমি এই শতপর্ব্বযুক্ত বজ্র দ্বারা তোর শিরশ্ছেদ করিতেছি, তুই জ্ঞাতিগণের সহিত যত্ন কর।

বলি কহিল, অহে মহেন্দ্র! এত গর্ব্ব করিতেছ কেন? যে সকল ব্যক্তি সংগ্রামে প্রবৃত্ত হয়, তাহারা কাল প্রেরিত, তাহাদেরই ক্রমে কীর্ত্তি, জয়, পরাজয় ও মৃত্যু হইয়া থাকে ॥ ৪ ॥

অতএব পণ্ডিতেরা এই জগৎকে কালযন্ত্রিত বিবেচনা করিয়া থাকেন, সুতরাং ঐ সকল বিষয়ের জন্য হর্ষ অথবা শোক করেন না, কিন্তু তোমাদের তদ্রূপ বিবেচনা নাই, তোমরা তদ্বিষয়ে অনিপুণ ॥ ৫ ॥

এই নিমিত্ত ঐ সকল কীর্ত্তি জয়াদিতে আপনাদিগকে কারণ বোধ করিয়া মর্ম্মপীড়ক বাক্য বলিতেছ, আমরা তোমাদের ঐ সমস্ত কথায় কর্ণপাত করিব না, তোমরা অতিশয় নির্ব্বোধ, তোমাদের নিমিত্ত শোক করিতে হয় ॥ ৬ ॥

শ্রীশুক উবাচ ॥

ইত্যাক্ষিপ্য বিভুং বীরো নারাচৈর্বীরমর্দ্দনঃ। আকর্ণপূর্ণৈরহনদাক্ষেপৈরাহ তং পুনঃ ॥ ৭ ॥

এবং নিরাকৃতো দেবো বৈরিণা তথ্যবাদিনা। নামৃষ্যত্তদধিক্ষেপং তোত্রাহত ইব দ্বিপঃ ॥ ৮ ॥

প্রাহরৎ কুলিশং তস্মা অমোঘং পরমর্দ্দনং। সযানোন্যপতদ্ভূমৌ ছিন্নপক্ষ ইবাচলঃ ॥

সখায়ং পতিতং দৃষ্ট্বা জম্ভো বলিসখঃ সুহৃৎ। অভ্যয়াৎ সৌহৃদং সখ্যুর্হতস্যাপি সমাচরন্ ॥

স সিংহবাহ আসাদ্য গদামুদ্যম্য রংহসা। জত্রাবতাড়য়চ্ছক্রং গজঞ্চ সুমহাবলঃ ॥

গদাপ্রহারব্যথিতো ভৃশং বিহ্বলিতো গজঃ। জানুভ্যাং ধরণীং স্পৃষ্ট্বা কশ্মলং পরমং যযৌ ॥

ততো রথোমাতলিনা হরিভির্দশশতৈর্বৃতঃ। আনীতো দ্বিপমুৎসৃজ্য রথমারুরুহে বিভুঃ ॥

তস্য তৎ পূজয়ন্ কর্ম্ম জম্ভো দানবসত্তমঃ। শূলেন জ্বলতা তন্তু স্ময়মানোহনন্মৃধে ॥

সেহে রুজং সুদুর্মর্ষাং সত্ত্বমালম্ব্য মাতলিঃ। ইন্দ্রোজম্ভস্য সংক্রুদ্ধো বজ্রেণাপাহরচ্ছিরঃ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

বিভুমিন্দ্রং ॥ ৭ ॥ তোত্রমঙ্কুশস্তেনাহত ইব ॥ ৮ ॥ সযানো বিমানসহিতঃ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

আকর্ণপূর্ণৈঃ কর্ণপর্য্যন্তপূর্ণতয়াকৃষ্টৈঃ ॥ ৭ ॥

নিরাকৃতো নারাচৈঃ পরাহতঃ। তদধিক্ষেপং নারাচপ্রয়োগানন্তরং পুনরধিক্ষেপং। তোত্রং বৈণুকমিত্যমরঃ ॥ ৮ ॥

স্পৃষ্ট্বা কশ্মলঞ্চ পরং যযাবিতি পাঠো বহু সম্মতঃ। শলাকালকঞ্চ ॥ ৯—১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হরিভিরশ্বৈঃ ॥ ৯ ॥ ১০ ॥

শুকদেব কহিলেন, বীরমর্দ্দন বলি এই প্রকারে দেবেন্দ্রকে তিরস্কার করিয়া কর্ণপর্য্যন্ত আকৃষ্ট নারাচ দ্বারা আঘাত করিল। হে রাজন্! দেবরাজ তাহার তিরস্কারেই আহত হইয়াছিলেন, নারাচাঘাতে পুনরাহত হইলেন ॥ ৭ ॥

কিন্তু যদিও দেবেন্দ্র ঐ প্রকারে যথার্থবাদি বৈরি কর্ত্তৃক নিরাকৃত হইলেন তথাচ অঙ্কুশাহত হস্তির ন্যায় ঐ দানবের তিরস্কার সহ্য করিলেন না ॥ ৮ ॥

তৎক্ষণাৎ অমোঘ কুলিশ লইয়া তাহার উপর প্রহার করিলেন, তাহাতে সেই দানব ছিন্ন পক্ষ পর্ব্বতের ন্যায় বিমান সহিত অবনীতলে পতিত হইল। বলির বন্ধু জম্ভাসুর আপনার সখাকে সমরে পতিত হইতে দেখিয়া যদিও সুহৃদ্ হত হইল তথাচ তাহার সৌহৃদ্যাচরণার্থ ধাবমান হইল এবং সিংহবাহের সহিত মিলিয়া সমীপে গমনানন্তর বেগে গদা উত্তোলন পূর্ব্বক ইন্দ্র তদীয় গজের স্কন্ধসন্ধিতে আঘাত করিল। দেবরাজের হস্তী গদা প্রহারে অত্যর্থ ব্যথিত হওয়াতে অচেতন হইল এবং জানুদ্বয়ে ধরণী স্পর্শ পূর্ব্বক কাতর হইয়া পড়িল। হে রাজন্! এতদবলোকনে ইন্দ্রসারথি মাতলি দশ শত অশ্ব যোজন পূর্ব্বক রথ আনিয়া উপস্থিত করিল। দেবরাজ হস্তি পরিত্যাগ করিয়া তাহাতে আরোহণ করিলেন। জম্ভাসুর ইন্দ্রসারথির ঐ কর্ম্ম দেখিয়া প্রশংসা করিতে লাগিল কিন্তু পরক্ষণেই গর্ব্ব প্রকাশ পুরঃসর সেই সমরক্ষেত্রে জ্বলন্ত শূল দ্বারা মাতলিকে প্রহার করিল। ইন্দ্রসারথি সত্ত্ব অবলম্বন পূর্ব্বক শূল প্রহার জন্য দুঃসহ বেদনা সহ্য করিলে দেবেন্দ্র ক্রুদ্ধ হইয়া বজ্রাঘাতে জম্ভাসুরের মুণ্ড কাটিয়া ফেলিলেন ॥ ৯ ॥

জম্ভং শ্রুত্বা হতং তস্য জ্ঞাতয়ো নারদাদৃষেঃ। নমুচিঃ সবলঃ পাকস্তত্র পেতুস্ত্বরান্বিতাঃ ॥
বচোভিঃ পরুষৈরিন্দ্রং মর্দ্দয়ন্তোঽস্য মর্ম্মসু। শরৈরবাকিরন্মেঘা ধারাভিরিব পর্ব্বতং ॥ ১০ ॥
হরীন্দশশতান্যাজৌ হর্য্যশ্বস্য বলঃ শরৈঃ। তাবদ্ভিরর্দ্দয়ামাস যুগপল্লঘুহস্তবান্ ॥
শরাভ্যাং মাতলিং পাকো রথঞ্চোপর্য্যধঃ পৃথক্। সকৃৎ সন্ধানমোক্ষেণ তদদ্ভুতমভূদ্রণে ॥ ১১ ॥
নমুচিঃ পঞ্চদশভিঃ স্বর্ণপুঙ্খৈর্মহেষুভিঃ। আহত্য ব্যনদৎ সংখ্যে সতোয় ইবতোয়দঃ ॥ ১২ ॥
সর্ব্বতঃ শরকূটেন শক্রং সরথসারথিং। ছাদয়ামাসুরসুরাঃ প্রাবৃট সূর্য্যমিবাম্বুদাঃ ॥ ১৩ ॥
অলক্ষয়ন্তস্তমতীব বিহ্বলা বিচুক্রুশুর্দেবগণাঃ সহানুগাঃ।
অনায়কাঃ শত্রুবলে বিসর্জ্জিতা বণিক্‌পথা ভিন্ননবো যথার্ণবে ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

নমুচির্ব্বলঃ পাকশ্চেতি ত্রয় আজগ্মুঃ ॥ ১০ ॥
ত্রয়াণাং পৃথগ্বিক্রমানাহ হরীনিতি ত্রিভিঃ। হর্য্যশ্বস্য ইন্দ্রস্য তাবদ্ভির্দশভিঃ শতৈঃ ॥ ১১ ॥
আহত্য ইন্দ্রং বিদ্ধা ॥ ১২ ॥
প্রাবৃট্‌কালীনং সূর্য্যং ॥ ১৩ ॥
বণিক্‌পথা বণিজঃ। ভিন্না নৌ র্যেষাং তে ভিন্ননাব ইত্যর্থঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হর্য্যশ্বস্য পীতবর্ণাশ্বস্য হরির্না কপিলে ত্রিষিত্যমরঃ। তাবদ্ভির্দশভিঃ শতৈঃ শরাভ্যামিতি মাতলিশরেন রথঞ্চ শরেনেত্যর্থঃ ॥১১--১৩
বণিক্‌পথা বণিজঃ। ভিন্ননবঃ ভিন্ননৌকাঃ ॥ ১৪ ॥

হে নৃপ। জম্ভাসুর নিহত হইল এই কথা নারদের মুখে শ্রবণমাত্র তাহার জ্ঞাতি নমুচি, বল ও পাক এই তিন দানব ত্বরান্বিত হইয়া তথায় আগমন করিল এবং বিবিধ পরুষ বচনে দেবেন্দ্রের মর্ম্ম-বেধ করিতে করিতে যেমন মেঘ সকল বারিধারা দ্বারা পর্ব্বতকে আচ্ছন্ন করে, তাহার ন্যায় শরবর্ষণ দ্বারা তাঁহাকে আকীর্ণ করিল ॥ ১০ ॥

বল নামা অসুর অতিশয় লঘুহস্ত, সে সমরাঙ্গনে দশ শত শর দ্বারা দেবরাজের দশ শত অশ্ব বিমর্দ্দিত করিল। পাক নামা অসুর দুই শরে দেবেন্দ্রের রথ ও সারথিকে অর্দ্দিত করিল। একবার মাত্র সন্ধান ও মোচনেই ঐ দুই পৃথক্ পৃথক্ উপরে ও নীচে আহত হইল সুতরাং ঐ ব্যাপার সমর ক্ষেত্রে অতিশয় অদ্ভুত বলিয়া প্রকাশ পাইল ॥ ১১ ॥

তদনন্তর নমুচি স্বর্ণপুঙ্খ সুমহৎ পঞ্চদশ শরে দেবরাজকে বিদ্ধ করিয়া রণাঙ্গনে সজল-জলদের তুল্য ভয়ঙ্কর গর্জ্জন আরম্ভ করিল ॥ ১২ ॥

হে রাজন্! মেঘ সকল যদ্রূপ বর্ষাকালে সূর্য্যকে আচ্ছাদিত করে তাহার ন্যায় অসুরগণ শর দিয়া রথ ও সারথি সহিত ইন্দ্রকে সর্ব্বতোভাবে আচ্ছন্ন করিল ॥ ১৩ ॥

দেবতারা তাঁহাকে দেখিতে না পাওয়াতে সমুদ্র মধ্যে নৌকাভঙ্গে বণিক্‌গণ যেমন কাতর হয়, তাহার ন্যায় অনুচর বর্গের সহিত বিহ্বল হইয়া চীৎকার করিতে লাগিলেন। তাঁহাদের মনে হইল আমরা নায়কশূন্য হইয়া শত্রুহস্তে পড়িলাম ॥ ১৪ ॥

ততস্তুরাষাড়িষুবদ্ধপঞ্জরাদ্বিনির্গতঃ সাশ্বরথধ্বজাগ্রণীঃ।
বভৌ দিশঃ খং পৃথিবীঞ্চ রোচয়ন্ স্বতেজসা সূর্য্য ইব ক্ষপাত্যয়ে॥
নিরীক্ষ্য পৃতনাং দেবঃ পরৈরভ্যর্দ্দিতাং রণে। উদযচ্ছদ্রিপুং হন্তুং বজ্রং বজ্রধরোরুষা॥
স তেনৈবাষ্টধারেণ শিরসী বলপাকয়োঃ। জ্ঞাতীনাং পশ্যতাং রাজন্ জহার জনয়ন্ ভয়ং॥১৫॥
নমুচিস্তদ্বধং দৃষ্ট্বা শোকামর্ষরুষান্বিতঃ। জিঘাংসুরিন্দ্রং নৃপতে চকার পরমোদ্যমং॥ ১৬॥
অশ্মসারময়ং শূলং ঘণ্টাবদ্ধেমভূষণং। প্রগৃহ্যাভ্যদ্রবৎক্রুদ্ধো হতোঽসীতি বিতর্জ্জয়ন্॥
প্রাহিণোদ্দেবরাজায় বিনদন্মৃগরাড়িব।
তদাপতদ্গগনতলে মহাজবং বিচিচ্ছেদে হরিরিষুভিঃ সহস্রধা।
তমাহনন্নৃপ কুলিশেন কন্ধরে রুষান্বিতস্ত্রিদশপতিঃ শিরো হরন্॥ ১৭॥

শ্রীধরস্বামী।

তুরাষাট্ ইন্দ্রঃ অশ্বাদিসহিতো নির্গতঃ অগ্রণীঃ সারথিঃ॥ ১৫॥
শোকামর্ষাভ্যাং যুক্তয়া রুষা ক্রোধেনান্বিতঃ॥ ১৬॥
ঘণ্টাবৎ ঘণ্টাভির্যুক্তং॥ ১৭॥

ক্রমসন্দর্ভঃ।

নমুচিরিতি শোকাজ্জাতোঽমর্ষোঽসহিষ্ণুতা তস্মাজ্জাতা যা রুট্ জিঘাংসা তয়া যুক্তঃ॥ ১৬॥
প্রাহিণোচ্চ॥ ১৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তুরাষাড়িন্দ্রঃ। অগ্রণীঃ সারথিঃ॥ ১৫॥ ১৬॥
ঘণ্টাবৎ ঘণ্টাযুক্তং॥
শিরোহরন্ হর্ত্তুং॥ ১৭॥

তদনন্তর ইন্দ্র অসুরদিগের বাণবদ্ধপঞ্জর হইতে ধ্বজা-রথ-অশ্ব-সারথি সহিত নির্গত হইয়া, নিশাপগমে দিবাকরের ন্যায় স্বীয় তেজে আকাশ ও দিক্ সকল প্রকাশ করত উদ্দ্যোতিত হইলেন এবং সেনাগণকে সমরে শত্রু কর্ত্তৃক সর্ব্বতোভাবে নিপীড়িত দেখিয়া বজ্র ধারণ পূর্ব্বক বৈরিবিনাশার্থ রোষে স্বীয় অস্ত্র উত্তোলন করিলেন। হে রাজন্! দেবরাজ স্বীয় শস্ত্র দ্বারা সহসা বল ও পাক দুই অসুরের শিরঃ হরণ করিয়া আনিলেন, ইহা দেখিয়া ঐ দুই দানবের জ্ঞাতিগণ ভয়ে ব্যাকুল হইল॥১৫

কিন্তু বল ও পাকের বিনাশ দেখিয়া দানববর নমুচি শোক ও অমর্ষযুক্ত হওত ক্রোধে পরিপূর্ণ হইল এবং ইন্দ্রবধ নিমিত্ত প্রতিজ্ঞা করিয়া অত্যর্থ যত্ন করিতে লাগিল॥ ১৬॥

সে ঘণ্টাযুক্ত এবং হেমভূষণে ভূষিত লৌহময় শূল গ্রহণ করিয়া ক্রোধভরে "অরে হত হইলি" বলিয়া তর্জন করিতে করিতে দেবরাজের প্রতি সেই শস্ত্র নিক্ষেপ করিল। হে রাজন্! ঐ শূল মহাবেগে গগনোপরি উৎপতিত হয়, ইহা অবলোকন করিবামাত্র ত্রিদশাধিপতি স্বীয় শরে ছেদন পূর্ব্বক তাহা সহস্র খণ্ড করিয়া ফেলিলেন, তাহার পরে রোষান্বিত হইয়া শিরোহরণ মানসে সেই দানবের কন্ধরে কুলিশাঘাত করিলেন॥ ১৭॥

তেতোঽস্য ন ত্বচমপি বজ্র ঊর্জ্জিতো বিভেদ যঃ সুরপতিনৌজসেরিতঃ।
তদদ্ভুতং পরমতিবীর্য্যবৃত্রভিত্তিরস্কৃতো নমুচিশিরো ধরত্বচা ॥
তস্মাদিন্দ্রোঽবিভেচ্ছত্রোর্বজ্রঃ প্রতিহতো যতঃ। কিমিদং দৈবযোগেন ভূতং লোকবিমোহনং ॥১৮
যেন মে পূর্ব্বমদ্রীণাং পক্ষচ্ছেদঃ প্রজাত্যয়ে। কৃতো নিবিশতাং ভারৈঃ পতত্রৈঃ পততাং ভুবি ॥১৯
তপঃ সারময়ং ত্বাষ্ট্রং বৃত্রো যেন বিপাটিতঃ। অন্যে চাপি বলোপেতাঃ সর্ব্বাস্ত্রৈরক্ষতত্বচঃ ॥ ২০ ॥
সোঽয়ং প্রতিহতো বজ্রো ময়ামুক্তোঽসুরেঽল্পকে। নাহং তদাদদে দণ্ডং ব্রহ্মতেজোঽপ্যকারণং ॥
ইতি শক্রং বিষীদন্তমাহ বাগশরীরিণী। নায়ং শুষ্কৈরথোনার্দ্রৈর্বধমর্হতি দানবঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

অতিবীর্য্যং বৃত্রমভিনদিতি তথা ॥ ১৮ ॥
পতত্রৈঃ পক্ষৈঃ ॥ ১৯ ॥
সারময়ং বীর্য্যাধিকং ত্বাষ্ট্রং তপ এব বৃত্র স যেন বজ্রেণ ময়া বিপাটিতঃ ॥ ২০ ॥
দণ্ডং লগুড়তুল্যং ব্রহ্মতেজো দধীচঃ সামর্থ্যং ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভূতলোকং বিমোহয়দিত্যেব পাঠঃ ॥ ১৮ ॥
পতত্রৈঃ পততামুৎপততাং ভারৈর্নির্ব্বিশমানানাং ॥ ১৯ ॥ ২০ ॥
নাহমিতি নাদদে নাদাস্যে ইত্যর্থঃ। দদ দানে ইত্যস্মাল্লটিরূপং ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অতিবীর্য্যং বৃত্রমপি অভিনৎ যঃ সোঽপি বজ্রঃ ॥
অবিভেৎ ভীতোঽভূৎ লোকবিমোহনঃ লোকং বিমোহয়তীতি চ পাঠঃ ॥ ১৮ ॥
পতত্রৈঃ পক্ষৈঃ। নিবিশতাং নিবিশমানানাং প্রবিশতামিত্যর্থঃ। তথা ভারৈঃ স্বীয়ৈঃ ভুবি পততাং ॥ ১৯ ॥ ২০ ॥
দণ্ডং লগুড়তুল্যং ॥ ২১ ॥

কিন্তু যদিও সুরপতি কর্ত্তৃক মহাতেজে ঊর্জ্জিত বজ্র নিক্ষিপ্ত হইল, তথাচ তাহা ঐ দানবের দেহ-ত্বক্ও ভেদ করিতে পারিল না, যে বজ্র অতিবীর্য্য বৃত্রাসুরকে বিদীর্ণ করে, তাহা যে নমুচির কন্ধর ত্বকে কুণ্ঠিত হইল, ইহা পরম আশ্চর্য্যের বিষয়! হে রাজন্! বজ্র যাহার নিকট হইতে প্রতিহত হইয়া আসিত দেবরাজ তাহাকে অতিশয় ভয় করিতেন, অতএব ঐ ব্যাপার অবলোকন করিয়া সুরপতি বিস্ময় চিত্তে আপনা আপনি বলিতে লাগিলেন, দৈবযোগে লোকবিমোহন এ কি ঘটিল? ॥ ১৮ ॥

অহো! যখন যখন প্রজাদিগের উপদ্রব হইয়াছে, সে সময় যে সকল গিরি স্ব স্ব ভারে গরিষ্ঠ ও পক্ষযোগে ভূতলে পতিত হইত, আমি যে বজ্র দ্বারা তাহাদের পক্ষ ছেদন করিয়াছি ॥ ১৯ ॥

অপর ত্বষ্টার তপঃসারময় বৃত্রাসুর যাহাতে বিপাটিত হইয়াছে এবং অন্যান্য যে সকল বলবান্ শূরের ত্বক্ কোন প্রকার শস্ত্রে ক্ষত হয় নাই, তাহারাও যদ্দ্বারা বিদারিত হইয়াছে ॥ ২০ ॥

সেই এই বজ্র, এই ক্ষুদ্র অসুরের প্রতি নিক্ষিপ্ত করিলাম, ইহার গাত্রে পড়িয়া প্রতিহত হইল? আঃ! লগুড় তুল্য এই বৃথা কুলিশ টা আর গ্রহণ করিব না, কি খেদের বিষয়! দ্বিজবর দধ্যঞ্চের সামর্থ্যও ব্যর্থ হইল। হে রাজন্! দেবরাজ এই প্রকারে বিষাদ করিতে থাকিলে, অশরীরিণী বাণী তাঁহাকে সম্বোধন করিয়া বলিলেন, হে দেবেন্দ্র! এই দানব শুষ্ক অথবা আর্দ্র বস্তু দ্বারা বধার্হ নহে'॥ ২১ ॥

ময়াস্মৈ যদ্বরো দত্তো মৃত্যুর্নৈবার্দ্রশুষ্কয়োঃ। অতোঽন্যশ্চিন্তনীয়স্তে উপায়ো মঘবন্রিপোঃ॥
তাং দৈবীং গিরমাকর্ণ্য মঘবান্ সুসমাহিতঃ। ধ্যায়ন্ ফেনমথাপশ্যদুপায়মুভয়াত্মকং॥ ২২॥
ন শুষ্কেণ ন চার্দ্রেণ জহার নমুচেঃ শিরঃ। তং তুষ্টুবুর্মুনিগণা মাল্যৈশ্চাবাকিরন্ বিভুং॥
গন্ধর্ব্বমুখ্যৌ জগতুর্বিশ্বাবসুপরাবসূ। দেবদুন্দুভয়ো নেদুর্নর্ত্তক্যো ননৃতুর্মুদা॥
অন্যেঽপ্যেবং প্রতিদ্বন্দ্বান্ বায়ুগ্নিবরুণাদয়ঃ। সূদয়ামাসুরসুরান্ মৃগান্ কেশরিণো যথা॥
ব্রহ্মণা প্রেষিতো দেবান্ দেবর্ষির্নারদো নৃপ। বারয়ামাস বিবুধান্ দৃষ্ট্বা দানবসংক্ষয়ং॥
শ্রীনারদ উবাচ॥
ভবদ্ভিরমৃতং প্রাপ্তং নারায়ণভুজাশ্রয়ৈঃ। শ্রিয়া সমেধিতাঃ সর্ব্বে উপারমতবিগ্রহাৎ॥ ২৩॥
শ্রীশুক উবাচ॥
সংযম্য মন্যুসংরম্ভং মানয়ন্তো মুনের্বচঃ। উপগীয়মানানুচরৈর্যযুঃ সর্ব্বে ত্রিপিষ্টপং॥

শ্রীধরস্বামী।

আর্দ্রশুষ্কাভ্যাং মৃত্যুর্নৈবেতি॥ ২২॥
উভয়াত্মকত্বমেবাহ ন শুষ্কেণ নচার্দ্রেণ ফেনেন। তথাচ শ্রুতিঃ। অপাং ফেনেন নমুচেঃ শির ইন্দ্রোঽদারয়দিতি॥ ২৩॥
অনুচরৈরুপগীয়মানা ইত্যর্থঃ। উপগীয়মানৈরনুচরৈঃ সহেতি বা॥ ২৪॥

ক্রমসন্দর্ভঃ।

ফেণং জলে দৃশ্যমানং উভয়াত্মকং শুষ্কার্দ্রত্ববিরোধাভাবাদুভয়াত্মকং। জলবিকারত্বাৎ শুষ্কাভাবেনানুমিতেঃ। রসাদ্যুপলম্ভা-দার্দ্রত্বাভাবেন প্রত্যক্ষীকৃতেশ্চ॥ ২২॥ ২৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উভয়াত্মকত্বমাহ নেতি। তথাচ শ্রুতিঃ। অপাং ফেনেন নমুচেঃ শির ইন্দ্রোঽদারয়দিতি॥ ২২॥
উপগীয়মানা অনুচরৈরিতি সন্ধিরার্ষঃ॥ ২৩—২৭॥

কারণ আমি ইহাকে বর দিয়াছি আর্দ্র ও শুষ্কেতে ইহার মৃত্যু হইবে না, ইহার যথার্থ অন্য উপায় চিন্তা কর। আকাশবাণী শ্রবণে দেবরাজ সমাহিত চিত্তে ধ্যান করিয়া আর্দ্র অথচ শুষ্ক উভয়াত্মক উপায় ফেণ দেখিতে পাইলেন॥ ২২॥

ফেণা সকল শুষ্কও নহে আর্দ্রও নহে, পর্য্যালোচনা করিয়া তদ্বারাই নমুচির মস্তকচ্ছেদন করিলেন। হে রাজন্! নমুচি নিহত হইলে মুনিগণ দেবেন্দ্রের স্তব এবং মাল্য দ্বারা তদীয় মস্তক আকীর্ণ করিলেন, বিশ্বাবসু ও পরাবসু নামে প্রধান গন্ধর্ব্বদ্বয় গান করিতে লাগিল, দেবতাদিগের দুন্দুভি বাদিত হইল এবং নর্ত্তকী সকল আহ্লাদে নৃত্য আরম্ভ করিল। হে মহারাজ! মহেন্দ্র যে রূপে নমুচির শিরশ্ছেদন করিলেন, বায়ু অগ্নি বরুণাদি অন্যান্য দেবগণও সেইরূপে যেমন কেশরী মৃগ বধ করে তাহার ন্যায়, অসুর নিকরের প্রাণসংহারে প্রবৃত্ত হইলেন। কিন্তু সেই সময় ব্রহ্মার নিয়োগে দেবর্ষি নারদ দেবতাদিগের নিকট আসিয়া উপস্থিত হইলেন এবং দানবক্ষয় দর্শন করিয়া তাঁহাদিগকে নিবারণ করিলেন॥

নারদ কহিলেন, অহে দেবেন্দ্র! তোমরা ভগবান্ নারায়ণের ভুজ আশ্রয় করিয়া অমৃত লাভ করিয়াছ এবং সকলের সর্ব্বসম্পত্তিতে সমৃদ্ধও হইয়াছ আর কেন যুদ্ধ করিতেছ, বিগ্রহ হইতে নিবৃত্ত হও॥২৩॥

শুকদেব কহিলেন, দেবর্ষির বাক্য মান্য করিয়া দেবতারা তৎক্ষণাৎ স্ব স্ব ক্রোধ সম্বরণ করিলেন

যেঽবশিষ্টা রণে তস্মিন্নারদানুমতেন তে। বলিং বিপন্নমাদায় অস্তং গিরিমুপাগমন্ ॥ ২৪ ॥

তত্রাবিনষ্টাবয়বান্ বিদ্যমানশিরোধরান্। উশনা জীবয়ামাস সংজীবন্যা স্ববিদ্যয়া ॥ ২৫ ॥

বলিশ্চোশনসা স্পৃষ্টঃ প্রত্যাপন্নেন্দ্রিয়স্মৃতিঃ। পরাজিতোঽপি নাখিদ্যল্লোকতত্ত্ববিচক্ষণঃ ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে দেবাসুরযুদ্ধমেকাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১১ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

বৃষধ্বজো নিশম্যেদং যোষিদ্রূপেণ দানবান্। মোহয়িত্বা সুরগণান্ হরিঃ সোমমপায়য়ৎ ॥

বৃষমারুহ্য গিরিশঃ সর্ব্বভূতগণৈর্বৃতঃ। সহ দেব্যা যযৌ দ্রষ্টুং যত্রাস্তে মধুসূদনঃ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

অবিনষ্টা অবয়বা যেষু বিদ্যমানাঃ শিরোধরা যেষাং তান্ ॥ ২৫ ॥

প্রত্যাপন্নানি পুনঃ প্রাপ্তানি ইন্দ্রিয়াণি স্মৃতিশ্চ যেন সঃ ॥ ২৬ ॥

॥ * ॥ ইত্যষ্টমে একাদশঃ ॥ * ॥

দ্বাদশে মোহিনীরূপবিভ্রমালোকনোৎসুকং। ভবং সম্মোহয়ামাস হরিঃ পুনরসান্ত্বয়ৎ। অমুষ্মিন্সুরা বিষ্ণুমায়য়া নতদন্তুৎং। ইতি বক্তুং মহাদেবমোহোঽয়মনুবর্ণ্যতে ॥ ০ ॥

হরিঃ সোমমপায়য়দিতি ইদং নিশম্য স যত্রাস্তে তত্র তদ্রূপং দ্রষ্টুং যযাবিত্যান্বয়েণান্বয়ঃ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

অস্তমিতি তত্রৈব তদানীং তেষাং বিগ্রহাৎ। সচ তত্রত্যানাং সূর্য্যাস্তদেশো জ্ঞেয়ঃ ॥ ২৪ ॥

অবিনষ্টাবয়বাদীনেব জীবয়ামাসেতি তেষাং মন্ত্রাণাং প্রভাবঃ সূচিতঃ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে একাদশোঽধ্যায়ঃ ॥ * ॥

প্রথমং ভগবন্তং দর্শয়ন্নাহ দেবদেবেতি ॥ ১—৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একাদশশ্চাষ্টমস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মায়ামোহোদ্দীপকবৈদগ্ধ্যাদৈত্যানাং মোহনেন কিং। ইতি মোহয়িতুং শম্ভুমনৈষীৎ সাত্ত্বিকং হরিঃ ॥ ০ ॥

দ্বাদশে মোহয়ন্ শম্ভুং শপন্ত্যাঃ শম্ভুযোষিতঃ। মোহিন্যা বিভ্রমস্যাসাধারণ্যং তাববুধৎ ॥ ১ ॥

এবং অনুচরগণ কর্ত্তৃক সংস্তুত হইয়া সকলে স্বর্গ ধামে গমন করিলেন। রণক্ষেত্রে দানবদিগের যে সকল ব্যক্তি অবশিষ্ট ছিল তাহারা নারদের অনুমতি ক্রমে বিপন্ন বলিকে লইয়া অস্ত পর্ব্বতে প্রস্থান করিল ॥ ২৪ ॥

হে রাজন্! রণাঙ্গণে পতিত যে যে দানবের অবয়ব একেবারে বিনষ্ট হয় নাই এবং যাহাদের কন্ধর বিদ্যমান ছিল, দৈত্যগুরু উশনা স্বীয় সঞ্জীবনী বিদ্যা দ্বারা তাহাদিগকে পুনর্জীবিত করিলেন ॥ ২৫ ॥

অসুররাজ বলিও শুক্রাচার্য্যের করস্পর্শে পুনরায় ইন্দ্রিয় ও স্মরণ শক্তি প্রাপ্ত হইলেন, ঐ দানব লোকতত্ত্ব বিষয়ে বিচক্ষণ অতএব পরাজিত হইয়াও খিন্ন হয়েন নাই ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি অষ্টমে একাদশ ॥ * ॥

দ্বাদশাধ্যায়ে মোহিনী রূপধারী ভগবান্ হরি কর্ত্তৃক মহাদেবের মোহন ॥ ০ ॥

শুকদেব কহিলেন, রাজন্! ভগবান্ যোষিৎ রূপ ধারণ পূর্ব্বক দানবগণকে মোহিত করিয়া দেবতাদিগকে অমৃত পান করাইয়াছেন। ইহা শ্রবণ করিয়া দেখিবার নিমিত্ত বৃষধ্বজ গিরিশ বৃষোপরি আরোহণ পুরঃসর সমস্ত ভূতগণ ও দেবীর সহিত সেই স্থানে গমন করিলেন, যেখানে ভগবান্ মধুসূদন অবস্থিতি করিতেছেন ॥ ১ ॥

সভাজিতো ভগবতা সাদরং সোময়া ভবঃ। সূপবিষ্ট উবাচেদং প্রতিপূজ্য স্ময়ন্ হরিং ॥ ২ ॥
দেবদেব জগদ্ব্যাপিন্ জগদীশ জগন্ময়। সর্ব্বেষামপি ভাবানাং ত্বমাত্মা হেতুরীশ্বরঃ ॥ ৩ ॥
আদ্যন্তাবস্য যন্মধ্যমিদমন্যদহং বহিঃ। যতোঽব্যয়স্য নৈতানি তৎ সত্যং ব্রহ্মচিদ্ভবান্ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

সোময়া উময়া সহ ॥ ২ ॥

ত্বয়ি কিঞ্চিন্নচাশ্চর্য্যং বয়ং ত্বাশ্চর্য্যমানসাঃ। ইতি বক্ষ্যন্ মহাদেবস্তষ্টাব হরিমষ্টভিঃ। ত্বয়ি মহামায়াবিনি পরমেশ্বরে নহি কিল কিঞ্চিদঘটিতমিব বয়ন্তু পরমকৌতুহলেন দ্রষ্টুমাগতা ইতি বহুধা সম্বোধয়ন্ স্তৌতি হে দেবদেব কুতোঽহং দেবানাং দেব ইত্যত আহ হে জগদ্ব্যাপিন্ তৎ কুতঃ হে জগন্ময়ঃ। তর্হি কিং প্রধানং ন হে জগদীশ তচ্চ কুতঃ তত্রাহ সর্ব্বেষামপি ত্বং হেতুঃ অতঃ ঈশ্বরঃ আত্মাচ্চ ন জড়ং ন প্রধানং ত্বমিত্যর্থঃ ॥ ৩ ॥

নন্বু জগন্ময়ত্বোক্ত্যা জগত উৎপত্ত্যাদিনাঽসত্যত্বেন জাড্যেন চ মমাপি কিং তথাত্বং ক্রষে নহি নহীত্যাহ আদ্যন্তৌ মধ্যঞ্চ অস্য জগতো যতো ব্রহ্মণো ভবন্তি যস্য চাব্যয়স্য এতানি আদ্যন্তমধ্যানি ন সন্তি যচ্চ ব্রহ্ম ইদংকারাস্পদং দৃশ্যং অহঙ্কারাস্পদং দ্রষ্টৃ বহির্ভোজ্যং অন্তৎ ভোক্তৃ চ তৎ সত্যং চিদ্রূপঞ্চ ব্রহ্মৈব ভবান্ অতো ন তব বিকারাদিশঙ্কেত্যর্থঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

অথ ব্রহ্মত্বং দর্শয়ন্নাহ আদ্যন্তাবিতি ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সোময়া উময়া সহ ॥ ২ ॥

হে দেবদেব নন্বু ত্বমপি দেবেষু দীব্যসীতি তত্রাহ হে জগদ্ব্যাপিন্ মম জগন্মধ্যবর্ত্তিত্বাদ্মামপি ত্বং ব্যাপ্নোষীত্যর্থঃ। অতো মৎ সহিতং জগদিদং তব ঈশিতব্যমেবেত্যাহ হে জগদীশ নন্বু বিশ্বেশ্বরত্বেন ত্বমুচ্যসে লোকৈস্তত্রাহ হে জগন্ময় ত্বং চিন্ময়োঽপি জগন্ময়ঃ জগন্ময়ত্বাদীশিতব্যোঽপি ঈশ্বরঃ। নত্বহমীদৃশঃ কিন্তু ব্রহ্মেন্দ্রাদিবদুপচারাদেব বিশ্বেশ্বর ইতি ভাবঃ। নন্বু তর্হি মাং ত্বং প্রধানস্বরূপং ক্রষে তস্যৈব জগদুপাদানত্বপ্রসিদ্ধের্জগদ্বপুষ্টং তত্রাহ সর্ব্বেষাং ভাবানাং বস্তূনাং ত্বমাত্মা চেতয়িতা চ হেতুশ্চ ইত্যতত্ত্বমেবেশ্বর ইতি ভাবঃ ॥ ৩ ॥

নন্বু জগন্ময়ত্বোক্ত্যা জগত উৎপত্ত্যাদীনাং নশ্বরত্বেন জাড্যেন চ মমাপি কিং তথাত্বং ক্রষে নহি নহীত্যাহ আদ্যন্তাবিতি অস্য জগতঃ যৌ আদ্যন্তৌ জন্মমৃত্যু যচ্চ মধ্যং জীবনং যচ্চ ইদং প্রত্যক্ষং বস্তু অন্যৎ পরোক্ষং। অহমহঙ্কারাস্পদং। বহির্মমকারাস্পদং চ বস্তু যতো ভবতি তদ্ব্রহ্মচিদ্রূপো ভবান্ অব্যয়স্য ব্রহ্মণস্তবাদ্যন্তাদীনি ন সন্তি ॥ ৪ ॥

উমার সহিত ভবকে সমাগত দেখিয়া ভগবান্ যথোচিত সমাদর করিলেন এবং যথাযোগ্য পূজা করিয়া উপবেশনার্থ আসন দিলেন, মহাদেব সুখাসীন হইয়া প্রত্যর্চ্চন পূর্ব্বক সবিস্ময় চিত্তে বহু প্রকার সম্বোধন করত ভগবান্‌কে বলিতে লাগিলেন ॥ ২ ॥

হে দেবদেব! হে জগদ্ব্যাপিন্! হে জগন্ময়! হে জগদীশ! আপনি সমস্ত পদার্থের হেতু অতএব ঈশ্বর ও আত্মা ॥ ৩ ॥

ভগবন্ যাঁহা হইতে এই জগতের আদি, অন্ত এবং মধ্য হয়, অব্যয়স্থ প্রযুক্ত যাঁহার ঐ সকল আদি অন্ত ও মধ্য নাই, আর যিনি "এই" শব্দের আস্পদ দৃশ্য পদার্থ এবং "আমি" এই শব্দের আস্পদ দ্রষ্টা ও "বহিঃ" এই পদ বাচ্য ভোজ্য এবং ভোক্তা, সেই সত্য স্বরূপ চিদ্রূপ ব্রহ্ম আপনি, অতএব যদিও আপনাকে জগন্ময় বলিয়া সম্বোধন করিলাম, তথাপি আপনার বিকারাদি শঙ্কা নাই ॥ ৪ ॥

তবৈব চরণাম্ভোজং শ্রেয়স্কামা নিরাশিষঃ। বিসৃজ্যোভয়তঃ সঙ্গং মুনয়ঃ সমুপাসতে ॥ ৫ ॥
ত্বং ব্রহ্মপূর্ণমমৃতং বিগুণং বিশোকমানন্দমাত্রমবিকারমনন্যদন্যৎ।
বিশ্বস্য হেতুরুদয়স্থিতিসংযমানামাত্মেশ্বরশ্চ তদপেক্ষতয়ানপেক্ষঃ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী

তবৈবস্তুত্বে মুমুক্ষূণামাচারঃ প্রমাণমিত্যাহ তবৈবেতি। উভয়তঃ ইহামুত্র চ সঙ্গং ত্যক্ত্বা ॥ ৫ ॥

ননু ব্রহ্মৈব চেদহং তর্হ্যসঙ্গোদাসীনস্য মম চরণাম্ভোজ উপাসনয়া কিং তেষাং তত্রাহ ত্বমিতি। ব্রহ্মত্বেঽপি ত্বং নাত্যন্তমুদাসীনঃ। কিন্তু প্রপঞ্চস্যোদয়াদীনাং হেতুঃ তদুপাধীনাং আত্মনাং জীবানামীশ্বরশ্চ তত্তৎফলদাতা। তৎ কিং রাজাদিবৎ কয়াপ্যপেক্ষয়া সেবকেভ্যঃ ফলং দদামি নহি নহি অনপেক্ষ এব ত্বং তর্হি কিমীশ্বরত্বেন তত্রাহ তৈরাত্মভিস্তত্তৎফলদানার্থমপেক্ষত ইতি তদপেক্ষঃ তস্য ভাবস্তদপেক্ষতা তয়া অনপেক্ষত্বমেব দর্শয়িতুং তদীয়ং ব্রহ্মত্বং বিশিনষ্টি পূর্ণং অমৃতঞ্চ সুখরূপং বিষয়সুখবৈলক্ষণ্যার্থমাহ অবিকারং নিত্যং আনন্দমাত্রঞ্চ অতো বিশোকং। তৎ কুতো বিগুণং। কিঞ্চ। অনন্যৎ ন বিদ্যতেঽন্যদস্মাৎ। ব্রহ্মব্যতিরিক্তা ভাবাদপি নিরপেক্ষত্বমিত্যর্থঃ। তর্হি সর্ব্বাত্মকত্বে তত্তদ্বিকারো দুর্ব্বারস্তত্রাহ অন্যৎ সর্ব্বতো ব্যতিরিক্তঞ্চ কারণত্বাৎ। নহ্যেবম্ভূতসুখাত্মক-ব্রহ্মস্বরূপস্য তবাত্মাপেক্ষাস্তি অতঃ কেবলং ভক্তানুগ্রহার্থমেব তবৈশ্বর্য্যং ন স্বার্থমিত্যর্থঃ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

অতস্তথা তথা স্ফূর্ত্তয়ে ত্বচ্চরণাম্ভোজমেব সেব্যমিত্যাহ। তবৈবেতি। শ্রেয়স্কামা ত্বদ্ভক্তি স্বরূপযোগিমঙ্গলকামাঃ নিরাশিষঃ তদিতরকামনাশূন্যাঃ ॥ ৫ ॥

কথমেকস্য মম ব্রহ্মত্বং ভগবত্বঞ্চ তত্রাহ ত্বং ব্রহ্মেতি। আনন্দমাত্র লক্ষণবিশেষ্যাংশেন ত্বং ব্রহ্মাখ্যঃ। বিশ্বহেতুশক্তিমত্তা বৈশিষ্ট্যেন তু ত্বং ভগবানিত্যর্থঃ। তর্হি কথং সাপেক্ষোঽহং তেন বিশ্বেনাপেক্ষ্যত্বং যস্মাত্তস্মাত্ত্বমনপেক্ষ্য এব লোকবল্লীলা কৈবল্যেন তু তৎ সৃষ্ট্যাদৌ প্রবৃত্তিরিতি ভাবঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তবৈবস্তুত্বে মহতামাচার এব প্রমাণমিত্যাহ তবৈব নতু মম। মম তু সকামা এবেতি ভাবঃ। শ্রেয়স্কামা ভক্তীচ্ছবঃ। উভয়ত্র ইহা মুত্র চ ॥ ৫ ॥

যথা ত্বদ্ভক্তা নিরাশিষঃ তথা ত্বমপি নিরাশীর্নত্বমদাদিরিবৈশ্বর্য্যকামনয়া সেবকসাপেক্ষো যতস্তং বিশ্বস্মাৎ বিলক্ষণস্বরূপ এবেত্যাহ ত্বমিতি ব্রহ্মচিন্ময়ং বিশ্বং ত্বচিৎ। এবং পূর্ণমিত্যাদিবিশেষণৈর্ব্বিশ্বমপূর্ণং। সমৃতিকং সগুণং সশোকং সুখদুঃখাত্মকং সবিকারং তথা ন বিদ্যতে অন্যৎ যতঃ সদ্ব্রহ্ম অনন্যৎ সর্ব্বকারণত্বাৎ। বিশ্বন্তু অন্যৎ চিদ্ভিন্নত্বাৎ তথা ব্রহ্ম অন্যৎ মায়িকজড়বিশ্বভিন্নত্বাৎ বিশ্বন্তু অনন্যং ব্রহ্মকার্য্যত্বাৎ ব্রহ্মকার্য্যত্বমেব স্পষ্টয়তি বিশ্বস্য উদয়াদীনাং হেতুঃ তদুপাধীনামাত্মনাং জীবানামীশ্বরশ্চ তৎফলদাতা তর্হি কিং রাজাদিবৎ কয়াপ্যপেক্ষয়া সেবকেভ্যঃ ফলং দদামি নহি নহি তদপেক্ষতয়া তেষাং অপেক্ষা যত্র স তদপেক্ষস্তস্য ভাবস্তত্তা তবৈব ফলং দদাসি নতু স্বাপেক্ষয়া। তৈর্জীবৈরেব স্বস্বফলপ্রাপ্ত্যর্থং ত্বমপেক্ষ্যসে ইত্যর্থঃ। ত্বন্তু অনপেক্ষঃ স্বপ্রয়োজনার্থং তান্ নাপেক্ষসে ॥ ৬ ॥

প্রভো! আপনি যে এবম্ভূত তদ্বিষয়ে মুমুক্ষু জনের আচারই প্রমাণ, কারণ শ্রেয়স্কাম নিরাশীঃ মুনিগণ ইহকালে ও পরকালে সঙ্গ পরিত্যাগ করিয়া আপনারই চরণকমলের উপাসনা করিয়া থাকেন ॥৫॥

হে ভগবন্! যদিও আপনি সাক্ষাৎ ব্রহ্ম, তথাপি উদাসীন নহেন, আপনি এই জগৎ প্রপঞ্চের সৃষ্টি, স্থিতি, প্রলয় কারণ এবং প্রপঞ্চোপাধি জীব সকলের ঈশ্বর; অর্থাৎ তত্তৎ ফলদাতা কিন্তু আপনি রাজাদির ন্যায় কিছু অপেক্ষা করিয়া সেবকদিগকে ফলদান করেন না, অর্থাৎ অন্যে তত্তৎ আত্মা যাঁরা তত্তৎ ফলদানার্থ যদ্রূপ অপেক্ষা করে, ফলদান বিষয়ে আপনার তদ্রূপ অপেক্ষা নাই। ফলতঃ আপনি পূর্ণ, সুখ স্বরূপ, নিত্য, আনন্দময়, অগুণ এবং অশোক, আপনা হইতে অন্য পদার্থ নাই, অথচ আপনি সর্ব্ব পদার্থ ভিন্ন। ভগবন্! আপনি এতাদৃশ সুখাত্মক ব্রহ্ম স্বরূপ, সুতরাং আপনার অন্য বস্তুতে অপেক্ষা নাই, আপনার ঐশ্বর্য্য কেবল ভক্তানুগ্রহার্থ, আত্মার্থ নহে ॥ ৬ ॥

একস্ত্বমেব সদসদ্দ্বয়মদ্বয়ঞ্চ স্বর্ণং কৃতাকৃতমিবেহ ন বস্তুভেদঃ।
অজ্ঞানতস্ত্বয়ি জনৈর্বিহিতো বিকল্পো যস্মাদ্গুণব্যতিকরো নিরুপাধিকস্য ॥ ৭ ॥
ত্বাং ব্রহ্ম কেচিদবয়ন্ত্যত ধর্ম্মমেক একে পরং সদসতোঃ পুরুষং পরেশং।
অন্যেঽবয়ন্তি নবশক্তিযুতং পরং ত্বাং কেচিন্মহাপুরুষমব্যয়মাত্মতন্ত্রং ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

অনন্তত্বমস্তত্বৈকৈকস্য কুতঃ ইত্যাশঙ্ক্য দৃষ্টান্তেনোপপাদয়তি। সদসৎ কার্য্যকারণরূপং দ্বয়মদ্বয়ঞ্চ পরমকারণং ত্বমেবৈকঃ। কৃতং কুণ্ডলাদিরূপং দ্বয়ং অকৃতঞ্চ কেবলমদ্বয়ং স্বর্ণং যথৈকমেব তদ্বদেবেহ ত্বমিতি। বস্তুতো ভেদো নাস্তি কথং তর্হি ভেদপ্রতীতি-স্তত্রাহ অজ্ঞানত ইতি। কুতঃ যস্মান্নিরুপাধিকস্যৈব তবায়ং গুণৈর্ব্যতিকরো ভেদো ন স্বতঃ ॥ ৭ ॥

অতএব ত্বাং বহুধা বর্ণয়ন্তি তত্ত্বতস্তু কেঽপি ন জানন্তীত্যাহ দ্বাভ্যাং। ত্বাং ব্রহ্ম বেদান্তিনোঽবয়ন্তি মন্যন্তে ত্বামেব ধর্ম্মং মীমাংসকা মন্যন্তে প্রকৃতিপুরুষয়োঃ পরং পুমাংসং সাংখ্যাঃ। বিমলোৎকর্ষিণী জ্ঞানা ক্রিয়া যোগা প্রহ্বী সত্যেশানানুগ্রহাচেত্যেবং নবশক্তিযুতং পরং পাঞ্চরাত্রাঃ। মহাপুরুষং পাতঞ্জলাঃ ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

এতাবতা ত্বয়ি সুবর্ণ ইব বস্তুভেদো নাস্তি। স্বকার্য্যে সুবর্ণস্যাব্যভিচারবত্তদ্রূপত্বাব্যভিচারাৎ। তথাপি সুবর্ণ ইব ত্বয়ি শুদ্ধে জনৈর্যো বিকল্পো বিবিধকল্পনাবিহিতো মতঃ। স পুনরজ্ঞানত এব কুতঃ যস্মাৎ সূর্য্যবন্নিরুপাধিকস্যৈব সতস্তব যে গুণাঃ রশ্মি প্রতি-চ্ছবি বৈচিত্রীবদ্বহিরঙ্গশক্ত্যংশাঃ সত্ত্বাদয়ঃ। তৈরায়মেব ব্যতিকরোবিকল্পোঽয়ং। তথাপি সূর্য্যং বিনা তদভাবাৎ সূর্য্যত্বমেব তত্র পরামৃষ্টমিতি সুবর্ণদৃষ্টান্তোঽপি সিদ্ধ ইতি ভাবঃ ॥ ৭ ॥ সর্ব্বাংশতস্তু ত্বাং কোঽপি ন জানাতীত্যাহ। ত্বামিতি ॥ ৮ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চ। জীবানাং ত্বদীয়তটস্থশক্তিকার্য্যত্বাৎ তদুপাধের্বিশ্বস্য ত্বদীয়মায়াশক্তিকার্য্যত্বাদিদং চিজ্জড়াত্মকং জগদপি ত্বমেবেত্যাহ এক ইতি। সদসৎ কার্য্যকারণাত্মকং জগত্তত্র দ্বয়ং কার্য্যং বিরাট্। অদ্বয়ং কারণং মহদাদি কিমিব কৃতাকৃতং স্বর্ণমিব। কৃতং কুণ্ডলাদি অকৃতং কেবল স্বর্ণং। ইহ বিরাণ্মহদাদ্যোঃ কার্য্যকারণয়োঃ বস্তুনঃ পরমকারণত্বাত্ত্বত্তোভেদো নাস্তি কার্য্যকারণয়োরভে-দাবগমাৎ বিরাজো মহদাদিকার্য্যত্বাৎ মহদাদের্মায়াকার্য্যত্বাৎ মায়ায়াস্বচ্ছক্তিত্বেন ত্বদ্রূপত্বাদিতি ভাবঃ। অত এতদজ্ঞানত এব ত্বয়ি একস্মিন্নেব জনৈর্ব্বিকল্পঃ বিহিতঃ। জগৎকারণং ব্রহ্মেতি মায়েতি অজ্ঞানমিতি কর্ম্মেতি বিবিধা কল্পনা কৃতা যস্মান্নিরুপাধিকস্য গুণাতীতস্বরূপস্য তব গুণৈরেব ব্যতিকরো ব্যসনং বিবিধরূপা বিপত্তিরিতি যাবৎ যচ্ছক্তয়োবদতাং বাদিনাং বৈ বিবাদসংবাদভুবো ভবন্তীতি হংসগুহ্যোক্তেঃ। অথ ব্যতিকরঃ পুংসি বাসনব্যতিসঙ্গয়োরিতি মেদিনী ॥ ৭ ॥

তদেবং স্বস্বমত্যানুসারেণ ত্বামৃষয়ো বহুধা বর্ণয়ন্তীত্যাহ। পরেশং পরমেশ্বরং ত্বাং ব্রহ্ম বেদান্তিনোঽবয়ন্তি মন্যন্তে। ধর্ম্মং মীমাংসকাঃ প্রকৃতিপুরুষয়োঃ পরং সাঙ্খ্যা অন্যে বিমলোৎকর্ষিণী জ্ঞানা ক্রিয়াযোগা প্রহ্বী সত্যা ঈশানা অনুগ্রহা চেত্যেবং নবভিশ্চিচ্ছক্তিভির্মূর্ত্ত-মিশ্রিতং মায়াশক্তেস্তু পরং পাঞ্চরাত্রাঃ। মহাপুরুষং পাতঞ্জলাঃ ॥ ৮ ॥

হে দেব! যেমন কুণ্ডলাদিরূপ স্বর্ণ ও কেবল স্বর্ণ দুই এক বস্তু, তেমনি সৎ অসৎ অর্থাৎ কার্য্য কারণ রূপদ্বয় এবং পরম কারণরূপ অদ্বয় এক আপনিই, অজ্ঞান বশতঃ লোকেরা আপনাতে ভেদকল্পনা করিয়া থাকে, বস্তুতঃ আপনি নিরুপাধি, গুণদ্বারাই আপনার ভেদ হয়, স্বতঃ কোন ভেদ নাই ॥ ৭ ॥

ভগবন্! অজ্ঞান হেতু লোকে বহু প্রকারে আপনার বর্ণনা করে কিন্তু কেহই তত্ত্ব অবগত নহে। কোন ব্যক্তিরা (বেদান্তিরা) আপনাকে ব্রহ্ম বলিয়া মান্য করেন, কেহ কেহ (মীমাংসকেরা) আপনাকে ধর্ম্ম বলিয়া থাকেন, কতকগুলি ব্যক্তি (সাংখ্যবেত্তারা) প্রকৃতি পুরুষের পর পুরুষ বলিয়া বর্ণন করেন, অন্যেরা (পঞ্চরাত্রজ্ঞ ব্যক্তিরা) নব শক্তি যুক্ত পরপুরুষ বলিয়া নির্দ্দেশ করেন, অপরেরা (পাতঞ্জল দর্শনবেত্তারা) আত্মতন্ত্র মহাপুরুষ বলিয়া থাকেন ॥ ৮ ॥

নাহং পরায়ুর্ঋষয়ো.ন মরীচিমুখ্যা জানন্তি যদ্বিরচিতং খলু সত্ত্বসর্গাঃ।
যন্মায়য়া মুষিতচেতস ঈশ দৈত্যমর্ত্ত্যাদয়ঃ কিমুত শশ্বদভদ্রবৃত্তাঃ॥ ৯॥
স ত্বং সমীহিতমদঃ স্থিতিজন্মনাশং ভূতেহিতঞ্চ জগতো ভববন্ধমোক্ষৌ।
বায়ুর্যথা বিশতি খঞ্চ চরাচরাখ্যং সর্ব্বং তদাত্মকতয়াবগমোঽবরুন্ৎসে॥ ১০॥
অবতারা ময়া দৃষ্টা রমমাণস্য তে গুণৈঃ। সোঽহং তদ্দ্রষ্টুমিচ্ছামি যত্তে যোষিদ্বপুর্ধৃতং॥

শ্রীধরস্বামী।

পরায়ুর্ব্রহ্মা সত্ত্বসর্গা সত্ত্বগুণেন সৃষ্টা অপি যেন ত্বয়া বিরচিতং বিশ্বমপি খলু তত্ত্বতো ন জানন্তি কিং পুনস্ত্বাং হে ঈশ অতত্রং রাজসং তামসঞ্চ বৃত্তং উৎপত্তির্বৃত্তিশ্চ যেষাং তে ন জানন্তীতি কিমুত বক্তব্যং॥ ৯॥

ত্বন্ত সর্ব্বং জানাসীত্যাহ স ত্বং সর্ব্বং অবরুন্ৎসে ব্যাপ্নোষি জানাসি কিং তৎসর্ব্বং সমীহিতং স্বকৃতং অদঃ স্থিতি জন্মনাশং অমুষ্য জগতো জন্মাদিভূতানামীহিতঞ্চ জগতো ভববন্ধঞ্চ মোক্ষঞ্চ। ব্যাপ্তৌ দৃষ্টান্তঃ চরাচরাখ্যং দেহজাতং খঞ্চ যথা বায়ুরাবিশতি তথা কথমবরুন্ধে তদাত্মকতয়া তস্য সর্ব্বস্যাত্মতয়েত্যর্থঃ। আত্মত্বে হেতুঃ অবগমো জ্ঞানস্বরূপ ইতি॥ ১০॥

এবং স্তুত্বা প্রস্তুতং বিজ্ঞাপয়তি অবতারা ইতি দ্বাভ্যাং॥ ১১॥

ক্রমসন্দর্ভঃ।

স ত্বমিতি টীকায়াং অবরুন্ৎসে ব্যাপ্নোষি জানাসি চেত্যর্থ ইত্যেব ব্যাখ্যেয়া॥ ১০॥ ১১॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যদ্যপি সর্ব্বমতেষু মধ্যে পঞ্চরাত্রমেব ভগবন্মতং পঞ্চরাত্রস্য কৃৎস্নস্য বক্তা তু ভগবান্ স্বয়মিত্যুক্তে স্তুত্যাঞ্চ নারদ ভৃশং ভগবান্ বিবৃদ্ধভাবেন সাধু পরিতুষ্ট উবাচ যোগং। জ্ঞানঞ্চ ভাগবতমাত্মসতত্ত্বদীপং যদ্বাসুদেবশরণা বিদুরঞ্জসৈবেত্যুক্তেস্তদেব তত্ত্বং তদেব মহাভক্তস্য শম্ভোরপি মতং তদপি জানীম ইত্যভিমানিনো ন জানন্তীত্যাশয়েনাহ নেতি ন কেবলমহং ন জানামি কিন্তু পরায়ুর্দ্বিপরার্দ্ধজীবী ব্রহ্মা সত্ত্বগুণেন সৃষ্টা অপি যেন ত্বয়া বিরচিতং বিশ্বমপি খলু তত্ত্বতো ন জানন্তি কিং পুনস্ত্বাং হে ঈশ অভদ্রং রাজসং তামসঞ্চ বৃত্তং যেষাং তে তং ত্বা ন জানন্তীতি কিমুত বক্তব্যং তেন পূর্ব্বোক্তাঃ শাস্ত্রকৃতোঽপ্যভিমানিনো ন জানন্তীতি ভাবঃ॥ ৯॥

তর্হি কো জানাতীতি চেত্তত্র ত্বমেব স্বং পরঞ্চ জানাসীত্যাহ স প্রসিদ্ধস্ত্বং সর্ব্বমবগমঃ অবগচ্ছন্ জানন্নেব সন্নবরুন্ৎসে ব্যাপ্নোষি। কিং তৎ সর্ব্বং সমীহিতং স্বকৃতং অমুষ্য জগতঃ স্থিত্যাদিভূতানাং প্রাণিমাত্রাণাং ঈহিতং ভববন্ধঞ্চ তস্মান্মোক্ষঞ্চ বন্ধমোক্ষপ্রকারং জানাসীত্যর্থঃ। ব্যাপ্তিমাত্রে দৃষ্টান্তঃ। বায়ুরিতি খং মহাকাশং স্বস্থানং চরাচরাখ্যং দেহজাতং চ যথা বিশতি তথৈব ত্বং নিজধামবৈকুণ্ঠমধ্যাসীন এব তদাত্মকতয়া তস্য সর্ব্বস্যাত্মতয়েত্যর্থঃ॥ ১০॥

অভিলষিতং ব্রূহীতি চেত্তত্রাহ। অবেতি গুণৈর্ভক্তবাৎসল্যাদিভিঃ॥

হে ঈশ! ব্রহ্মা, আমি (মহেশ্বর) এবং মরীচি প্রভৃতি মুনি, এ সকল ব্যক্তি সত্ত্বগুণে সৃষ্ট হইয়াছেন, আপনার মায়ায় ইহাঁদের চিত্ত অপহৃত হওয়াতে ইহাঁরাও আপনার রচিত এই ব্রহ্মাণ্ড তত্ত্বতঃ জানিতে পারিতেছেন না, ইহাতে দৈত্য মর্ত্ত্য প্রভৃতি, যাহাদের উৎপত্তি ও বৃত্তি রাজস এবং তামস তাহারা আপনাকে জানিবে কি? অর্থাৎ তাহারা যে আপনাকে জানে না তাহা কি আবার বলিতে হয়॥ ৯॥

পরন্তু আপনি জগতের জন্ম স্থিতি নাশ, প্রাণি সকলের চেষ্টা এবং জগতের ভববন্ধন ও মোচন সকলই জানেন। বায়ু যেমন চর ও অচর দেহ সমূহ এবং আকাশ ব্যাপিয়া রহিয়াছে, তেমনি আপনি আত্মতত্ত্ব রূপে সমুদায় চরাচর ব্যাপিয়া আছেন, আপনি জ্ঞান স্বরূপ, সুতরাং সকলের আত্মা॥ ১০॥

প্রভো! আপনি গুণ দ্বারা রমণ করত যে যে অবতার গ্রহণ করেন, আমি সে সকল দর্শন করিয়া

যেন সম্মোহিতা দৈত্যাঃ পায়িতাশ্চামৃতং সুরাঃ। তদ্দিদৃক্ষব আয়াতাঃ পরং কৌতূহলং হি নঃ॥

শ্রীশুক উবাচ॥

এবমভ্যর্থিতো বিষ্ণুর্ভগবান্ শূলপাণিনা। প্রহস্য ভাবগম্ভীরং গিরিশং প্রত্যভাষত॥ ১১॥

কৌতূহলায় দৈত্যানাং যোষিদ্বেশো ময়া ধৃতঃ। পশ্যতা সুরকার্য্যাণি গতে পীযূষভাজনে॥ ১২॥

তত্তেঽহং দর্শয়িষ্যামি দিদৃক্ষোঃ সুরসত্তম। কামিনাং বহুমন্তব্যং সঙ্কল্পপ্রভবোদয়ং॥

শ্রীশুক উবাচ॥

ইতি ব্রুবাণো ভগবাংস্তত্রৈবান্তরধীয়ত। সর্ব্বতশ্চারয়ংশ্চক্ষুর্ভব আস্তে সহোময়া॥ ১৩॥

শ্রীধরস্বামী

সুরকার্য্যাণি যোষিদ্বেশেন ভবিষ্যন্তীতি পশ্যতা অয়ং ভাবঃ। অবশ্যং তাবদুন্মত্তান্ দৈত্যান্ বঞ্চয়িত্বা দেবেভ্যোঽমৃতং দেয়ং নচৈবং বৈষম্যং রূপান্তরেণ কর্ত্তুমুচিতং অতো বঞ্চনমোহনাদিসারং কামিনীরূপং ময়া ধৃতমিতি॥ ১২॥

তদ্রূপং দর্শয়িষ্যামি। সঙ্কল্পপ্রভবঃ কামস্তস্যোদয়ো যস্মাৎ॥ ১৩॥

ক্রমসন্দর্ভঃ।

দৈত্যানাং কৌতূহলায় তদ্দ্বারা বঞ্চনায়॥ ১২॥ সংকল্পপ্রভবোদয়ং উপাসনয়া বরযোষিৎপ্রদং॥ ১৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রহস্যেতি স্বস্য যোগেশ্বরত্বং লোকেষু প্রখ্যাপয়িতুং মোহিনীং দিদৃক্ষসে চেৎ সত্যং তে তৎ সর্ব্বং ব্যক্তী ভবিষ্যতীতি ভাবঃ। ভাবগম্ভীরং মহাদেবেনাপি দুষ্প্রবেশং॥ ১১॥

দৈত্যানাং কৌতূহলায়েতি তাদৃশানামেব মোহজনকং তদতিবিস্ময়াস্পদং যোষিদ্বপুঃ যুষ্মাকং যোগেশ্বরাণান্তু তদকিঞ্চিৎকরং নহি মৃগয়ুং মৃগো হিংসিতুং ক্ষমত ইতি ভাবঃ। দৈত্যানামিতি তত্রৈব স্থিতাঃ সাত্ত্বিকত্বাদ্দেবা অপি নৈব মুমুহুরিতি ভাবঃ। নহু দৈত্যানাং তুচ্ছানাং কৃতে কোঽয়ং তে যত্নস্তত্রাহ পশ্যতেতি গত্যন্তরাভাবাদিতি ভাবঃ॥ ১২॥

ভবতু যথা যথা তদপি তদর্থমেতাবদ্দূরগমনং তব ন মোঘং ভবিতুমর্হতীত্যাহ তদিতি। দিদৃক্ষোরিত্যন্যথা তে তত্রৈব বিশিষ্ট-বুদ্ধির্নাপযাস্যত্যেবেতি ভাবঃ। সঙ্কল্পপ্রভবঃ কামস্তস্যোদয়ো যস্মাদতঃ কামিনাং বহুমন্তব্যং তব তু কামশত্রোঃ কাম উদ্ভবিতুং নৈব শক্নোতি তদপি কৌতুকং চেৎ পশ্যেতি ভাবো বাহ্যঃ অভ্যন্তরস্ত কামজেতুরপি মহাযোগীশ্বরস্যাপি তব তদ্দিদৃক্ষৈব কামসিন্ধুমহাবর্ত্ত-নিঃক্ষেপে হেতুরভূৎমম নাত্র দোষ ইতি ভাবঃ॥ ১৩॥

থাকি, অতএব আপনি সম্প্রতি যে যোষিৎ রূপ ধারণ করিয়াছিলেন, তাহা দেখিতে বাসনা করি। যে মোহিনীরূপে দুর্ম্মদ দৈত্যগণকে মোহিত করিলেন এবং দেবতাদিগকে অমৃত পান করাইলেন, সেই যোষিৎ রূপ দর্শনাভিলাসে আমরা আগমন করিতেছি, ঐ বিষয়ে আমাদের পরম কৌতূহল জন্মিয়াছে॥

শুকদেব কহিলেন, হে রাজন্! শূলপানির এই প্রকার অভ্যর্থনায়, ভগবান্ হাস্য করিয়া গম্ভীর-ভাবে কহিতে লাগিলেন॥ ১১॥

হে দেবদেব! অমৃতপাত্র অসুরদিগের হস্তগত হইলে আমি বিবেচনা করিলাম "যোষিদ্বেশেই সুরকার্য্য হইবে" অর্থাৎ উন্মত্ত দৈত্যদিগকে বঞ্চনা করিয়া দেবতাদিগকে অমৃত দিতে হইবে, কিন্তু রূপান্তর আশ্রয় ব্যতিরেকে ঐ রূপ বৈষম্য করা যাইতে পারে না, অতএব দানবদিগের কৌতূহলার্থ বঞ্চন মোহনাদির সার স্বরূপ, কামিনী রূপ ধারণ করিয়াছিলাম॥ ১২॥

হে দেবোত্তম! আপনি আমার সেই রূপ দর্শন করিতে অভিলাষ করিতেছেন, ভাল, আপনাকে দেখাইব। সেই রূপ কামিদিগের বহুমান্য, তাহা হইতে মদনের আবির্ভাব হয়॥

শুকদেব কহিলেন, রাজন্! ভগবান্ এই কথা বলিতে বলিতে সেই স্থানেই অন্তর্দ্ধান হইলেন। তদ্দর্শনে মহাদেব উমার সহিত সকল দিকে চক্ষুঃ সঞ্চারণ করত সোৎসুকচিত্ত হইয়া রহিলেন॥ ১৩॥

ততো দদর্শোপবনে বরস্ত্রিয়ং বিচিত্রপুষ্পারুণপল্লবদ্রুমে।
বিক্রীড়তীং কন্দুকলীলয়া লসদ্দুকূলপর্য্যস্তনিতম্বমেখলাং ॥ ১৪ ॥
আবর্ত্তনোদ্বর্ত্তনকম্পিতস্তনপ্রকৃষ্টহারোরুভরৈঃ পদে পদে।
প্রভজ্যমানামিব মধ্যতশ্চলৎ পদপ্রবালং নয়তীং ততস্ততঃ ॥ ১৫ ॥
দিক্ষু ভ্রমৎ কন্দুকচাপলৈর্ভৃশং প্রোদ্বিগ্নতারায়তলোললোচনাং।
স্বকর্ণবিভ্রাজিতকুণ্ডলোল্লসৎ কপোলনীলালকমণ্ডিতাননাং ॥ ১৬ ॥
শ্লথদ্দুকূলং কবরীঞ্চ বিচ্যুতাং সংনহ্যতীং বামকরেণ বল্গুনা।
বিনিঘ্নতীমন্যতরেণ কন্দুকং বিমোহয়ন্তীং জগদাত্মমায়য়া ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

বিচিত্রাণি পুষ্পাণি অরুণাঃ পল্লবাশ্চ যেষাং তে দ্রুমা যস্মিন্। লসদ্দুকূলেন পর্য্যস্তে পরিবৃতে নিতম্বে মেখলা যস্যাস্তাং ॥ ১৪ ॥
উৎপতৎ পতৎকন্দুকলীলাবশেন যে আবর্ত্তনোদ্বর্ত্তনে নমনোন্নমনে তাভ্যাং কম্পিতয়োঃ স্তনয়োঃ প্রকৃষ্টহারাণাঞ্চ উরুভরৈঃ প্রতিপদং মধ্যে প্রভজ্যমানামিব চলৎপদমেব প্রবালবৎ কোমলং ততস্ততো নয়ন্তীং ॥ ১৫ ॥
দিক্ষু ভ্রমতঃ কন্দুকস্য চাপলৈশ্চাঞ্চল্যৈর্ভৃশং প্রোদ্বিগ্নতারে আয়তে লোলে লোচনে যস্যাঃ। স্বকর্ণাভ্যাং বিভ্রাজিতে কুণ্ডলে তাভ্যামুল্লসন্তৌ কপোলৌ তাভ্যাঞ্চ নীলালকৈশ্চ মণ্ডিতমাননং যস্যাঃ ॥ ১৬ ॥
সংনহ্যন্তীং বধ্নতীং জগদ্বিমোহয়ন্তীং ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত ইতি চতুষ্কং ॥ ১৪—২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

লসদ্দুকূলেন হেতুনা পরি সর্ব্বতোভাবেন অস্তে অদর্শনং প্রাপ্তে নিতম্বে মেখলা যস্যাস্তাং ॥ ১৪ ॥
ঊর্দ্ধমুৎক্ষিপ্তং কন্দুকং গ্রহীতুং যৎ খল্বাবর্ত্তনমাবৃত্তিস্তদনন্তরমুদ্বর্ত্তনমুন্মুখত্বেন বৃত্তিস্তেন কম্পিতয়োঃ প্রকৃষ্টহারাণাঞ্চোরুভারৈঃ প্রতিপদং মধ্যতঃ মধ্যদেশে ভজ্যমানামিব চলৎ পদমেব প্রবালবৎ অরুণং ততস্ততো নয়ন্তীং ॥ ১৫ ॥
দিক্ষুভ্রমতঃ কদাচিৎ চতুর্দ্দিক্ষু ক্ষিপ্যমাণস্য কন্দুকস্য চাপলৈশ্চাঞ্চল্যৈর্হেতুভিঃ প্রোদ্বিগ্নতারে আয়তে লোলে লোচনে যস্যাস্তাং।১৬
সংনহ্যন্তীং বধ্নতীং আত্মনো মায়য়া বহিরঙ্গশক্ত্যৈব জগন্মোহয়ন্তীং সম্প্রতি জিতমায়মাত্মারামমপি শম্ভুং আত্মস্বরূপেণৈব মোহয়ন্তীমিতি ভাবঃ ॥ ১৭ ॥

কিয়ৎক্ষণ পরে উপবন মধ্যে, যেখানে তরু সকল বিচিত্র কুসুম ও অরুণবর্ণ পল্লবে শোভা পাইতেছিল, তথায় পরম সুন্দরী একটী রমণী দেখিতে পাইলেন। তাঁহার নিতম্বদেশে উজ্জ্বল কৌশেয় বসন এবং তদুপরি মেখলা দীপ্তি পাইতেছিল, তিনি কন্দুক লইয়া ক্রীড়া করিতেছিলেন ॥ ১৪ ॥

পতন উৎপতনশীল কন্দুক ক্রীড়া বশতঃ তদীয় শরীর নত ও উন্নত হওয়াতে স্তনদ্বয় এবং মনোহর হার এরূপ কম্পিত হইতেছিল, বোধ হইল যেন ঐ সকলের গুরুভারে তিনি মধ্যভাগে ভগ্না হইয়া আপনার প্রবাল তুল্য কোমল চরণ ইতস্ততঃ নীত করিতেছেন ॥ ১৫ ॥

অপর প্রতিদিকে ক্রীড়ন কন্দুক চঞ্চল হওয়াতে তদীয় সুদীর্ঘ লোল লোচনদ্বয়ের তারা যেন সচকিৎ হইতেছিল। আর কর্নদ্বয়ের শোভাতেই যে কুণ্ডলদ্বয়ের সাতিশয় শোভা হইয়াছিল, সেই কুণ্ডলদ্বয় এবং নীলবর্ণ চূর্ণকুন্তলে বদনমণ্ডল আশ্চর্য্যরূপমণ্ডিত বোধ হইল ॥ ১৬ ॥

গাত্র হইতে দুকূল শ্লথ এবং মস্তক হইতে কবরী স্খলিত হওয়াতে বাম কর দিয়া তিনি ঐ দুই বন্ধন, আর দক্ষিণ কর দিয়া ক্রীড়া কন্দুক আঘাত করিতেছিলেন, তদ্বিষয়ক ভাবভঙ্গিতে এমত প্রকাশ পাইতেছিল, যেন আত্মমায়া দ্বারা জগৎ মুগ্ধ করিতেছেন ॥ ১৭ ॥

তাং বীক্ষ্য দেব ইতি কন্দুকলীলয়েষদ্‌ব্রীড়াস্ফুটস্মিতবিসৃষ্টকটাক্ষমুষ্টঃ।
স্ত্রীপ্রেক্ষণপ্রতিসমীক্ষণবিহ্বলাত্মা নাত্মানমন্তিক উমাং স্বগণাংশ্চ বেদ ॥ ১৮ ॥
তস্যাঃ করাগ্রাৎ স তু কন্দুকো যদা গতো বিদূরং তমনুব্রজৎ স্ত্রিয়াঃ।
বাসঃ সসূত্রং লঘুমারুতোঽহরদ্ভবস্য দেবস্য কিলানুপশ্যতঃ ॥ ১৯ ॥
এবং তাং রুচিরাপাঙ্গীং দর্শনীয়াং মনোরমাং। দৃষ্ট্বা তস্যাং মনশ্চক্রে বিসজ্জন্ত্যাং ভবঃ কিল ॥ ২০
তয়াপহৃতবিজ্ঞানস্তৎকৃতস্মরবিহ্বলঃ। ভবান্যা অপি পশ্যন্ত্যা গতহ্রীস্তৎপদং যযৌ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

তাং বীক্ষ্য দেবঃ শ্রীরুদ্রঃ আত্মানং অন্তিকে স্থিতামুমাং স্বগণাংশ্চ ন বেদ কথম্ভূতঃ ইতি বা কন্দুকলীলা তয়া ঈষদ্ব্রীড়া তয়া অস্ফুটং স্মিতং তেন সহ বিসৃষ্টো যঃ কটাক্ষস্তেন মুষ্টো বঞ্চিতঃ অতএব স্বয়ং স্ত্রিয়াঃ প্রেক্ষণং তয়া চ প্রতিসমীক্ষণং তাভ্যাং বিহ্বল আত্মা মনো যস্য ॥ ১৮ ॥
তং কন্দুকমনুব্রজন্ত্যাঃ স্ত্রিয়াঃ লঘু সূক্ষ্মং বাসঃ। সসূত্রং কাঞ্চীসহিতং ॥ ১৯ ॥
বিসজ্জন্ত্যাং কুঞ্চিতকটাক্ষৈরাত্মানং নিরীক্ষমাণায়াং ॥ ২০ ॥
তৎপদং তস্যাঃ পদং সমীপং যযৌ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দেবঃ শ্রীরুদ্রঃ। ইতোবস্তুতয়া কন্দুকলীলয়ৈব মাং কশ্চিৎ সুন্দরঃ পুরুষঃ পশ্যতীতি প্রত্যায়িতয়া বুদ্ধ্যা বা ঈষদ্ব্রীড়া কন্দর্পবিকারদ্যোতকীকৃতং যৎ স্ফুটস্মিতং তাভ্যাং সহ বিসৃষ্টো যঃ কটাক্ষস্তেন মুষ্টশ্চোরিতবোধৈশ্বর্য্যধৈর্য্যবিবেকাদিস্বাজড়ীভূত ইত্যর্থঃ। স্বয়ং স্ত্রিয়াঃ প্রেক্ষণং তয়া চ প্রতিসমীক্ষণং তাভ্যাং বিহ্বল আত্মা মনো যস্য সঃ ॥ ১৮ ॥
তং কন্দুকং অনুব্রজন্ত্যাঃ স্ত্রিয়াঃ লঘু সূক্ষ্মং বাসঃ সূক্ষ্মশাটিকাং সসূত্রং সূত্রবদ্ধং অহরৎ উচ্চিক্ষেপ ॥ ১৯ ॥
বিসজ্জন্ত্যাং মাং পশ্যতি ন পশ্যতীতি দ্যোতকৈঃ কুঞ্চিতকটাক্ষৈর্মহাদেবে স্বাসক্তিমভিনয়ন্ত্যাং ॥ ২০ ॥
তৎপদং তস্যাঃ স্থানং ॥ ২১ ॥

হে রাজন্! ঐ মোহিনীকে দেখিবামাত্র দেবদেবের আত্মবিস্মরণ হইল। কন্দুক ক্রীড়া করিতে করিতে সেই কামিনী যে ঈষৎ লজ্জা প্রকাশ করিতেছিলেন, তজ্জন্য অস্ফুট হাস্য সহিত নিক্ষিপ্ত, তদীয় কটাক্ষে ঐ দেব একেবারে মোহিত হইয়া পড়িলেন, অতএব সেই রমণীকে নিরীক্ষণ এবং তাহা কর্ত্তৃক নিরীক্ষিত হওন, এই দুই ক্রিয়ায় ঐ বিভুর মনঃ অতিশয় বিহ্বল হইল, সুতরাং আপনাকে এবং নিকটস্থা উমা ও পার্ষদগণকেও জানিতে পারিলেন না ॥ ১৮ ॥

সে যাহা হউক, মোহিনী যে ক্রীড়া কন্দুক লইয়া খেলা করিতেছিলেন, একদা তাঁহার করাগ্র হইতে স্খলিত হইয়া তাহা দূরে গিয়া পড়িল, ইহাতে তিনি যখন সেই ক্রীড়নকের পশ্চাৎ পশ্চাৎ ধাবমানা হইলেন, তৎকালে বায়ুবেগে তাঁহার কাঞ্চি সহিত কটিবসন উত্তোলিত হইল, দেবদেব দণ্ডায়মান হইয়া অনিমিষ নয়নে তাহা দেখিতে লাগিলেন ॥ ১৯ ॥

ঐ প্রকারে মহাদেব যেমন দর্শনীয়া, সেই মনোরমা রামাকে দর্শন করিলেন, সেই ভাবিনীও তেমনি তাঁহার প্রতি কুঞ্চিত কটাক্ষ নিক্ষেপ করিয়া নিরীক্ষণ করিতে লাগিলেন, সুতরাং তাঁহার প্রতি ভগবান্ ভবের মনঃ আসক্ত হইয়া পড়িল ॥ ২০ ॥

মোহিনীর ভাবে দেবদেব ভবের জ্ঞান অপহৃত হইল এবং তিনি কামিনীর কৃত কামবিলাসে বিহ্বল হইলেন, অতএব ভবানী সমক্ষে দণ্ডায়মানা হইয়া দেখিতে থাকিলেও নির্লজ্জ হইয়া সেই সুন্দরীর সমীপে গমন করিলেন ॥ ২১ ॥

সা তমায়ান্তমালোক্য বিবস্ত্রা ব্রীড়িতাভৃশং। নিলীয়মানা বৃক্ষেষু হসন্তী নাম্বতিষ্ঠত ॥
তামন্বগচ্ছদ্ভগবান্ ভবঃ প্রমুদিতেন্দ্রিয়ঃ। কামস্য চ বশং নীতঃ করেণুমিব যূথপঃ ॥
সোঽনুব্রজ্যাতিবেগেন গৃহীত্বা নিচ্ছতীং স্ত্রিয়ং। কেশবন্ধ উপানীয় বাহুভ্যাং পরিষস্বজে ॥
সোপগূঢ়া ভগবতা করিণা করিণী যথা। ইতস্ততঃ প্রসর্পন্তী বিপ্রকীর্ণশিরোরুহা ॥
আত্মানং মোচয়িত্বাঙ্গ সুরর্ষভভুজান্তরাৎ। প্রাদ্রবৎ সা পৃথুশ্রোণী মায়া দেববিনির্ম্মিতা ॥
তস্যাসৌ পদবীং রুদ্রো বিষ্ণোরদ্ভুতকর্ম্মণঃ। প্রত্যপদ্যত কামেন বৈরেণেব বিনির্জ্জিতঃ ॥
অস্যানুধাবতো রেতশ্চস্কন্দামোঘরেতসঃ। শুষ্মিণো যূথপস্যেব বাসিতামনুধাবতঃ ॥
যত্র যত্রাপতন্মহ্যাং রেতস্তস্য মহাত্মনঃ। তানি রুদ্রস্য হেম্নশ্চ ক্ষেত্রাণ্যাসন্মহীপতে ॥ ২২ ॥

শ্রীধরস্বামী

অঙ্গ হে রাজন্ ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিবস্ত্রা স্খলদুত্তরীয়া ॥ সোপগূঢ়েতি যুগ্মকং। মায়েতি মায়য়া বেশমাত্রং নতু স্ত্রীত্বমিতি বোধিতং ॥
যূথপস্য করীন্দ্রস্য ঋতুমতীং করিণীং ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিবস্ত্রা স্খলদুত্তরীয়া নাম্বতিষ্ঠত। ভবং অনুলক্ষীকৃত্য ন স্থিতবতী কিন্তু দুদ্রাবৈব ॥
মায়য়া যোগমায়য়া দেবেন হরিণা বিনির্ম্মিতা প্রকটীকৃতা ॥
ইবেত্যুৎপ্রেক্ষাদ্যোতকং। বস্তুতো ভগবতৈব বিনির্জ্জিত ইত্যর্থঃ ॥
শুষ্মিণো মত্তস্য যূথপস্য হস্তীন্দ্রস্য রেতসোঽমোঘত্বং স্বর্ণত্বেন পরিণামাৎ ॥
রুদ্রস্যেতি। তানি ক্ষেত্রাণি রুদ্রদৈবত্যানি ইত্যতস্তেভ্যো হেমলিপ্সুভিঃ প্রথমং রুদ্রঃ প্রসাদনীয় ইতি ভাবঃ ॥ ২২ ॥

ঐ কামিনী বিবস্ত্রা ছিলেন, ভবকে নিকটে আসিতে দেখিয়া অতিশয় লজ্জিতা হইলেন, তথাচ হাঁসিতে হাঁসিতে বৃক্ষের ব্যবধানে যাইতে লাগিলেন, দাঁড়াইয়া থাকিলেন না। ভগবান্ ভবের ইন্দ্রিয় প্রবল হইয়া উঠিল, তিনিও মদনবশম্বদ হইয়া যূথপতি হস্তী যেমন হস্তিনীর অনুগামী হয়, তাহার ন্যায় ঐ সুন্দরীর পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন। স্বাভাবিক গতি দ্বারা যখন সন্নিহিত হইতে পারিলেন না, তখন অতিবেগে ধাবমান হইলেন, পরে সেই তরুণীকে আপনার সহিত সঙ্গত হইতে অনিচ্ছুক দেখিয়া কেশ গ্রহণ পূর্ব্বক নিকটে আনিয়া বাহু দ্বারা আলিঙ্গন করিলেন। হে রাজন্! হস্তিনী যেমন হস্তি কর্ত্তৃক আশ্লিষ্টা হয়, তাহার ন্যায় সেই ভাবিনী ভগবান্ ভব কর্ত্তৃক আলিঙ্গিতা হইয়া ইতস্ততঃ দৌড়িতে লাগিলেন, তাঁহার মস্তকের কেশ বিশীর্ণ হইতে লাগিল। তাহার পর দেবমায়া বিনির্ম্মিতা সেই বিপুলনিতম্বা অতিশয় কষ্টে দেবদেবের ভুজান্তর হইতে আপনাকে মুক্ত করিয়া ধাবমানা হইলেন। হে রাজন্! অদ্ভুত কথা শ্রবণ কর, ভগবান্ বিষ্ণুই মায়া বিস্তার পূর্ব্বক ঐ কামিনী হইয়াছিলেন, তিনি রমণীরূপে ধাবমানা হইলে, ভগবান্ ভব চিরবৈরি কামকর্ত্তৃক পরাজিত প্রায় হইয়া পুনরায় তাঁহার পদবী অনুসরণ করিতে লাগিলেন। হে মহারাজ! বাসিতার (ঋতুমতী হস্তিনীর) পশ্চাৎ পশ্চাৎ ধাবমান কামুক করির যদ্রূপ রেতঃস্খলন হয়, তাহার ন্যায় সেই মোহিনীর অনুসরণ করিতে করিতে অমোঘ বীর্য্য ভগবান্ ভবের শুক্র স্খলিত হইতে লাগিল। হে কুরুবর্য্য! দেবদেব মহাদেবের সেই শুক্র পৃথিবীর যে যে স্থানে পতিত হয়, সেই সকল স্থান রুদ্রের এবং সুবর্ণের ক্ষেত্র হইয়াছে ॥ ২২ ॥

সরিৎসরঃসু শৈলেষু বনেষূপবনেষু চ। যত্র কচাসন্নৃষয়স্তত্র সন্নিহিতো হরঃ ॥

স্কন্নে রেতসি সোঽপশ্যদাত্মানং দেবমায়য়া। জড়ীকৃতং নৃপশ্রেষ্ঠ সংন্যবর্ত্তত কশ্মলাৎ ॥ ২৩ ॥

অথাবগতমাহাত্ম্য আত্মনো জগদাত্মনঃ। অপরিজ্ঞেয়বীর্য্যস্য ন মেনে তদুহাদ্ভুতং।

তমবিক্লবমব্রীড়মালক্ষ্য মধুসূদনঃ। উবাচ পরমপ্রীতো বিভ্রৎ স্বাং পৌরুষীং তনুং ॥ ২৪ ॥

শ্রীভগবানুবাচ ॥

দিষ্ট্যা ত্বং বিবুধশ্রেষ্ঠ স্বাং নিষ্ঠামাত্মনিস্থিতঃ। যন্মে স্ত্রীরূপয়া স্বৈরং মোহিতোঽপ্যঙ্গ মায়য়া ॥

শ্রীধরস্বামী।

এবং তামনুধাবন্ হরঃ সরিৎ সরঃসু শৈলাদিষু চ সন্নিহিতো বভুব ॥ ২৩ ॥

তদুহ মায়য়া জড়ীকরণং ॥ ২৪ ॥

স্বাং নিষ্ঠাং প্রকৃতিং ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র চ হেমক্ষেত্রাক্রন্দ্রক্ষেত্রঃ বিবিচ্যাহ। সরিদিতি। সরিদাদিষু বিশেষং দর্শয়তি যত্র কচেতি ॥ ২৩ ॥

আত্মনঃ স্বীয় পরমস্বরূপস্য জগতোঽপি পরমস্বরূপস্য তদন্তর্যামিনশ্চ ॥ ২৪ ॥

তদ্রূপতা স্ফুরণাদেবাবিক্লবং পরাভবজগ্লানিরহিতং অব্রীড়ঞ্চ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবং তামনুধাবন্ হরঃ সরিদাদিষু সন্নিহিতো বভূবেতি মোহিন্যাস্তত্র তত্র ধাবনং তত্র তত্রস্থানৃষীন্ হরস্য যোগভ্রংশং সাক্ষাদ্দর্শয়িতু-মিতি ধ্বনিঃ। তেন মুনিভির্যোগারূঢ়ৈরপি বিজিতমপি স্বমনো যুবতিষু ন বিশ্বসনীয়মিতি শিক্ষণমনুধ্বনিঃ ॥

স্কন্নে সংপূর্ণে সতীত্যর্থঃ। মোহিনীপ্রথমদর্শনক্ষণমারভ্যৈবাত্মা জড়ীকৃত এবাসীৎ তদানীমপশ্যদিতি জড়ীকৃতত্বেনানুসন্দধাবিত্যর্থঃ। কশ্মলাৎ মোহিন্যনুধাবনাৎ ॥ ২৩ ॥

অথ স্ববিবেকোৎপত্তি ক্ষণ এব মোহিনীমন্তর্হিতামালক্ষ্য অবগতং স্বমোহবিবেকৌ ভগবদধীনাবিতি মাহাত্ম্যং যেন সঃ আত্মনো হরেঃ। যদ্বা। আত্মনঃ স্বস্য অবগতমাহাত্ম্যঃ জ্ঞাতযোগৈশ্বর্য্যপ্রভাবঃ। তৎ জড়ীকরণং বিবেকপ্রদানঞ্চ অদ্ভুতং ন মেনে। তত্র হেতুঃ জগদাত্মনঃ জগন্মধ্যবর্ত্তিনঃ মামপি মোহয়িতুং প্রবোধয়িতুঞ্চ সমর্থ সৈবেত্যর্থঃ ॥

হন্ত হন্ত মহাযোগেশ্বরোপ্যহং বিষয়ান্ধ এবাভূবমিতানুতাপরাহিত্যাদবিক্লবং। স্বান্তর্যামিনি কা লজ্জেত্যব্রীড়ং। অয়ং ভাবঃ। মাহমন্যেন কেনাপি মোহয়িতুং শক্যো মৎপ্রভুনা তু মন্মোহনং ন দূষণাবহং প্রত্যুত ভূষণাবহমেব মমাপি মোহনং বিনা মৎপ্রভোরাত্যা-ন্তিকং প্রভুত্বমেব কুত ইতি প্রভুত্বাতিশয়ো দাসস্য মে ভক্ত্যুৎকর্ষমেব পুষ্যাতীতি ॥ ২৪ ॥

স্ত্রীরূপয়া মোহিন্যাখ্যস্বরূপভূতয়া মায়য়া মোহিতোঽপি স্বানিষ্ঠাং ভক্ত্যুত্থদৈন্যময়ীং নিরহঙ্কারতামিত্যর্থঃ ॥ ২৫ ॥

ভগবান্ হর ঐ প্রকারে মোহিনীর পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হওয়াতে নদী, সরোবর, শৈল, বন ও উপবনে এবং অন্যান্য যে সকল স্থানে ঋষিগণ থাকেন, সর্ব্বত্রই সন্নিহিত হইয়াছেন। সে যাহা হউক, হে নৃপশ্রেষ্ঠ! রেতঃ স্খলিত হইলে ভগবান্ ভব জানিতে পারিলেন, আমি দেবমায়ায় মুগ্ধ হইয়া জড়ীকৃত হইয়াছি, অতএব ঐ ব্যাপার হইতে নিবৃত্ত হইলেন ॥ ২৩ ॥

তদনন্তর যে জগদাত্মার বীর্য্য অপরিজ্ঞেয়, তাঁহার মাহাত্ম্য স্মরণ করিলেন, সুতরাং মায়া দ্বারা ঐরূপ জড়ীভূত হওনে তাঁহার আশ্চর্য্য বোধ হইল না। তাহার পর ভগবান্ মধুসূদন স্বীয় পুরুষাকার শরীর ধারণ পূর্ব্বক আবির্ভূত হইলেন এবং সেই দেবদেবকে অক্ষুব্ধ ও অলজ্জ দেখিয়া প্রীতি প্রকাশ পুরঃসর নিম্নলিখিত বাক্য কহিতে লাগিলেন ॥ ২৪ ॥

ভগবান্ কহিলেন, দেবশ্রেষ্ঠ! আপনি আমার স্ত্রীরূপা মায়া দ্বারা মোহিত হইয়াও যে পুনরায়

কো নু মেঽতিতরেন্মায়াং বিষক্তস্ত্বদৃতে পুমান্। তাংস্তান্ বিসৃজতীং ভাবান্ দুস্তরামকৃতাত্মভিঃ ॥২৫॥
সেয়ং গুণময়ীমায়া ন ত্বামভিভবিষ্যতি। ময়া সমেতা কালেন কালরূপেণ ভাগশঃ ॥
শ্রীশুক উবাচ ॥
এবং ভগবতা রাজন্ শ্রীবৎসাঙ্কেন সৎকৃতঃ। আমন্ত্র্য তং পরিক্রম্য স্বগণঃ স্বালয়ং যযৌ ॥
আত্মাংশভূতাং তাং মায়াং ভবানীং ভগবান্ ভবঃ। সম্মতামৃষিমুখ্যানাং প্রীত্যাচষ্টাথ ভারত ॥
'অয়ি ব্যপশ্যস্ত্বমজস্য মায়াং পরস্য পুংসঃ পরদেবতায়াঃ।
অহং কলানামৃষভোঽপি মুহ্যে যয়া বশোঽন্যে কিমুতাস্বতন্ত্রাঃ ॥
যং মামপৃচ্ছস্ত্বমুপেত্য যোগাৎ সমাসহস্রান্ত উপারতং বৈ।

শ্রীধরস্বামী।

কালেন সৃষ্ট্যাদিনিমিত্তেন ময়া কালরূপেণ ভাগশো রজ আদ্যংশেন সমেতা মদধীনা সতী। ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

সেয়মিতি। পূর্ব্বন্ত মদিচ্ছয়া মোহিতত্বাৎ ॥
অয়ি ব্যপশ্যস্ত্বমজস্য মায়ামিত্যনেন স্বাংশভূতায়া মায়ায়া দেব্যাঃ সকাশাদস্যাঃ পরমবৈলক্ষণ্যং দর্শিতং ॥
যং মামিত্যাদিকং ভগবৎসন্দর্ভে ভগবত এব পরমতত্ত্বরূপত্বে সমুদাহার্য্যং ॥ ২৬—২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জগন্মোহিন্যা মদ্বহিরঙ্গমায়য়া তু ত্বং নৈব মোহিতো বর্ত্তস ইত্যাহ। কোন্বিতি বিষক্তঃ মায়িকবিষয়াসক্তঃ সন্ কো মায়াং তরেৎ ত্বদৃতে ত্বাং বিনা ত্বন্তু মায়ায়ামাসক্তোঽপি মায়ামতর ইত্যর্থঃ। মায়াং বিশিনষ্টি তাংস্তান্ ভাবান্ রজস্তমোময়ান্ কামাদীন্ ॥
নৈব কেতি চেদতঃ স্বাঙ্গুল্যা তৎসমীপস্থাং দুর্গাং দর্শয়তি। সেয়মিতি কালেন কারণেন ময়া জগৎস্রষ্ট্রা সমেতা সহিতা ময়া কীদৃশেন ভাগশোঽংশেন কলয়তি ঈক্ষণেনাঙ্গীকরোতীতি কালঃ। পুরুষো রূপং যস্য তেন ॥
শ্রীবৎসাঙ্কেনেত্যনেন প্রণতঃ স উত্থাপ্য বক্ষসা সংস্পৃশ্য আলিঙ্গিত ইত্যর্থঃ ॥
শংসতাং প্রশংসন্তীন্ মুনীননাদৃত্য ॥

আপনার প্রকৃতি প্রাপ্ত হইলেন, ইহা পরম ভাগ্য, আপনি আত্মাতে অবস্থিত, কোন সন্দেহ নাই, হে দেব! আপনি ব্যতীত কোন্ পুরুষ আসক্ত হইয়া পুনরায় আমার মায়া উত্তীর্ণ হইতে পারে? আমার মায়া অনির্ব্বচনীয় ভাব প্রকাশ করিয়া থাকে, অকৃতবুদ্ধিজনের সাধ্য কি, তাহা উত্তীর্ণ হয় ॥ ২৫ ॥

যাহা হউক, সেই এই গুণবতী মায়া সৃষ্ট্যাদি নিমিত্ত কাল বশতঃ কালরূপি, আমার সহিত রজঃ প্রভৃতি অংশে মিলিতা, অর্থাৎ আমার অধীনা হইয়া পুনরায় কখন আপনাকে অভিভূত করিতে পারিবে না ॥

শুকদেব কহিলেন, রাজন্! শ্রীবৎসাঙ্ক ভগবান্ এই প্রকারে সৎকার করিলে দেবদেব সম্ভাষণ পূর্ব্বক তাঁহাকে প্রদক্ষিণ করিলেন, পরে আপনার গণ ভূতগণ সমভিব্যাহারে স্বস্থানে প্রস্থান করিলেন। তদনন্তর আপনার অংশরূপিণী সেই মায়া রূপা ভবানী, যিনি প্রধান মুনিদিগের সম্মতা, তাঁহার প্রতি প্রীতি প্রকাশ করিতে করিতে প্রিয় বচনে কহিতে লাগিলেন। প্রিয়ে! পরদেবতা পরমপুরুষ ভগবানের মায়া অবলোকন করিলে, আমি সকল কলার অধীশ্বর, আমিও ইহার বশগ হইয়া মুগ্ধ হইয়াছিলাম, ইহাতে অন্য অস্বতন্ত্র ব্যক্তিদের কথা কি? হে সতি! সহস্র বৎসর পরে আমি যোগ হইতে উপরত হইলে, তুমি যাহার কথা আমাকে জিজ্ঞাসা করিয়াছিলে, উনি সাক্ষাৎ সেই

স এষ সাক্ষাৎ পুরুষঃ পুরাণো ন যত্র কালো বিশতে ন বেদঃ ॥ ২৬॥

শ্রীশুক উবাচ ॥

ইতি তেঽভিহিতস্তাত বিক্রমঃ শার্ঙ্গধন্বনঃ। সিন্ধোর্নির্ম্মথনে যেন ধৃতঃ পৃষ্ঠে মহাচলঃ ॥ ২৭॥

এতন্মুহুঃ কীর্ত্তয়তোঽনুশৃণ্বতো ন রিষ্যতে জাতু সমুদ্যমঃ কচিৎ।

যদুত্তমঃশ্লোকগুণানুবর্ণনং সমস্তসংসারপরিশ্রমাপহং ॥ ২৮॥

অসদবিষয়মঙ্ঘ্রিং ভাবগম্যং প্রপন্নানমৃতমমরবর্য্যানাশয়ৎ সিন্ধুমথ্যং।

